The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online www.ajkalusa.com /weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 849 | 20 December 2024 | শুক্রবার ০৫ পৌষ ১৪৩১



Trump wants to turn the clock on daylight saving time

>> Page 18

Queens Borough President recommends $8 billion Metropolitan Park proposal



>> Page 19



Yunus indicates election by late 2025 or mid 2026

>> Page 19

Assad says he wanted to stay in Syria but Russia evacuated him



>> Page 18

# দুর্নীতিতে চ্যাম্পিয়ন ভাইবোন

আজকাল রিপোর্ট





শেখ হাসিনা পরিবারের দুর্নীতি দেশের গন্ডি পেরিয়ে বিশ্বপরিমন্ডলে আলোচনার ঝড় তুলছে। পলাতক প্রধানমন্ত্রী শেখ হাসিনার পুত্র গত ১৫ বছরে বাংলাদেশ থেকে ৮২ হাজার কোটি টাকা পাচার করেছেন। বৃটেনের সর্বাধিক প্রচারিত প্রভাবশালী ট্যাবলয়েড দৈনিক, ডেইলি মেইলের প্রথম পাতা জুড়ে জায়গা করে নিলেন শেখ হাসিনার ভাগ্নী, বৃটিশ এমপি ও দেশটির জুনিয়র মন্ত্রী টিউলিপ সিদ্দিক। ইংল্যান্ডে তাকে নিয়ে তুমুল আলোচনা চলছে। অনেকে তার পদত্যাগ দাবি করছেন। খালাতো ভাইবোন জয় ও টিউলিপ বাংলাদেশের গন্ডি পেরিয়ে যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র সহ বিশ্বে ছড়িয়ে থাকা বাংলাদেশি প্রবাসীদের আলোচনার কেন্দ্রবিন্দুতে। জয় পাচার করা অর্থ নামে ও বেনামে রেখেছেন বিভিন্ন ঘনিষ্ঠদের কাছে। তার লোপাট করা অর্থের নেটওয়ার্ক, দিল্লী, লন্ডন, সিঙ্গাপুর, কানাডা ও যুক্তরাষ্ট্রে বিস্তৃত। যুক্তরাষ্ট্রে গড়ে তুলেছেন বিশাল সাম্রাজ্য। তা ফ্লোরিডা, ম্যারিল্যান্ড, ভারজেনিয়া, নিউইয়র্ক সিটি ও আপস্টেট নিউইয়র্ক পর্যন্ত বিস্তৃত। বাংলাদেশের গোয়েন্দা সংস্থার লোকজন তার নেটওয়ার্কের বিস্তৃতি দেখে বিস্মিত। ড. ইউনূস সরকারের বিরুদ্ধে প্রচারণায় বিশাল তহবিল বিভিন্ন দেশে বিতরন করছেন। যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রে আন্দোলন ও লবিং করার জন্য লাখ লাখ ডলার ব্যয় করা হচ্ছে। ভারতীয় মিডিয়াগুলোর জন্য ব্যয় করছেন কোটি কোটি টাকা। জয়ের অর্থ কেলেংকারির পর উঠে এসেছে ব্রিটিশ মন্ত্রী টিউলিপের নাম। বাংলাদেশে শেখ হাসিনা (এখন ভারতে), ইংল্যান্ডে টিউলিপ ও যুক্তরাষ্ট্রে সজীব ওয়াজেদ জয়। এ যেন দুর্নীতি ও লুটপাটের আর্ন্তজাতিকীকরন। সালমান এফ রহমানের বরাত দিয়ে তদন্ত সংশ্লিষ্ট সূত্র জানিয়েছেন, এস আলমের মাধ্যমে দেশ থেকে পাচার হওয়া দেড় লাখ কোটি টাকার অর্ধেকই শেখ রেহানা এবং সজীব ওয়াজেদ জয়কে দেওয়া হয়েছে। বাংলাদেশ এরপর ২৯ পৃষ্ঠায়

## তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনর্বহাল

# ড. ইউনূসের কি হবে



মাসুদ করিম, *ঢাকা থেকে*

প্রধান উপদেষ্টা নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূস কি তত্ত্বাবধায়ক সরকারের প্রধান থাকতে পারবেন? পঞ্চদশ সংশোধনী আংশিক বাতিল করে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনর্বহাল করার পর এই প্রশ্ন আসা স্বাভাবিক। বাংলাদেশ সংবিধানে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা একটি নির্বাচনকালীন সরকার। তত্ত্বাবধায়ক সরকার হলো ৯০ দিন মেয়াদি সরকার। সেই হিসাবে বর্তমান অর্ন্তবর্তি সরকারকে তত্ত্বাবধায়ক সরকার বলা যায় কিনা সে নিয়ে প্রশ্ন উঠতে পারে। এদিকে, আগামী ২০ শে জানুয়ারি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসাবে ডোনাল্ড ট্রাম্পের শপথ এরপর ৪০ পৃষ্ঠায়

মন্তব্য প্রতিবেদন

# এমন দৃশ্য আর কাম্য নয়!



মনোয়ারুল ইসলাম

বাংলাদেশ সোসাইটির অভিষেক অনুষ্ঠান। উৎসবের আমেজ। তাও বাংলাদেশের বিজয় দিবসে। উডসাইডের তিব্বতিয়ান কমিউনিটি সেন্টারে উপচেপড়া ভীড়। প্রবাসী বাংলাদেশিদের মাদার সংগঠনের নবনির্বাচিত কর্মকর্তাদের বরণ করে নেবার পালা। কমিউনিটির রথি মহারথিরা বক্তৃতা করছেন। এক পর্যায়ে বক্তৃতা করতে মাইকে আসেন বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফকরুল আলম। বিজয়ের মাসকে স্মরণ করছিলেন। তিনি ৪টি আন্দোলন সংগ্রামের কথা তুলে ধরেন। ৪৭, ৭১, ৯০ (এরশাদ বিরোধী আন্দোলন) ও ২৪ এর ছাত্রজনতার আন্দোলনের কথা। তিনি এক এরপর ৩৭ পৃষ্ঠায়



# খালেদা জিয়া লন্ডন যাচ্ছেন ২৯ ডিসেম্বর

আজকাল রিপোর্ট

বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া আগামী ২৯ ডিসেম্বর চিকিৎসার জন্যে বিদেশ রওনা হতে পারেন। তিনি প্রথমে লন্ডন গিয়ে পুত্র তারেক রহমানের সঙ্গে দেখা করবেন। তারপর তিনি চিকিৎসার জন্যে যুক্তরাষ্ট্র যাবেন বলে ধারণা করা হচ্ছে। সাবেক এরপর ২৯ পৃষ্ঠায়

# নির্বাচনী সময়সীমায় খুশি নয় বিএনপি

আজকাল রিপোর্ট

বিজয় দিবসে জাতির উদ্দেশ্যে দেয়া ভাষণে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস নির্বাচনের যে সময়সীমা দিয়েছেন তাতে খুশি নয় বিএনপি। বিএনপি বলেছে, এয়োদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে প্রধান উপদেষ্টার বক্তব্য 'অস্পষ্ট ও 'হতাশাজনক'-এমন মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, 'প্রধান উপদেষ্টার ভাষণে এরপর ৩৭ পৃষ্ঠায়

# নির্বাচনের ঘোষণা ও গুমের তদন্তকে যুক্তরাষ্ট্রের সমর্থন

আজকাল রিপোর্ট



বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস নির্বাচনের সম্ভাব্য যে সময় ঘোষণা করেছেন তাকে স্বাগত জানিয়েছে যুক্তরাষ্ট্র। এছাড়া ছাত্র-জনতার অভ্যুত্থানে পালিয়ে যাওয়া সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার গুমের সঙ্গে সম্পৃক্ততা তদন্তেও সমর্থন জানিয়েছে তারা। বুধবার এরপর ৪০ পৃষ্ঠায়

প্রতিক্রিয়া

# নরেন্দ্র মোদীর ইতিহাস বিকৃতি নিন্দনীয়



জন জে কলেজের অধ্যাপক, লেখক ও যুক্তরাষ্ট্র প্রবাসী ড. আবেদীন কাদের এক প্রতিক্রিয়ায় বলেছেন, ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গত ষোল ডিসেম্বর বাংলাদেশের বিজয় দিবসে যে বিবৃতি দিয়েছেন তা শুধু ইতিহাসের বিকৃতিই নয়, সত্যের অপলাপও। ১৯৭১ সালের এরপর ২৯ পৃষ্ঠায়

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57th STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED, President & CEO

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
CenterLight Health System
Anthem.
Hamaspik MANAGED CARE
MetroPlusHealth
S W H Senior Whole Health.
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A CONCERN OF SHAH NAWAZ GROUP
Shah M. Nawaz MBA
President & CEO
646-591-8396
CALL US NOW:
718-516-3425
SNG SHAH NAWAZ GROUP
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suit C
Ozone Park, NY 11416

ড. মাহবুব উল্লাহ-এর কলাম ওরা আমাদের বিজয় ছিনতাই করতে চাচ্ছে ১২ পৃষ্ঠায়





সোহরাব হাসান-এর কলাম ইউনূসের তাগিদে কেন খুশি নয় বিএনপি ০৫ পৃষ্ঠায়





মহিউদ্দিন আহমদ-এর কলাম 'জয় বাংলা' নিয়ে ঝগড়াঝাঁটি ০৬ পৃষ্ঠায়





সাপ্তাহিক আজকাল
Friday, 20 December 2024, Issue 849, www.ajkalnewyork.com





# নিউইয়র্ক কনস্যুলেটে বিজয় দিবস উদযাপন

আজকাল রিপোর্ট

বাংলাদেশের ৫৪ তম বিজয় দিবস যথাযথ মর্যাদায় ও বিপুল উৎসাহ উদ্দীপনায় উদযাপন করেছে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্ক। গত ১৬ ডিসেম্বর এস্টোরিয়ায় কনসুলেটের নতুন অফিসে আয়োজিত অনুষ্ঠানে মুক্তিযুদ্ধের শহীদ ও ২০২৪ জুলাই-আগস্টের শহীদদের স্মরণ করা হয়। জাতীয় পতাকার প্রতি সম্মান ও জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। দিবসটি উপলক্ষ্যে বাংলাদেশ থেকে প্রেরিত রাষ্ট্রপতি, প্রধান উপদেষ্টা ও পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টার বাণী পাঠ করা হয়। অনুষ্ঠানে 'গণমুক্তি অনিবার্য' নামক একটি প্রামাণ্য ভিডিও প্রদর্শন করা হয়। এছাড়া শহীদদের রূহের


এরপর ৪৯ পৃষ্ঠায়


# বিএনপির বিজয় দিবসের অনুষ্ঠান

আজকাল রিপোর্ট

৫৪তম মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে যুক্তরাষ্ট্রে সমাবেশ ও বিজয় উৎযাপন করেছ যুক্তরাষ্ট্র বিএনপি ও নিউইয়র্ক স্টেট শাখা বিএনপি। এতে সংগঠনের বিভিন্ন পর্যায়ের বিপুল পরিমাণ নেতাকর্মী অংশ নেয়।

গত ১৭ ডিসেম্বর জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি সেন্টার অনুষ্ঠানের আয়োজন করে 'যুক্তরাষ্ট্র বিএনপি, অঙ্গ ও সহযোগী সংগঠন'। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র বিএনপির প্রতিষ্ঠাতা সভাপতি ডা. মুজিবর রহমান মজুমদার। প্রধান বক্তা ছিলেন বীর মুক্তিযোদ্ধা ইশতিয়াক আজিজ উলফাত। অনুষ্ঠানে বীর মুক্তিযে-দ্ধাদের সম্মাননা জানানো হয়। তাদের হাতে সম্মাননা স্মারক তুলে দেন অতিথিরা। সম্মাননা পাওয়াদের মধ্যে ছিলেন মুক্তিযোদ্ধা সাবেক সদস্য আনিসুজ্জামান খোকন, বীর মুক্তিযোদ্ধা আজাহারুল


এরপর ৩৪ পৃষ্ঠায়






ম্যানহাটনস্থ জাতিসংঘের বাংলাদেশ স্থায়ী মিশনে বিজয় দিবসের অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিরা ছবি: আজকাল

# জাতিসংঘের স্থায়ী মিশনে বিজয় দিবস উদযাপন

আজকাল রিপোর্ট



যথাযোগ্য মর্যাদা ও উৎসবমুখর পরিবেশে নিউইয়র্কে জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে বাংলাদেশের ৫৪-তম বিজয় দিবস উৎযাপন করা হয়। গত ১৬ ডিসেম্বর ম্যানহাটনস্থ জাতিসংঘের স্থায়ী মিশন কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে প্রবাসী বীর মুক্তিযোদ্ধা, বরেণ্য ব্যক্তিবর্গ এবং বিভিন্ন শ্রেণী পেশার প্রবাসী বাংলাদেশীরা অংশগ্রহণ করেন। জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানটি শুরু হয়। পরে মহান মুক্তিযুদ্ধে আত্ম-উৎসর্গকারী বীর শহীদ এবং জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানে বীর শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া করা হয়। দিবসটি উপলক্ষে প্রদত্ত রাষ্ট্রপতি, প্রধান উপদেষ্টা, ও পররাষ্ট্র উপদেষ্টার বাণী পাঠ করা হয়। এ সময় 'গণমুক্তি অনিবার্য' শীর্ষক একটি প্রামান্যচিত্র প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানের উন্মুক্ত আলোচনা পর্বে বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা ও বিভিন্ন শ্রেণী পেশার প্রবাসী বাংলাদেশীগণ। তাঁরা মহান মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে জাতি, ধর্ম,


এরপর ৩৯ পৃষ্ঠায়


# ওয়ার্ক পারমিটের মেয়াদ ৫৪০ দিন পর্যন্ত বাড়ল

আজকাল রিপোর্ট

নবায়নের জন্য আবেদন জমা দিয়েছেন কিন্তু এখনো হাতে পাননি-এমন আবেদনকারীদের ওয়ার্ক পারমিট বা ওয়ার্ক অথরাইজেশনের মেয়াদ বাড়িয়েছে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস)।

ফলে যাদের ওয়ার্ক অথরাইজেশন রয়েছে এবং তা নবায়ন করার জন্য আবেদন করা হয়েছে, তারার প্রায় দেড় বছর নিশ্চিত থাকতে পারবেন। ট্রাম্প প্রশাসন দায়িত্ব নিতে যাচ্ছে আগামী ২০ জানুয়ারি। এই সময়ে নিয়মকানুনে আমূল পরিবর্তন হতে পারে। ফলে ওয়ার্ক পারমিট নবায়ন নিয়ে যাতে জটিলতায় পড়তে না হয়, সে জন্যই এ ব্যবস্থা নিয়েছে ডিএইচএস। নিয়মটি আগামী ১৩ জানুয়ার থেকে


এরপর ৩৪ পৃষ্ঠায়




# বাংলাদেশের মানচিত্র নিউইয়র্কের আকাশে

আজকাল রিপোর্ট

বিজয়ের ৫৩তম বর্ষ উদযাপন উপলক্ষে নিউইয়র্কের আকাশে প্লেন উড়িয়ে বাং-লাদেশের মানচিত্র আঁকলেন বাংলাদেশের স্টুডেন্ট পাইলট ফাহিম চৌধুরী। আকাশে মানচিত্র তৈরি করতে ফাহিমের ২ ঘণ্টা ৩৮ মিনিট উড্ডয়ন করতে হয়েছে।

গত ১৪ ডিসেম্বর রিপাবলিক বিমানবন্দর একটি বিমানবন্দর থেকে মাঝ আকাশে বাংলাদেশের মানচিত্রের রুটম্যাপ তৈরি করতে স্থানীয়


এরপর ৩৯ পৃষ্ঠায়


# বিজয় দিবসে ফিনল্যান্ড বিএনপির আলোচনা সভা

আজকাল রিপোর্ট

মহান বিজয় দিবস উপলক্ষে ফিনল্যান্ডের হেলসিংকির কলতুলা কেম্মহো মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ফিনল্যান্ড শাখা। গত মঙ্গলবার সন্ধ্যা ৭টায় ফিনল্যান্ড বিএনপির সভাপতি কামরুল হাসান জনির সভাপতিত্বে, সাধারণ সম্পাদক জামান সরকারের পরিচালনায় ও সাংগঠনিক সম্পাদক সামসুল গাজীর সঞ্চালনায় এ আলোচনা সভায় দলের সর্বস্তরের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন। আলোচনা সভার সার্বিক পরিচালনায় ছিলেন ফিনল্যান্ড বিএনপির সাংগঠনিক সম্পাদক মো. রবিউল ইসলাম।

বিজয় দিবসের এ আলোচনা সভায় প্রধান অতিথির


এরপর ৪৯ পৃষ্ঠায়




# ব্রঙ্কসে মুক্তিযোদ্ধা সংসদের বিজয় দিবসের আয়োজন

আজকাল রিপোর্ট

উৎসব মুখর ও জাঁকজমকপূর্ণ আয়োজনে বাংলাদেশের বিজয় দিবস উৎযাপন করেছে মুক্তিযোদ্ধা সংসদ, নিউইয়র্ক স্টেট কমান্ড। গত ১৬ই ডিসেম্বর ব্রঙ্কসের পার্কচেস্টারের গোল্ডেন প্যালেসের পার্টি হলে বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ডা. মোহাম্মদ এনামুল হক এমডি, সভাপতি গ্রেটার কুমিল্লা এ্যাসোশিয়েশন; বিশেষ অতিথি ছিলেন বীর


এরপর ৩৭ পৃষ্ঠায়



রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনে বাড়ি
পাবলিক অকশনে বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শরট-সেল ও REO প্রপার্টি
কল করুন:
৫১৬ ৪৫১ ৩৭৪৮
150 Groat Nack Road, Groat Nack, New York-11021
nurulazim67@gmail.com
Nurul Azim





সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
এয়ার লাইন্স টিকেট ও নির্ভুল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
IATA Accredited
Approved Travel Agent সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা নিউইয়র্ক ৬৪৯+ Tax
ওমরাহ্
মো: আব্দুল খালেক
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com



আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।
গ্যারান্টি সবচেয়ে কম রেটের মর্টগেজে সহযোগীতা প্রদান করা হয়
Fazle
SHOHAG KHAN
Licensed Real Estate Sales
Cell : 1- 917 770 1341
Office : 1- 516 800 5160
Email: shohag. khan@hotmail.com





OPEN 24 HOURS
PANSHI NEVER SLEEP
আমরা সব ধরনের ক্যাটারিং করি
ভাল খাবার, সুন্দর পরিবেশ, ভাল সার্ভিস, কমদামে উপভোগ করুন।
$6.99 Midnight & Driver Special
PANSHI RESTAURANT & PARTY HALL
168-37/39 Hillside Ave, Jamaica, NY 11432
Tel: 718-480-8516, Fax: 718-480-8531



US BANGLA TAX & MULTISERVICES INC.
LAILAC INSURANCE BROKERAGE INC.
One Stop Services
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646--361-0250
Authorized IRS e-file Provider
37-47 73rd Street. Suite # 217
Jackson Heights, NY-11372
Tel: 718-255-6783
Fax: 718-255-6783
usbanglatax@yahoo.com
lailacinsuranceinc@yahoo.com
Services: Individual & Business Tax Services, Immigration Services
Loan Modification, Auto, Home & Business Insurance, Real Estate


www.banglabosoti.com
টাউন হোম
TW-2250
১,৩২০ বর্গফুট জমি +
২,২৫০ বর্গফুট ৩-তলা বাড়ী
মাত্র ৩১,৩৮৪ US$
ডাউন পেমেন্ট দিয়ে জমির
সাফ-কবলা মালিকানা দলিল
বুঝে নিন, মাসিক কিস্তি মাত্র
৫০৭ US$, ৬০ মাস পর ভাড়া
দিয়ে কিস্তি পরিশোধ
টেরেস হোম
TR-1900
৯৯০ বর্গফুট জমি +
১,৯০০ বর্গফুট ৩-তলা বাড়ী
মাত্র ২৪,০৫৩ US$
ডাউন পেমেন্ট দিয়ে জমির
সাফ-কবলা মালিকানা দলিল
বুঝে নিন, মাসিক কিস্তি মাত্র
৩৮৪ US$, ৬০ মাস পর ভাড়া
দিয়ে কিস্তি পরিশোধ
গার্ডেন হোম
RX-5 (I)
৩,৬০০ বর্গফুট জমি +
৩,২৯২ বর্গফুট ৩-তলা বাড়ী
মাত্র ৭৮,৬৫০ US$
ডাউন পেমেন্ট দিয়ে জমির
সাফ-কবলা মালিকানা দলিল
বুঝে নিন, মাসিক কিস্তি মাত্র
১,২৭০ US$, ৬০ মাস পর ভাড়া
দিয়ে কিস্তি পরিশোধ
এ মাটি আমার,
এ জমিন আমার...
Bangla Bosoti
বাংলা বসতি
Hotline +88 09644100800
For Details Please Call
+88 01321100800, +88 01708152444-7
Corporate Office: 49, Lake Circus, Kalabagan, Dhanmondi, Dhaka-1205, Sales Office: Axis Delvista (3rd Floor), 7/1, Mirpur Road, Mohammadpur, Dhaka-1207. E-mail : info@banglabosoti.com

## সম্পাদকীয়

# যেখানে ভয়

তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা ফিরে এসেছে। ১৩ বছর আগে আওয়ামী লীগ সরকারের আমলে সংবিধানের পঞ্চদশ সংশোধনী এনে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্ত করা হয়েছিল। সুশাসনের জন্য নাগরিক (সুজন)-এর সম্পাদক বদিউল আলম মজুমদার যদিও বলেছেন, তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা ফিরলে ক্ষমতা চিরস্থায়ী করা সম্ভব হবে না, কিন্তু আমাদের মনের সংশয় তাতে কাটছে না। তত্ত্বাবধায়ক সরকার যদি স্বাভাবিক, সুষ্ঠু, গণতান্ত্রিক নির্বাচন করার সুযোগ সৃষ্টি করতে পারে, তাহলে অবশ্যই সেটা আমাদের গণতন্ত্রের জন্য এক সুসংবাদ হিসেবেই বিবেচিত হবে। একই সঙ্গে রাজনৈতিক দলগুলো সুষ্ঠু নির্বাচন করতে সক্ষম নয়, এই বার্তাও কষ্টদায়ক। আমাদের দেশের রাজনৈতিক দলগুলোর সঙ্গে গণতন্ত্রের সুসম্পর্ক নেই, এই ঘটনা সেটাও প্রমাণ করে।

এটা করা হয়েছিল এই কারণে যে অবসরের পরই যেন কে এম হাসান প্রধান বিচারপতি হতে পারেন। এরপর নানা ঘটনার পর এক-এগারো আসে। সেই পথ ধরে আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্ত করা হলেও মানুষ কি কাঙ্ক্ষিত গণতান্ত্রিক নির্বাচনব্যবস্থা ফিরে পেয়েছে? আওয়ামী লীগ আমলে সরকারের অধীনে অনুষ্ঠিত নির্বাচনগুলো বরং পরিহাস করেছে গণতন্ত্রের সঙ্গে। রাজনৈতিক দলগুলোর মানসিকতায় গণতন্ত্র আসা দরকার। নইলে শুধু তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা ফিরলেই অবাধ ও সুষ্ঠু নির্বাচন হবে, এ ধারণার ওপর বিশ্বাস রাখতে ভয় হয়

১৯৯০ সালে এরশাদ সরকারের পতনের পর চারটি সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল তত্ত্বাবধায়ক সরকারের অধীনে। এই চারটি নির্বাচনে বিএনপি ও আওয়ামী লীগের মধ্যে ক্ষমতার পালাবদল হয়েছে। ১৯৯১ সালে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা সংবিধানের অংশ ছিল না। বিশেষ রাজনৈতিক পরিস্থিতিতে এই সরকার এসেছিল রাজনৈতিক ঐকমত্যের ভিত্তিতে। ১৯৯৪ সালে তৎকালীন বিরোধী দল আওয়ামী লীগ ও অন্যান্য বিরোধী দল নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধীনে সংসদ নির্বাচনের দাবি তোলে। ১৯৯৬ সালের ফেব্রুয়ারি মাসে বিএনপি যে নির্বাচন অনুষ্ঠান করে, তাকে প্রহসনের নির্বাচন বলা হলে ভুল হবে না। ফলে রাজনৈতিক দল ও জনতার প্রবল বিক্ষোভের মুখে ১৯৯৬ সালের ২৬ মার্চ বিএনপি সরকার তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা সংবিধানে অন্তর্ভুক্ত করতে বাধ্য হয়। এর পর থেকে তত্ত্বাবধায়ক সরকারের অধীনে যে নির্বাচনগুলো অনুষ্ঠিত হয়েছে, সেগুলো আন্তর্জাতিক মহলেও গ্রহণযোগ্যতা পেয়েছে।

কিন্তু এরপর ২০০১-২০০৬ সালের মেয়াদ শেষে বিএনপি-নিয়ন্ত্রিত সরকার তাদের পছন্দের মানুষকে তত্ত্বাবধায়ক সরকারপ্রধান করার জন্য যাবতীয় কাজ সুসম্পন্ন করে রাখে। অনেকেরই মনে পড়ে যাবে, ২০০১ সালে ক্ষমতায় আসার পর বিএনপি সংবিধান সংশোধনের উদ্যোগ নেয়। সংশোধনীর মাধ্যমে সংরক্ষিত মহিলা আসন ৩০ থেকে বাড়িয়ে ৪৫ করা হয়। সুপ্রিম কোর্টের বিচারপতিদের অবসরের বয়স ৬৫ থেকে বাড়িয়ে ৬৭ করা হয়। সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানগুলোয় প্রধানমন্ত্রীর ছবি প্রদর্শনের বিধান রাখা হয়।

সুপ্রিম কোর্টের বিচারপতিদের বয়স বাড়ানোর বিষয়টি সাদামাটা কোনো বিষয় ছিল না। সরকারের পছন্দসই ব্যক্তিকে তত্ত্বাবধায়ক সরকারপ্রধান করার আয়োজন ছিল সেটা। বিচারপতি হাসানকে ১৩তম প্রধান বিচারপতি করা হয়েছিল দুজন বিচারপতিকে ডিঙিয়ে জ্যেষ্ঠতা লঙ্ঘন করে। এটা করা হয়েছিল এই কারণে যে অবসরের পরই যেন কে এম হাসান প্রধান বিচারপতি হতে পারেন।

এরপর নানা ঘটনার পর এক-এগারো আসে। সেই পথ ধরে আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্ত করা হলেও মানুষ কি কাঙ্ক্ষিত গণতান্ত্রিক নির্বাচনব্যবস্থা ফিরে পেয়েছে? আওয়ামী লীগ আমলে সরকারের অধীনে অনুষ্ঠিত নির্বাচনগুলো বরং পরিহাস করেছে গণতন্ত্রের সঙ্গে।

রাজনৈতিক দলগুলোর মানসিকতায় গণতন্ত্র আসা দরকার। নইলে শুধু তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা ফিরলেই অবাধ ও সুষ্ঠু নির্বাচন হবে, এ ধারণার ওপর বিশ্বাস রাখতে ভয় হয়।

# জাতীয় ঐক্যের ভিত্তিতে এগিয়ে যাবে বাংলাদেশ

শাহাব উদ্দীন



বিজয়ের মাসে অস্থির বাংলাদেশের সামাজিক ও রাজনৈতিক অবস্থা। একটি বিশেষ গোষ্ঠী তাদের হীন স্বার্থ চরিতার্থ করার জন্য কৃত্রিম ভাবে এই অবস্থার সৃষ্টি করছে। একমাত্র কারণ হলো প্রতিবেশী রাষ্ট্রের পুতুল স্বৈরাচারী সরকারের গনরোষে পতন এবং পলায়নে, তাদের প্রভুরাষ্ট্র কোন ভাবেই মেনে নিতে পারছে না। যে কারনে পাচই আগষ্ট বিপ্লব পরবর্তী তত্ত্বাবধায়ক সরকার গঠনের পর প্রতিনিয়ত একটার পর একটা দাবি আদায়ের নামে দেশকে নৈরাজ্যের দিকে পরিকল্পিত ভাবে ঠেলে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। সব চেষ্টা যখন ব্যর্থ হচ্ছে, তখন সেই পুরনো হিন্দু মুসলিম দাংগার সৃষ্টির চেষ্টা করা হচ্ছে। সেই কাজে ব্যবহার করা হচ্ছে তাদের বিরুদ্ধে আন্তর্জাতিক হিন্দু সংগঠন ইসকনকে। কারন এই সংগঠনটি বিগত সরকারের সময় সরকারের ছত্রছায়ায় হিন্দু মন্দির দখল করে ইসকন মন্দির প্রতিষ্ঠা, চট্টগ্রামসহ দেশের বিভিন্ন জায়গায় জমি দখল, বড়ো বড়ো টিলা কেটে অট্টালিকা তৈরী সহ বিভিন্ন অপকর্মের সাথে যুক্ত। বিগত সরকারের সময় শেখ হাসিনার বেয়াই ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন কর্তৃক হিন্দু সম্পত্তি দখল, সাবেক আই জি পি বেনজির আহমেদ কর্তৃক গোপালগঞ্জে শত শত একর ভূমি দখল, কুমিল্লার নাসির নগরে অসংখ্য হিন্দু পরিবারের বাড়ি ঘর দখল আগুন দিয়ে পুড়িয়ে দেওয়া হয়েছিল। এবং স্বাধীনতার পর শত্রু সম্পত্তি আইনের মাধ্যমে আওয়ামী লীগ সমর্থকরা সব চেয়ে বেশি হিন্দু সম্পত্তি দখল ও নির্যাতনের শিকার হয়েছেল। তখন ইসকনের মুখ বন্ধ ছিলো। কখনো ইসকনকে কোন কথা বা প্রতিবাদ করতে দেখা যায়নি। কিন্তু পাচ ই আগষ্ট গন অভ্যুত্থানের পর হাসিনা সরকারের পতন হলে চট্টগ্রাম ,রংপুর ,খুলনা সহ দেশের বিভিন্ন জায়গায় প্রকাশ্যে জনসভায় করে সরকারকে হুমকি দিয়ে যাচ্ছে। এবং ইসকন পতাকার নিচে বাংলাদেশের পতাকা টাংগিয়ে জাতীয় পতাকার অবমাননা করা সহ রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে শ্রী চিন্ময়কে গ্রেফতার করা হয়েছে। এই ঘটনাকে কেন্দ্র করে ঢাকা সহ দেশের বিভিন্ন জায়গায় পুলিশের সাথে প্রচন্ড মারামারি হয়। চট্টগ্রামে সেনা সদস্য ও পুলিশের উপর এসিড নিক্ষেপ করা হয়েছে। পুলিশ ও ইসকনের অনেক সদস্য আহত হন। মারমুখী ইসকন সদস্যরা সরকার পক্ষের আইনজীবী সাইফুল ইসলাম কে প্রকাশ্যে দিবালোকে হত্যা করা হয়।

> এবং ভারতীয় অসত্য, বিভ্রান্তি মূলক প্রচার প্রপাগান্ডার বিরুদ্ধে আমাদের দেশের সকল মিডিয়াকে সত্য তুলে ধরে তা মোকাবিলা করার আহবান জানান। সভায় দেশের স্বাধীনতা সার্বভৌমত্ব প্রশ্নে সকল দল, মত নির্বিশেষে সবাই এই সরকারের নেতৃত্বে ঐক্যবদ্ধ ভাবে সকল ষড়যন্ত্র ও চক্রান্ত মোকাবেলা করার লক্ষ্যে কাজ করে যাওয়ার দৃঢ় সংকল্প পূনর্ব্যক্ত করেন

এইসব ঘটনার মধ্যেদিয়ে বাংলাদেশের হিন্দুদের উপর নির্যাতন এবং এই দেশ একটা অস্থিতিশীল রাষ্ট্র হিসেবে বিশ্ব দরবারে প্রতিষ্ঠিত করার হীন চক্রান্ত করা হচ্ছে ।কিন্তু বাংলাদেশের মানুষ তাদের পাতানো ফাদে পা দেয়নি। রাজপথে লক্ষ জনতার মিছিল প্রতিবাদ হলেও কোন বিশৃঙ্খলা হয়নি । বাংলাদেশের পক্ষথেকে এ রকম ধৈর্য্যর পরও ভারতীয় মিডিয়া গুলোতে এক তরফা আজগুবি খবর দিয়ে যাচ্ছে। ভারতীয় মিডিয়া এখন ফেইক নিউজের কারখানা হয়েছে। তাদের এই প্রপাগাণ্ডায় দু'দেশের সরকারের কূটনৈতিক সম্পর্ক তলানিতে নিয়ে গেছে। যার ফলশ্রুতিতে ভারতের আগরতলায় বাংলাদেশ উপ হাইকমিশনারের অফিসে আক্রমন ,ভংচুর ,ও আমাদের জাতীয় পতাকাকে পদদলিত করে পুড়ানো হয়েছে। বিজয়ের মাসে এই ঘটনায় সমস্ত বাংগালী জাতির হ্রদয়ে রক্তক্ষরণ হচ্ছে।

এই ঘটনায় সাময়িকভাবে হাইকমিশন ও ভিসা প্রদান কার্য্য বন্ধ রয়েছে। বাংলাদেশে অবস্থানরত বিদেশি সকল কূটনৈতিকদেরকে ডেকে আমাদের দেশের অবস্থান পরিষ্কার করা হয়েছে। এবং ভারতীয় হাইকমিশনার প্রনয় ভার্মাকে ডেকে প্রতিবেশী বন্ধু সুলভ আচরণ ও ভারতের সাথে স্বভাবিক কূটনৈতিক সম্পর্ক বজায় রাখতে আগ্রহ প্রকাশ করেন। কিন্তু আমাদের হাইকমিশনের উপর হামলা, ভংচুর, জাতির পতাকার অবমাননা আমাদের স্বাধীনতা সার্বভৌমত্বের উপর আঘাত এবং ভিয়েনা কনভেনশনের লংঘন ।যা বাংলাদেশ আন্তর্জাতিক ফোরামে এই অভিযোগে উত্তাপন করতে পারে। এজন্য কড়া প্রতিবাদ জানান হয়। দু দেশের বর্ডারে কড়া নিরাপত্তা বাড়ানো হয়েছে। উভয় পক্ষের আলোচনায় গরো ও টান টান উত্তেজনা বিরাজমান। এদিকে বাংলাদেশের মানুষ যারা চিকিৎসা, পর্যটনসহ বিভিন্ন কারনে ভারত ভ্রমণের লোকজনকে ভিসা দেওয়া হচ্ছে না। বৈধ ভিসা নিয়ে নিয়ে যারা গিয়েছেন, তাদেরকেও দুর্ব্যবহারের বের করে দেওয়া হচ্ছে। আর এইসব কাজে নেতৃত্ব দিচ্ছে ভারতের বিজেপি, আরএসএসসহ মৌলবাদী জংগী সংগঠনের সদস্যরা। কলকাতা এরপর ২২ পৃষ্ঠায়

# ইউনূসের ভাষণে কেন খুশি নয় বিএনপি

সোহরাব হাসান

অন্তর্বর্তী সরকারের ১০০ দিন উপলক্ষে দেওয়া ভাষণে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছিলেন, নির্বাচন কমিশন গঠনের মধ্য দিয়ে নির্বাচনী ট্রেন যাত্রা শুরু করেছে। এটা আর থামবে না।

প্রধান উপদেষ্টার এই আশ্বাসের পরও রাজনৈতিক দলসহ সমাজের বিভিন্ন স্তরের মানুষের মধ্যে নির্বাচন নিয়ে শঙ্কা ও অনিশ্চয়তা থেকে গিয়েছিল। অনেকেই প্রশ্ন করেছিলেন, সরকার কেন নির্বাচনের সম্ভাব্য দিন-তারিখ ঘোষণা করছে না?

রাজনৈতিক দলগুলো, বিশেষ করে বিএনপির নেতারা প্রায় প্রতিদিনই সরকারকে নির্বাচনী রোডম্যাপ ঘোষণা করার জন্য চাপ দিয়েছিলেন। আবার উপদেষ্টাদের পক্ষ থেকেও একেকজন একেক রকম আভাস-ইঙ্গিত দিয়ে আসছিলেন। আমাদের ধারণা ছিল, ৩১ ডিসেম্বরের মধ্যে ছয়টি সংস্কার কমিশনের প্রতিবেদন পাওয়ার পর নতুন বছরের শুরুতে হয়তো দেশবাসী নির্বাচন নিয়ে একটি সুসংবাদ পাবে। কিন্তু প্রধান উপদেষ্টা ১৬ ডিসেম্বর বিজয় দিবসে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে নির্বাচনের সম্ভাব্য দিনক্ষণের কথা জানালেন। তিনি বলেছেন, 'আগামী বছর ২০২৫ সালের শেষ দিক থেকে ২০২৬ সালের প্রথমার্ধের মধ্যে দেশে জাতীয় নির্বাচন হবে।'

তবে এখানেও প্রধান উপদেষ্টা 'যদি' ও 'কিন্তু' রেখেছেন। বলেছেন, 'যদি অল্প কিছু সংস্কার করে ভোটার তালিকা নির্ভুলভাবে তৈরি করার ভিত্তিতে নির্বাচন সম্পন্ন করতে হয়, তাহলে ২০২৫ সালের শেষের দিকে নির্বাচন অনুষ্ঠান হয়তো সম্ভব হবে। আর যদি এর সঙ্গে নির্বাচনপ্রক্রিয়া এবং নির্বাচন সংস্কার কমিশনের সুপারিশের পরিপ্রেক্ষিতে এবং জাতীয় ঐকমত্যের ভিত্তিতে প্রত্যাশিত মাত্রার সংস্কার যোগ করি, তাহলে আরও অন্তত ছয় মাস অতিরিক্ত সময় লাগতে পারে। মোটাদাগে বলা যায়, ২০২৫ সালের শেষ দিক থেকে ২০২৬ সালের প্রথমার্ধের মধ্যে নির্বাচনের সময় নির্ধারণ করা যায়।'

বিএনপি প্রধান উপদেষ্টার ঘোষণায় খুশি হয়নি। বিএনপির স্থায়ী কমিটি সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছেন, প্রধান উপদেষ্টা নির্বাচনের সময় সম্পর্কে একটা ধারণা দিয়েছেন। কিন্তু তাতে সুস্পষ্ট কোনো রোডম্যাপ নেই। প্রয়োজনীয় কোন কোন ক্ষেত্রে সংস্কার করা হবে, সে জন্য কতটা সময় প্রয়োজন, তা প্রধান উপদেষ্টার বক্তব্যে স্পষ্ট নয়। রাষ্ট্র সংস্কার আন্দোলনের নেতা সমন্বয়ক হাসনাত কাইয়ুমও বলেছেন, নির্বাচনের আগে সরকারের উচিত সংস্কারের রোডম্যাপ দেওয়া।



দেশবাসীকে বিজয় দিবসের শুভেচ্ছা জানিয়ে অধ্যাপক ইউনূস বলেন, 'প্রথমে সবচেয়ে বড় কাজ ভোটার তালিকা হালনাগাদ করা। এটা এমনিতেই কঠিন কাজ। এখন কাজটা আরও কঠিন হলো এ জন্য যে গত তিনটা নির্বাচনে ভোটারদের অংশগ্রহণ করার সুযোগ ছিল না।'

প্রধান উপদেষ্টার কথায় মনে হয়েছে, সরকার কেবল একটি নির্বাচন দিয়ে জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর করে তাদের দায়িত্ব শেষ করতে চায় না; তারা জাতীয় ঐকমত্য গঠন কমিশন করে রাজনৈতিক সংস্কারের প্রক্রিয়ায়ও নিজেদের অংশগ্রহণ নিশ্চিত করতে চায়। এখানে আরেকটি সমস্যা হলো, এর আগে গঠিত কমিশনগুলো সরকারের অংশ নয়। সরকার গঠিত কমিশনের সদস্য অর্থাৎ নিযুক্ত ব্যক্তি। কিন্তু প্রধান উপদেষ্টার নেতৃত্বে গঠিত জাতীয় ঐকমত্য কমিশন হলে সেটা সরকারের অপরিহার্য অংশ হয়ে যাবে।

আসলে কাজটি খুব কঠিন নয়। নির্বাচন সংস্কার কমিশনের এক সদস্য জানিয়েছেন, ১৮ বছর বয়সী প্রত্যেক নাগরিকের জাতীয় পরিচয়পত্র আছে, যার ভিত্তিতে নির্ভুল ভোটার তালিকা করতে সমস্যা হওয়ার কথা নয়। গত তিনটি নির্বাচনে যে মানুষ ভোট দিতে পারেননি, সেটা ভোটার তালিকার গরমিলের কারণে নয়, নির্বাচন প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ না হওয়ার কারণে। গত তিনটি নির্বাচনে প্রথম ভোটার হওয়া তরুণ-তরুণীরা ভোট না দিলেও তাঁদের জাতীয় পরিচয়পত্র আছে। ফলে নির্ভুল ভোটার তালিকা করার কাজটি খুব কঠিন বলে যাঁরা প্রধান উপদেষ্টাকে বুঝিয়েছেন, তাঁরা ঠিক পরামর্শ দেননি।

তরুণদের ভোটদান একটি স্মরণীয় ঘটনা হয়ে থাকবে উল্লেখ করে অধ্যাপক ইউনূস বলেন, 'এই অভিজ্ঞতাকে মসৃণ করার সমস্ত আয়োজন করতে হবে। আমার একান্ত ইচ্ছা, এবারের নির্বাচনে প্রথমবারের তরুণ-তরুণী ভোটাররা শতকরা ১০০ ভাগের কাছাকাছি সংখ্যায় ভোট দিয়ে একটি ঐতিহ্য সৃষ্টি করুক।' অস্ট্রেলিয়াসহ অনেক দেশে ভোট দেওয়া বাধ্যতামূলক। যৌক্তিক কারণ ছাড়া ভোট না দিলে জরিমানা গুনতে হয়। বাংলাদেশে সে রকম কোনো আইন করার কথা অন্তর্বর্তী সরকার ভাবছে কি না, সেটা কিন্তু প্রধান উপদেষ্টা জানাননি। বেশি ভোটার উপস্থিত থাকলেই যে গণতন্ত্র টেকসই হয় না ২০০৮সালের নির্বাচনই তার প্রমাণ।

প্রধান উপদেষ্টা বলেন, 'যেকোনো সংস্কারের কাজে হাত দিতে গেলে রাজনৈতিক ঐকমত্যের প্রয়োজন। অন্তর্বর্তী সরকার প্রথম পর্যায়ে ছয়টি সংস্কার কমিশন গঠন করেছে। এরা শিগগির চূড়ান্ত প্রতিবেদন পেশ এরপর ৩৬ পৃষ্ঠায়

> জাতীয় নির্বাচনের আগে স্থানীয় সরকার সংস্থার নির্বাচন হওয়ার দাবি জানিয়েছে কোনো কোনো মহল। পাশাপাশি নতুন দল গঠনের তোড়জোড় চলছে। প্রধান উপদেষ্টা যে নির্বাচনের রোডম্যাপ ঘোষণা করেছেন, তাকে আমরা স্বাগত জানাই। তবে তাঁর প্রস্তাবিত জাতীয় ঐকমত্য কমিশন জাতিকে কতটা একত্র করতে পারবে, সে প্রশ্ন থেকেই যাচ্ছে


| | | | |
|---|---|---|---|
| Editor & Publisher | : Shah Nawaz | সম্পাদক ও প্রকাশক | : শাহ্ নেওয়াজ |
| Managing Editor | : Rano Nawaz | ব্যবস্থাপনা সম্পাদক | : রানো নেওয়াজ |
| City Editor | : Anik Raj | সিটি এডিটর | : অনিক রাজ |
| General Manager | : Abubakar Siddique | জেনারেল ম্যানেজার | : আবুবকর সিদ্দিকী |

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights, NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# ‘জয় বাংলা’ নিয়ে ঝগড়াঝাঁটি

মহিউদ্দিন আহমদ



একটি রিকশায় দুজন আরোহী যাচ্ছেন সাতমসজিদ রোড দিয়ে। একজন আফতাব আহমাদ, গণকণ্ঠ পত্রিকার নির্বাহী সম্পাদক। মুজিব সরকার ২৭ জানুয়ারি ১৯৭৫ পত্রিকাটি নিষিদ্ধ করে। অন্যজন মিয়া মুশতাক আহমদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের লেকচারার (অনেক পরে সরকারের সচিব হয়ে অবসরে যান)। দুজনেই জাসদ-ছাত্রলীগের সঙ্গে যুক্ত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে তাঁরা চেনামুখ।

রিকশাটা ঈদগাহ পেরিয়ে বিডিআর গেটের দিকে এগোচ্ছে। হঠাৎ একটা জিপ এসে পথ আটকাল। জিপ থেকে লাফিয়ে নামল কয়েকজন সশস্ত্র তরুণ। ঘিরে ধরল রিকশা। সবার সামনে সরদারগোছের ব্যক্তিটি হচ্ছেন শেখ কামাল। তাঁকে কে না চেনে! তিনি সরকারপ্রধান শেখ মুজিবুর রহমানের ছেলে, দেশের অঘোষিত স্বরাষ্ট্রমন্ত্রী। ১৯৭৩ সালের ১৫ ডিসেম্বর রাতে দলেবলে সর্বহারা পার্টির পিকেটার ধরতে গিয়ে মতিঝিলে সেনসাইডে পড়ে পুলিশের গুলিতে আহত হয়েছিলেন।

আফতাবকে কামাল কিছুক্ষণ বকাঝকা করলেন। মুশতাককে বললেন, ‘আপনি চাটগাঁতে মাস্টারি করেন, ঢাকায় কী কাজ? আপনাদের পুলিশে দেব।’ কিছুক্ষণের মধ্যেই পুলিশ এল। তখন ঢাকার এসপি খুবই করিতকর্মা। ক্ষমতা আইজিপির চেয়েও বেশি। তিনি দুজনকে গ্রেপ্তার করে নিয়ে গেলেন। দেশে তখন জরুরি অবস্থা।

দুই.

ফ্ল্যাশব্যাক। দেশে চলছে ইয়াহিয়া খানের সামরিক শাসন। ঊনসত্তরের গণ-আন্দোলনের সময় গড়ে ওঠা কেন্দ্রীয় ছাত্রসংগ্রাম পরিষদ থেকে এনএসএফ আর পিকিংপন্থী ছাত্র ইউনিয়ন বেরিয়ে গেছে। ছাত্রলীগ আর মস্কোপন্থী ছাত্র ইউনিয়ন সিদ্ধান্ত নিয়েছে, ১৭ সেপ্টেম্বর (১৯৬৯) যৌথভাবে শিক্ষা দিবস পালন করবে। এ উপলক্ষে ১৫ সেপ্টেম্বর মধুর ক্যানটিনে ডাকা হয়েছে ছাত্রলীগের কর্মিসভা। সমাবেশ বড় হওয়ায় ক্যানটিনের ভেতরে জায়গা হচ্ছে না। সভা শুরু হলো ক্যানটিনের পাশে সবুজ ঘাসের জমিনে। নেতারা ভাষণ দিচ্ছেন। হঠাৎ একজন চেঁচিয়ে উঠলেন, ‘জয় বাংলা’। অল্প কয়েকজন সাড়া দিলেন। এ স্লোগান আগে কেউ শোনেননি। সবাই বিস্মিত। এই তরুণ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিন্নাহ হলের (পরে সূর্য সেন হল) ছাত্রলীগ নেতা আফতাব আহমাদ। স্লোগানটি কলাভবনে চাউর হয়। ছাত্রলীগের অনেকেই সংগঠনের সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল আলম খানের শিষ্য। তাঁরা ‘জয় বাংলা’ নিয়ে ক্যাম্পাসে মুখর হন।

তিন.

১৯৭০ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশ্য রাজনৈতিক তৎপরতার ওপর থেকে নিষেধাজ্ঞা উঠে যায়। প্রতি রোববার পল্টন ময়দানে জনসভা হয়। ১১ জানুয়ারি ছিল আওয়ামী লীগের জনসভা। মাঠ লোকে লোকারণ্য। মঞ্চে সভাপতি শেখ মুজিবুর রহমানসহ নেতারা বসে আছেন।

সিরাজুল আলম খান শেখ মুজিবের আস্থাভাজন সংগঠক। কয় দিন আগে তিনি গিয়েছিলেন জিন্নাহ অ্যাভিনিউতে (পরে বঙ্গবন্ধু অ্যাভিনিউ) ছাত্রলীগের সাবেক সভাপতি সৈয়দ মাজহারুল হক বাকীর একটা বিজ্ঞাপনী সংস্থার অফিসে। সেখানে কাজ করেন শিল্পী কামাল আহমদ (কিছুদিন আগে টরন্টোতে মারা গেছেন)। সিরাজুল আলম খানের অনুরোধে কামাল আহমদ দুটো কাঠের টুকরায় এঁকে দেন-জয় বাংলা। সিরাজ এটি পল্টনে সভামঞ্চে পেরেক ঠুকে এমনভাবে লাগিয়ে দেন, যেন মাঠের সব জায়গা থেকে দেখা যায়। সভা শুরুর আগে শেখ মুজিব সিরাজকে বললেন, ‘স্লোগান দে।’ তিনি দাঁড়িয়ে মাইক্রোফোন ধরে কণ্ঠস্বর সপ্তমে চড়িয়ে বললেন, জয় বাংলা। সমাবেশের বিভিন্ন জায়গা থেকে তাঁর শিষ্যরা সমস্বরে বললেন, জয় বাংলা। এই প্রথম প্রকাশ্য জনসভায় উচ্চারিত হলো জয় বাংলা।

এই স্লোগান নিয়ে তখন আওয়ামী লীগে অস্বস্তি। এতে হিন্দুয়ানি গন্ধ পাওয়া যাচ্ছে। তত দিনে দেশের ইসলাম-পসন্দ মুসলিম লীগ, জামায়াতে ইসলামী ইত্যাদি এর একটা প্যারোডি বের করে ফেলেছে, ‘জয় বাংলা জয় হিন্দ, লুঙ্গি খুইলা ধুতি পিন্দ’।

১৯৭০ সালের ৭ জুন ঢাকার রেসকোর্সে (এখন সোহরাওয়ার্দী উদ্যান) হলো আওয়ামী লীগের জনসভা। সভাপতির ভাষণে শেখ মুজিব প্রথমবার প্রকাশ্যে স্লোগান দিলেন, ‘জয় বাংলা’। একই সঙ্গে তিনি বললেন, ‘জয় পাঞ্জাব, জয় সিন্ধ, জয় বেলুচিস্তান, জয় সীমান্ত প্রদেশ, জয় পাকিস্তান।’ এই হচ্ছে জয় বাংলা স্লোগানের ইতিহাস।

সাধারণ নির্বাচনের তোড়জোড় চলছে। আওয়ামী লীগের মনোনয়ন পেয়ে সবাই যাঁর যাঁর এলাকায় গণসংযোগ করছেন। অনেক জায়গায় আওয়ামী লীগের প্রার্থীরা দুর্বল, প্রতিপক্ষ সবল। সিরাজুল আলম খান তাঁর শিষ্যদের পাঠালেন বিভিন্ন কনস্টিটুয়েন্সিতে আওয়ামী লীগের পক্ষে এবং গোপনে স্বাধীনতার প্রচার চালাতে। তাঁদের বিচিত্র অভিজ্ঞতা হলো। অনেক জায়গায় আওয়ামী লীগের নেতারা জয় বাংলা স্লোগান দিতে নিষেধ করলেন। বললেন, এই স্লোগান দিলে সবাই তাঁদের ভারতের দালাল বলবে, ভোট পাওয়া যাবে না। আওয়ামী লীগ যে নির্বাচনী ইশতেহার প্রকাশ করেছিল, তাতে ‘জয় বাংলা’র জায়গা হয়নি।

চার.

১৯৭০ সালের ডিসেম্বরের নির্বাচনে আওয়ামী লীগ একচেটিয়া জয় পায়। জয় বাংলা তখন সবচেয়ে জনপ্রিয় স্লোগান। নানা টালবাহানা করে সামরিক সরকার যখন নির্বাচিত প্রতিনিধিদের হাতে এরপর ২৩ পৃষ্ঠায়



২০২০ সালে হাইকোর্ট তাঁর পক্ষে রায় দেন। হাসিনা সরকার ২০২২ সালে এক প্রজ্ঞাপনের মাধ্যমে এটি জাতীয় স্লোগান ঘোষণা করে। এক আওয়ামীবিরোধী আইনজীবী সম্প্রতি এই রায় বাতিলের আবেদন জানালে আপিল বিভাগ হাইকোর্টের রায় বাতিল করে দেন। সম্প্রতি ব্যাকফুটে থাকা আওয়ামী লীগের সমর্থকেরা এ নিয়ে মাতম শুরু করেছেন। তাঁদের কথা শুনলে মনে হয়, স্লোগানটি বুঝি নিষিদ্ধ হয়েছে। কানে হাত না দিয়ে অনেকেই চিলের পেছনে দৌড়াচ্ছেন। প্রশ্ন হলো, কথায় কথায় আদালতে দৌড়াতে হবে কেন? আর আদালতই-বা কেন এসব আমলে নেন? শুনতে পাই, সেখানে লাখ লাখ মামলা বিচারের অপেক্ষায় স্তূপ হয়ে আছে। আদালত সেগুলো আমলে নিচ্ছেন না কেন?

# মোদি, এ বিজয় ভারতের নয়, বাংলাদেশের

সারফুদ্দিন আহমেদ



বছর দশেক আগে জনসভায় নরেন্দ্র মোদি নিয়মিত বুক চাপড়ে হুংকার দিতেন, ‘ছাপ্পান্ন ইঞ্চির ছাতি আমার। কাউকে পরোয়া করি না!’

ব্যক্তি হিসেবে ছাপ্পান্ন ইঞ্চি বুকের ছাতি নিয়ে মোদি তিনবেলা গৌরব করুন। তাতে কেউ আপত্তি করতে আসবে না। তিনি তাঁর চেয়ে কয়েক ইঞ্চি কম মাপের বুকের ছাতিওয়ালা কারও সঙ্গে হম্বিতম্বি করলেও হয়তো তৃতীয় কারুর বলার কিছু নেই।

কিন্তু ভারতের প্রধানমন্ত্রী হিসেবে মোদির যাকে বাধ্যতামূলকভাবে পরোয়া করার কথা ছিল, তার নাম কূটনৈতিক শিষ্টাচার, তার নাম অন্য দেশের সার্বভৌমত্ব।

কিন্তু আজ (১৬ ডিসেম্বর) আমাদের মহান বিজয় দিবসে তিনি একজন প্রধানমন্ত্রী হিসেবে তাঁর এক্স হ্যান্ডেলে যে পোস্ট দিয়েছেন, তাতে মনে হচ্ছে, ছাপ্পান্ন ইঞ্চি বুকের ছাতির গরম তিনি বাংলাদেশের মানুষকেও দেখাতে মরিয়া হয়ে উঠেছেন।

সকালে মোদি তাঁর পোস্ট করা বার্তায় বলেছেন, ‘আজ বিজয় দিবসে আমরা সেই সাহসী সৈনিকদের সাহস ও আত্মত্যাগকে সম্মান জানাই, যাঁরা ১৯৭১ সালের ঐতিহাসিক বিজয়ে অবদান রেখেছিলেন। তাঁদের নিঃস্বার্থ নিষ্ঠা ও অটল সংকল্প আমাদের জাতিকে সুরক্ষিত করেছে এবং আমাদের গৌরবে ভরিয়ে দিয়েছে। এই দিনটি তাঁদের অসামান্য বীরত্ব ও অবিচল মানসিকতাকে শ্রদ্ধা জানানোর দিন। তাঁদের আত্মত্যাগ প্রজন্মের পর প্রজন্মকে অনুপ্রাণিত করবে এবং আমাদের জাতির ইতিহাসে চিরদিনের জন্য গভীরভাবে গেঁথে থ াকবে।’

আমরা জেনেছি, রেসকোর্সে আমির আবদুল্লাহ খান নিয়াজী বুলেটসহ পিস্তল জমা দিতেই ছাপ্পান্ন হাজার বর্গমাইলের বিজয় ফাইনাল হয়ে গিয়েছিল। সেই বিজয় ছিল বাংলাদেশের নিরঙ্কুশ বিজয়। ভারত সেই বিজয়ের সহযোগী ছিল, ভাগীদার ছিল না। নয় মাস যুদ্ধের পর ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পশ্চিম পাকিস্তান থেকে মুক্ত হয়ে বাংলাদেশ স্বাধীন হয়েছে, বিজয়ী হয়েছে। সেই বিজয়ের সহযোগী দেশ হিসেবে বাংলাদেশের বিজয়ের আনন্দে কি বড়োর ভারত শামিল হতেই পারত।

ভারতের শামিল হওয়াটা বাংলাদেশের বিজয়ানন্দকে আরও বাড়িয়ে দিতে পারত। কিন্তু আমরা দেখলাম, ১৬ ডিসেম্বরে আমরাও বিজয় দিবস উদ্‌যাপন করি; ভারতও ‘বিজয় দিবস’ উদ্‌যাপন করে। ভারতের সেই ‘বিজয় দিবস’ উদ্‌যাপনে থাকে ভারত আর পাকিস্তানের যুদ্ধের গল্প।

বাংলাদেশের গেরিলা বাহিনীর হাড় হিম করা লড়াইয়ের গল্প নেই। আছে শুধু ভারতের সেনাদের বীরোচিত অবদানের আখ্যান। ভারত সেই ১৯৭২ সাল থেকে ‘বিজয় দিবস’ উদ্‌যাপন করে আসছে। আমাদের মহান মুক্তিযুদ্ধকে তখন থেকেই ভারতের রাজনীতিকেরা ভারত-পাকিস্তান যুদ্ধ হিসেবে দেখিয়ে আসছেন। এটি যথেষ্ট আপত্তিকর বিষয় হলেও বাংলাদেশের দিক থেকে এত দিন ভারতের প্রচারিত ভাষ্যকে তেমন একটা গায়ে মাখা হয়নি।

ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতিরা এই দিবসে বাণী দিলে সেখানে অন্তত বাংলাদেশের অভ্যুদয়ের কথা থাকত। কিন্তু মোদির টুইট পড়লে মুক্তিযুদ্ধকে ‘ভারতীয় সেনাবাহিনীর অসাধারণ সাফল্য’ বলেই মনে হবে। পুরো পোস্টের কোথাও ‘বাংলাদেশ’ শব্দটি পর্যন্ত নেই। এই ‘বিজয় দিবস’ যে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সঙ্গে জড়িয়ে আছে, মোদির টুইট পড়ে তাও বোঝার উপায় নেই। শুধু কি মোদি? ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তাঁর এক্স হ্যান্ডেলে যে টুইট করেছেন, তার ভাষাও একই রকমের।

মুর্মু লিখেছেন: ‘বিজয় দিবসে আমি আমাদের সাহসী সৈনিকদের প্রতি শ্রদ্ধা জানাই, যাঁরা ১৯৭১ সালের যুদ্ধে অপরাজেয় সাহস প্রদর্শন করে ভারতের বিজয় নিশ্চিত করেছিলেন। কৃতজ্ঞ জাতি আমাদের বীর শহীদদের চূড়ান্ত ত্যাগ স্মরণ করে, যাঁদের গল্প প্রতিটি ভারতীয়কে অনুপ্রাণিত করে এবং যাঁদের গল্প জাতীয় গর্বের উৎস হিসেবে চিরকাল থেকে যাবে।’

একটি দেশের রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বার্তা সেই দেশের রাষ্ট্রীয় বার্তা। এই নেতারা যখন এই বার্তা দেন তখন স্পষ্ট হয়ে যায়, ভারত রাষ্ট্রটি বাঙালি জাতির একটি শ্রেষ্ঠ অর্জনের গৌরবকে রীতিমতো ছিনতাই করে নেওয়ার চেষ্টা করছে।

রাষ্ট্র হিসেবে ভারতের এই মনোভাবকে বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও অখণ্ডতার প্রতি সরাসরি হুমকি বললে বাড়িয়ে বলা হবে না। ভারতের নতুন পার্লামেন্ট ভবনে ‘অখণ্ড ভারত’-এর মানচিত্র সাজিয়ে রাখা হয়েছে। সেই ম্যাপে আশপাশের দেশগুলোর সঙ্গে বাংলাদেশকেও ঢুকিয়ে রাখা হয়েছে। এটি প্রতিবেশি রাষ্ট্রগুলোর সার্বভৌমত্বের প্রতি কত বড় আঘাত তা তাদের উপলব্ধি করতে না পারার কথা নয়। পার্লামেন্টের দেয়ালে ওই মানচিত্র সেঁটে রাখার পেছনে কট্টর হিন্দুত্ববাদী আরএসএসের মূল মতাদর্শগত চিন্তা বাস্তবায়নকারী দল বিজেপির নেতাদের যে দুরভিসন্ধির কথা মাঝে মাঝে আলোচনায় উঠে আসে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও রাষ্ট্রপতি মুর্মুর আজকের টুইট তাকে আরও জোরালো করবে। আশার কথা, বাংলাদেশের মানুষ মোদির টুইটের তীব্র প্রতিবাদ করেছে। প্রতিবাদ করছেন তরুণেরা। প্রতিবাদকারীদের মধ্যে আমাদের সরকারের একজন গুরুত্বপূর্ণ উপদেষ্টাও আছেন।

যেখানে একটা খাঁটি প্রতিবাদই একটা বায়ান্ন; একজন খাঁটি মুক্তিযোদ্ধাই যেখানে একটা একাত্তর; সেখানে কোটি বাঙালির সম্মিলিত প্রতিবাদে মোদির বার্তা ভেসে যাবে, এতে আর সন্দেহ কী?

লেখক: কলামিস্ট।



পার্লামেন্টের দেয়ালে ওই মানচিত্র সেঁটে রাখার পেছনে কট্টর হিন্দুত্ববাদী আরএসএসের মূল মতাদর্শগত চিন্তা বাস্তবায়নকারী দল বিজেপির নেতাদের যে দুরভিসন্ধির কথা মাঝে মাঝে আলোচনায় উঠে আসে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও রাষ্ট্রপতি মুর্মুর আজকের টুইট তাকে আরও জোরালো করবে। আশার কথা, বাংলাদেশের মানুষ মোদির টুইটের তীব্র প্রতিবাদ করেছে। প্রতিবাদ করছেন তরুণেরা। প্রতিবাদকারীদের মধ্যে আমাদের সরকারের একজন গুরুত্বপূর্ণ উপদেষ্টাও আছেন। যেখানে একটা খাঁটি প্রতিবাদই একটা বায়ান্ন; একজন খাঁটি মুক্তিযোদ্ধাই যেখানে একটা একাত্তর; সেখানে কোটি বাঙালির সম্মিলিত প্রতিবাদে মোদির বার্তা ভেসে যাবে, এতে আর সন্দেহ কী?

# মুক্তিযুদ্ধে বাংলার শিল্পী সমাজ

> উদ্বোধন করেন প্রখ্যাত ভাস্কর শ্রী দেবীপ্রসাদ রায় চৌধুরী। আমাদের মুক্তিযুদ্ধ গৌরবময় ইতিহাসের স্মারক নির্মাণ করেছেন আমাদের দেশের দেশপ্রেমিক শিল্পীরা। মুক্তিযুদ্ধে একজন সশস্ত্র যোদ্ধার কাজ তারা করেছেন তুলি-কলম-রঙের বর্ণিল আঁচড় দিয়ে। মাতৃভূমির প্রতি, দেশের মানুষের প্রতি যে দায় তা তারা পালন করেছেন সর্বাত্মকভাবে। তাদের এই দায়বদ্ধতার ইতিহাস সঠিকভাবে সংরক্ষণ করলে এই প্রজন্ম জানবে শিল্পীর স্বাধীনচেতা স্বভাব ও মাটি মানুষের প্রতি দায়বদ্ধতা, যার মধ্যে নিহিত রয়েছে শিল্পের রাজনীতি। শিল্পকলার বিকাশে শিল্পীর দায়বদ্ধতার পাটাতনকে পোক্ত করার পর বিকল্প নেই

**দীপংকর গৌতম**



মুক্তিযুদ্ধ বাঙালির আত্মপরিচয়ের স্মারক কিংবা জন্ম-জরুল বলা যায়। মুক্তিযুদ্ধ কখনও একটি ঘটনার মধ্য দিয়ে শুরু হয় না। ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের আগে আমরা একই বিষয় দেখে এসেছি। সিপাহি বিদ্রোহ বা সিরাজউদ্দৌল্লার আত্রকাননের যুদ্ধ-কোনোটাই মুক্তি সংগ্রাম থেকে আলাদা নয়। আন্দোলন-সংগ্রামের এক একটি সোপান অতিক্রম করে স্বাধীনতা সংগ্রামের দিকে অগ্রসর হয়। বাঙালির স্বাধীনতার আকাঙ্ক্ষা ছিল বহু পুরনো। কৈবর্ত বিদ্রোহ থেকে তেভাগা, টংক, নানকার, ফকির-সন্ন্যাসী বিদ্রোহসহ বিভিন্ন কৃষক সংগ্রাম-সব গণসংগ্রামই ছিল স্বাধীনতার এক একটি সোপান।

স্বাধীনতা যুদ্ধ কখনও একবারে বা একদিনে শুরু হয়েছে-বিশ্বের বিভিন্ন দেশের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস তা বলে না। বাঙালির গণসংগ্রামের এই ধারাবাহিকতায় ৫২, ৬২, ৬৯-এর রক্তাক্ত পথ পেরিয়ে এক সাগর রক্তের বিনিময়ে অজস্র মানুষের আত্মদানের মধ্য দিয়ে আসে মুক্তির সেই মাহেন্দ্রক্ষণ। আমাদের মহান স্বাধীনতা ত্রিশ লাখ মানুষের রক্ত ও ২ লাখ মা-বোনের সম্ভ্রমের বিনিময়ে অর্জিত।

১৯৭১ সালের ২৫ মার্চ মধ্যরাতে ঘুমন্ত নিরীহ বাঙালির ওপর পাকিস্তানি হানাদার বাহিনী হায়েনার মতো ঝাঁপিয়ে পড়ে। 'অপারেশন সার্চ লাইট' নামক পরিকল্পনার নামে নারকীয় গণহত্যা শুরু করে। এক রাতেই তারা হত্যা করে ৩০ হাজার মানুষকে। এত কম সময়ে এত বড় গণহত্যা বিশ্বের ইতিহাসে নজিরবিহীন। প্রথমে কেউ বুঝে উঠতে পারেনি কী করবে। তারপর পথ সব খুলে যায়। মা, মাটি ও মানুষ রক্ষায় তীব্র প্রতিরোধ গড়ে তোলে বাংলার দামাল ছেলেরা।

১৯৭১ সালের ২৬ মার্চ শুরু হয় স্বাধীনতা যুদ্ধ। দেশকে হানাদারমুক্ত করতে মরণপণ লড়াইয়ে অংশ নেয় রাজনৈতিক কর্মী, ছাত্র, শ্রমিক, কৃষক, পেশাজীবী, শিল্পীসহ সব শ্রেণির মানুষ। পাকিস্তানি হানাদার বাহিনীর আক্রমণ ও গণহত্যা মোকাবিলায় গড়ে তোলে প্রতিরোধ। সশস্ত্র যুদ্ধের পাশাপাশি মননশীলতার মধ্য দিয়েও যুদ্ধকে গতিশীল করা হয়। গঠিত হয় স্বাধীন বাংলা বেতার কেন্দ্র। একইভাবে চিত্রশিল্পীরাও শামিল হয় জনযুদ্ধে। শিল্পীর দায়বদ্ধতার প্রশ্ন কত বড় তা বুঝেই সময়ের দাবি পূরণ করতে শিল্পীরা মানুষের চেতনায় প্রতিবাদের ভাষা জুড়ে দিতে মুক্তিসেনাদের মতোই নেমে পড়েন মাঠে।



বিশ্বখ্যাত লেখক মিলান কুন্ডেরা বলেছেন, ক্ষমতার বিরুদ্ধে মানুষের সংগ্রাম হচ্ছে বিস্মৃতির বিরুদ্ধে স্মৃতির সংগ্রাম। আত্মদানের প্রতিজ্ঞায় দীপ্ত দীর্ঘ ধারাবাহিক অভিযাত্রা ছিল আমাদের স্বাধীনতার সংগ্রাম। দেশভাগের পর কৃষকের তেভাগা আন্দোলনে শিল্পী সোমনাথ হোড় কীভাবে কৃষকের সংগ্রামের সাথী হয়ে ছবি এঁকেছেন, তার তেভাগার ডায়েরি সে পরিচয় বহন করছে আজও। একইভাবে ১৯৫২ সালের ভাষা আন্দোলন আবির্ভূত হয়েছিল মুক্তিসংগ্রামের মূল বাতিঘর হিসেবে।

১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ছিল ঢাকা আর্ট কলেজের বার্ষিক প্রদর্শনীর উদ্বোধনের দিন। কিন্তু সেদিন তারা প্রদর্শনী বন্ধ করে, ১৪৪ ধারা ভঙ্গ করে রাষ্ট্রভাষা আন্দোলনের মিছিলে যোগ দিয়েছিল। তাদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন ইমদাদ হোসেন, মুর্তজা বশীর, আমিনুল ইসলাম, কাইয়ুম চৌধুরী, রশীদ চৌধুরী প্রমুখ। এছাড়া একুশের পোস্টার, ফেস্টুন এঁকে আন্দোলনে প্রাণসঞ্চার করেছিলেন শিল্পীরা। ১৯৬৮ সালের একুশে ফেব্রুয়ারি থেকে শিল্পীরা রাজপথসহ বিভিন্ন স্থানে আলপনা আঁকার রীতি প্রবর্তন করেন চারুশিল্পীরাই।

শহীদ মিনার থেকে আজিমপুর কবরস্থান পর্যন্ত রাস্তাজুড়ে আঁকা আলপনা বাঙালির সংস্কৃতিতে এক নতুন মাত্রা যুক্ত করে, সৃষ্টি করে নবচেতনার। ১৯৬৭ থেকে শিল্পীরা বিভিন্ন বার্তা বহনকারী ব্যানারের প্রদর্শনী করে এসেছিল। ১৯৬৯ বাঙালির আত্মপ্রতিষ্ঠার আন্দোলনে ভিন্নমাত্রা যুক্ত করে। সেই বছর ২১ ফেব্রুয়ারির স্লোগান ছিল 'আজ পলাশ ফোটার দিন'। ঢাকা আর্ট কলেজের ছাত্ররা 'অ' 'আ' অক্ষর দিয়ে ফুলের বলয় এবং আন্দোলনের বার্তা বহনকারী স্বরবর্ণের ব্যানার শহীদ মিনারে টানায়। এই কাজে প্রত্যক্ষভাবে অংশ নিয়েছিলেন শিল্পী রফিকুন নবী, মুস্তাফা মনোয়ার, শাহাদাৎ চৌধুরী, প্রাণেশ মণ্ডল, আবুল বারক আলভী, সৈয়দ আবদুল্লাহ খালিদ, আনোয়ার হোসেন, লুতফর রহমান, ইমদাদ হোসেন প্রমুখ।

১১ দফা আন্দোলনে চারুশিল্পীদের ভূমিকা কী হবে তা নিয়ে প্রথম সভা হয় তৎকালীন ইকবাল হলে। এই সভায় রাজনৈতিক নেতাদের মধ্যে উপস্থিত ছিলেন তোফায়েল আহমেদ, সাইফুদ্দীন আহমেদ মানিক, শাজাহান সিরাজ প্রমুখ। সিদ্ধান্ত হয় আন্দোলনের জন্য শিল্পীরা পোস্টার, ব্যানার, ফেস্টুন তৈরি করবে। সার্বক্ষণিক যোগাযোগ রাখবেন ডাকসুর সেই সময়কার সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান নূর। আর্ট কলেজে প্রতিদিন রাত জেগে পোস্টার লেখা হতো। প্রতিদিন এক রিম কাগজে সর্বোচ্চ ৫০০ পোস্টার লেখার দায়িত্ব দেওয়া হয়। এই কাজে সৈয়দ আবদুল্লাহ খালিদ, মঞ্জুরুল হাই, শহীদ কবির, রেজাউল করিম, বিজয় সেন, অলক রায়, স্বপন চৌধুরী, হাসি চক্রবর্তী, মনসুরুল করিমসহ আর্ট কলেজের ছাত্ররা যুক্ত ছিলেন।

১৯৬৯ সালের ১৭ জানুয়ারি ঢাকা এরপর ২৮ পৃষ্ঠায়







RAFIQUE RAHMAN
Licensed Real Estate Agent
Certified Buyer Representative
SELLING YOUR HOME?
CALL FOR FREE ANALYSIS...
(347) 475-5365 www.realtorrafiqe.com rafiqerealtor@gmail.com

কনস্ট্রাকশন / রেনোভেশন



Free Estimate
নতুন কিচেন / রিনোভেশন • বাথরুম ইনস্টলেশন/ রিপেয়ার
কার্পেটিং / ফ্লোরিং / ওয়াল • টাইলস, প্লাম্বিং ও ইলেক্ট্রিক সহ
যে কোন কনস্ট্রাকশন কাজের জন্য যোগাযোগ করুন।
বাংলা কনস্ট্রাকশন ইনক
73-05 37th Road, Jackson Heights, NY 11372
Email:bmz01x@gmail.com
Phone: 646-996-7171

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাস্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



**Moin Choudhury**
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত

KARNAFULLY TRAVEL INC. (Approved Travel Agent)

IATA arc Approved



# কর্ণফুলি ট্রাভেল আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা - রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# স্বপ্নকে বাঁচিয়ে রাখুন সফলতার পথে অবিচল থাকুন

যখন আপনি একটি স্বপ্নকে বাস্তবে রূপ দেন, তখন আপনার ভেতরের সন্তুষ্টি আর আনন্দই প্রমাণ করে যে এটি শুধু একটি লক্ষ্য অর্জন নয়, বরং এটি আপনার জীবনের সবচেয়ে বড় সাফল্য। তাই স্বপ্নকে বাঁচিয়ে রাখুন, কারণ স্বপ্ন বাঁচলে আপনি বাঁচবেন। স্বপ্নকে ছুঁতে গেলে যে ত্যাগ, পরিশ্রম এবং লেগে থাকার প্রয়োজন হয়, সেটাই আপনাকে একজন সফল মানুষ বানাবে। সবশেষে বলতে চাই, স্বপ্নকে কখনো মেরে ফেলবেন না। স্বপ্নকে বাঁচিয়ে রাখুন, যত্ন করুন, ভালোবাসুন। প্রতিদিন সেই স্বপ্নকে মনে করিয়ে দিন, তার জন্য কাজ করুন। যে স্বপ্ন একদিন আপনার ঘুম কেড়ে নিয়েছিল, সেই স্বপ্নই একদিন আপনাকে সাফল্যের চূড়ায় নিয়ে যাবে। আর তখন আপনি বুঝতে পারবেন, স্বপ্ন দেখা শুধু আনন্দের নয়, বরং স্বপ্ন পূরণ করা জীবনের সবচেয়ে সুন্দর অনুভূতি। আপনার স্বপ্ন বাঁচুক, আপনার সাফল্য আসুক

সাইফুল হোসেন



মানুষ স্বপ্ন ছাড়া বাঁচতে পারে না। স্বপ্ন জীবনের সেই আলো যা অন্ধকারে পথ দেখায়, আমাদেরকে সামনে এগিয়ে যেতে অনুপ্রাণিত করে। কিন্তু কখনো কি ভেবে দেখেছেন, অধিকাংশ মানুষের স্বপ্ন কেন অধরাই থেকে যায়? কেন তারা স্বপ্ন দেখে কিন্তু সেই স্বপ্নের বাস্তবায়ন করতে পারে না? এর প্রধান কারণ হলো, স্বপ্ন দেখা যতটা সহজ, সেই স্বপ্নকে বাঁচিয়ে রাখা এবং তার পেছনে নিরলসভাবে পরিশ্রম করা ততটা কঠিন। বেশিরভাগ মানুষ তাদের স্বপ্নকে কল্পনার মধ্যেই সীমাবদ্ধ রাখে। তারা স্বপ্ন দেখে, কিন্তু সেই স্বপ্নকে ছুঁতে পারার জন্য যে পরিমাণ ত্যাগ, কঠোর পরিশ্রম আর লেগে থাকার মানসিকতা দরকার, তা তাদের থাকে না।

স্বপ্ন দেখতে সবাই ভালোবাসে। স্বপ্ন দেখা এক ধরনের আনন্দ দেয়, এক ধরনের স্বস্তির অনুভূতি তৈরি করে। কিন্তু একটি কথা মনে রাখতে হবে- স্বপ্ন দেখা আর স্বপ্ন পূরণের মধ্যে বিরাট পার্থক্য রয়েছে। একজন মানুষ তার জীবনে কতটা সফল হবে, তা নির্ভর করে সে তার স্বপ্নের পেছনে কতটা পরিশ্রম করতে রাজি আছে। অনেকেই ভাবেন, স্বপ্ন দেখা মানেই একদিন তা সত্যি হবে। কিন্তু বাস্তবতা হলো, স্বপ্নকে বাস্তবে রূপ দেওয়ার জন্য দিনের পর দিন, বছরের পর বছর কঠোর পরিশ্রম করতে হয়। স্বপ্নের জন্য ঘুম হারাতে হয়, স্বপ্নকে নিজের জীবনের অংশ বানিয়ে নিতে হয়। একজন মানুষ যখন তার স্বপ্নকে বাঁচিয়ে রাখতে পারে না, তখন সেই স্বপ্ন আস্তে আস্তে শুকিয়ে যায়। স্বপ্নের মৃত্যু মানে নিজের ভেতরের জ্বালানিটাকে নিভিয়ে ফেলা। আর এই জ্বালানি নিভে গেলে মানুষ আর এগিয়ে যেতে পারে না। তাই স্বপ্নকে বাঁচিয়ে রাখতে হয়। এটি একটি বীজের মতো, যা যত্ন নিয়ে রোপণ করতে হয়, সময় মতো পানি দিতে হয় এবং সেই বীজটি বড় হয়ে বৃক্ষে পরিণত হওয়া পর্যন্ত দেখাশোনা করতে হয়। যদি এই যত্ন না নেওয়া হয়, সেই বীজ কখনোই গাছ হয়ে উঠবে না।

আমরা অনেক সময় দেখি, মানুষ একেক সময় একেক রকম স্বপ্ন দেখে। ধরুন, কেউ একজন স্বপ্ন দেখলো যে সে একটি কফি শপ দেবে। কিছুদিন পর সে ভাবলো, কফি শপের পরিকল্পনা তেমন ভালো নয়; এবার সে ফার্মেসি দেওয়ার কথা ভাবল। কিছুদিন ফার্মেসি নিয়ে চিন্তা করার পর তার মন আবার পাল্টে গেল, এবার সে মিষ্টির দোকান দেওয়ার স্বপ্ন দেখতে শুরু করলো। এইভাবে এক স্বপ্ন থেকে আরেক স্বপ্নে ছুটে বেড়াতে গিয়ে সে নিজেই হারিয়ে যায়। তার মূল স্বপ্ন, যার জন্য সে প্রথমে কাজ করতে শুরু করেছিল, সেটি কোথায় যেন হারিয়ে যায়। এটাই বাস্তবতার ছবি-অনেকেই নিজের স্বপ্নকে বাঁচিয়ে রাখতে পারে না, কারণ তারা পরিশ্রম করতে রাজি নয় কিংবা সামান্য বাধা দেখলেই হাল ছেড়ে দেয়।



স্বপ্ন বাস্তবায়নের পথে বাধা আসবেই। আপনার সামনে অসংখ্য চ্যালেঞ্জ, অসংখ্য বাধা এসে দাঁড়াবে। কখনো কেউ আপনাকে বলবে, "তোমার স্বপ্নটা অবাস্তব। এটা সম্ভব নয়।" আবার কখনো আর্থিক সংকট কিংবা পরিবেশগত সমস্যা আপনার স্বপ্নের পথে বাধা হয়ে দাঁড়াবে। কিন্তু মনে রাখবেন, এই চ্যালেঞ্জগুলো আসলে আপনাকে পরীক্ষা করার জন্য আসে। আপনি কতটা দৃঢ়, কতটা একাগ্রতার সাথে স্বপ্নের পেছনে ছুটতে পারেন, সেটাই এখানে গুরুত্বপূর্ণ। যারা এই বাধাগুলো অতিক্রম করতে পারে, তারাই শেষমেশ সফল হন।

স্বপ্নকে কখনো মেরে ফেলবেন না। স্বপ্নকে বাঁচিয়ে রাখুন, যত্ন করুন, ভালোবাসুন। প্রতিদিন সেই স্বপ্নকে মনে করিয়ে দিন, তার জন্য কাজ করুন। যে স্বপ্ন একদিন আপনার ঘুম কেড়ে নিয়েছিল, সেই স্বপ্নই একদিন আপনাকে সাফল্যের চূড়ায় নিয়ে যাবে। আর তখন আপনি বুঝতে পারবেন, স্বপ্ন দেখা শুধু আনন্দের নয়, বরং স্বপ্ন পূরণ করা জীবনের সবচেয়ে সুন্দর অনুভূতি।

আবদুল কালাম আজাদ বলেছিলেন, স্বপ্ন সেটাই যা আপনাকে ঘুমাতে দেয় না। স্বপ্ন দেখে ঘুমানো খুব সহজ, কিন্তু এমন স্বপ্ন দেখা উচিত যা আপনাকে জাগিয়ে রাখে, কাজ করতে বাধ্য করে। স্বপ্নের এই জ্বালাটাই আপনাকে সামনে এগিয়ে নিয়ে যাবে। কিন্তু এই জ্বালা অনেকেই সহ্য করতে পারে না। তারা স্বপ্ন দেখে, কিন্তু সেই স্বপ্ন বাস্তবায়নের জন্য ত্যাগ স্বীকার করতে চায় না। তাদের কাছে স্বপ্নের আকর্ষণ যতক্ষণ পর্যন্ত সহজ মনে হয়, ততক্ষণ তারা স্বপ্ন দেখে। কিন্তু বাস্তবতায় যখন কঠোর পরিশ্রমের প্রয়োজন পড়ে, তখন তারা পিছিয়ে আসে।

স্বপ্ন বাস্তবায়নের জন্য একটি পরিষ্কার লক্ষ্য দরকার। লক্ষ্য ছাড়া স্বপ্ন শুধুই কল্পনা। আপনি কোথায় যেতে চান, কেন যেতে চান, এবং কীভাবে সেখানে পৌঁছাবেন- এই বিষয়গুলো স্পষ্ট না হলে আপনি কখনো আপনার স্বপ্নকে বাস্তবায়িত করতে পারবেন না। তাই প্রথমেই আপনাকে আপনার স্বপ্নের একটি পরিষ্কার পরিকল্পনা করতে হবে। আপনি যদি পড়াশোনার ক্ষেত্রে একটি লক্ষ্য স্থির করেন, তবে সেই লক্ষ্য পূরণের জন্য নির্দিষ্ট বিষয়ের ওপর গভীর মনোযোগ দিতে হবে। আপনি যদি একটি ব্যবসা শুরু করতে চান, তবে সেই ব্যবসার পরিকল্পনা করতে হবে, বাজার বিশ্লেষণ করতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। স্বপ্ন বড় হতে পারে, কিন্তু সেটিকে বাস্তবে রূপ দেওয়ার জন্য ছোট ছোট ধাপ তৈরি করতে হবে।

অনেক সময় আমাদের স্বপ্নের প্রতি এতটাই আবেগ থাকে যে আমরা বাস্তবতাকে ভুলে যাই। এরপর ২৩ পৃষ্ঠায়

# এবারের বিজয় দিবস কেন এত দ্বিধাবিভক্তভাবে পালিত হলো?

শাহানা হুদা রঞ্জনা

এবারের বিজয় দিবস নানা কারণেই অন্যরকম একটা চেহারা নিয়ে আমাদের সামনে এসেছে বা আমরা দিবসটি পালন করেছি। এবছর বিজয় দিবস পালন করা নিয়ে জাতির মধ্যে বিভক্তি লক্ষ্য করেছি আমরা, যা নিঃসন্দেহে অনভিপ্রেত। অথচ আমরা বারবার জাতীয় কিছু মৌলিক বিষয়ে রাজনৈতিক মেরুকরণের মীমাংসা ঘটিয়ে ঐক্যবদ্ধ হওয়ার কথা বলছি। স্বাধীনতা দিবস, বিজয় দিবস, শহিদ ইত্যাদি নিয়ে যদি আমাদের ব্যাখ্যা ও উদ্যাপনের মধ্যে এতো বিভক্তি থাকে, তাহলে তা দেশের জন্য খুবই দুর্ভাগ্যজনক বলে ধরে নিতে হবে।

নুষ যখন তাদের কৃতিত্বকে অতিরঞ্জিত করে, তখন বুঝতে হবে সে বা তারা নার্সিসিস্ট। নার্সিসিস্ট মানুষের সাথে সম্পর্ক দানা বাঁধে না। এরা নিজেদের কৃতিত্ব নিয়ে এতোটাই অন্ধ থাকেন যে দেশ ও জাতি নিয়ে সীমাহীন মিথ্যাচার, কল্পনার ফানুস ওড়ানো, সংবিধান, মুক্তিযুদ্ধকে অবমাননা করতে দ্বিধা করেন না। এতে দেশের কতটা মঙ্গল হবে জানি না কিন্তু সামাজিক বন্ধন ভেঙে খান খান হয়ে যাচ্ছে। যেহেতু এখন যে যার মতো কাজ করছেন, কথা বলছেন, সিদ্ধান্ত নিচ্ছেন, তাই চারিদিকে কেমন যেন একটা অবিশ্বাস ও থমথমে পরিস্থিতি বিরাজ করছে। আমরা আশা করছি নিঃশব্দ এই উৎকণ্ঠার সময় দ্রুত শেষ হোক, দেশে নির্বাচিত সরকার আসুক।

মাংস ভাগ করার মতো করে এবছর আমরা বিজয় দিবস উদ্যাপন করেছি। ফ্যাসিস্ট সরকারের পতনের পর স্বাধীন পরিবেশে বিজয় দিবস পালন করতে পেরে খুশি হয়েছে একদল। আরেকদল মনে করছে জোর করে বিজয় দিবসকে অন্য চেহারা দেয়ার চেষ্টা করা হচ্ছে। আরেক গ্রুপ বিজয় দিবসকে জুলাই বিপ্লব দিয়ে রিপ্লেস করতে চাইছে। এমনকি বিজয় উৎসব না লিখে ডিসেম্বর উৎসব নামেও আখ্যায়িত করা হয়েছে। আরেক দল মনে করছেন ১৯৭১ এ বিজয় আসেনি, প্রকৃত বিজয় এসেছে ২০২৪ এ। আবার অনেকে এই ধারণার বিরুদ্ধে। তারা মনে করছেন ২০২৪ আর ১৯৭১ কে মেলানো সমীচীন নয়, প্রতিটির গুরুত্ব ভিন্ন। এবছরই আমরা প্রথমবারের মতো ৭ মার্চ এর ভাষণকে অগ্রাহ্য করে বিজয়ের মাসকে উদ্যাপন করেছি। অবশ্য স্বাধীনতা বিরোধীরাও এবছর বেশ উৎসাহ উদ্দীপনা নিয়ে বিজয় দিবস ও শহিদ বুদ্ধিজীবী দিবস পালন করেছে।

রাষ্ট্র সংস্কার করার করার বড় লক্ষ্য নিয়ে যে অন্তর্বর্তীকালীন সরকার গঠিত হয়েছে, তারা যদি এই দ্বিধাবিভক্ত জাতিকে এক পতাকা তলে নিয়ে আসতে না পারেন, তাহলে মুক্তিযুদ্ধের চেতনা ও ২০২৪ এর প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে আদর্শ বাংলাদেশ গড়া কি সম্ভব হবে? ৫৪ বছর পরে এসে জয় বাংলা, বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ, মুক্তিযুদ্ধে শহিদের সংখ্যা, বুদ্ধিজীবী শহিদদের সংখ্যা, কারা শহিদদের হত্যা করেছে, মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্ব প্রশ্নবিদ্ধ করা, জহির রায়হানের অন্তর্ধান, কারা জুলাই আন্দোলন করেছে, কারা করেনি, কে শাহবাগী, কারা প্রকৃত দেশপ্রেমিক-কারা নয় ইত্যাদি বিষয়গুলো নিয়ে বিতর্কে সময় খরচ করছি। অথচ এগুলো করার চাইতে একটি ভালো নির্বাচন কত তাড়াতাড়ি দেয়া যায়, এটাই এখন মূল লক্ষ্য হওয়া উচিত।



আমরা যত বেশি বিতর্কে জড়াবো, নিজেরা ততো বেশি ভেঙে খান খান হবো। আর দেশের ভিতরে মতদ্বৈধতা যত বাড়বে, সুযোগ সন্ধানী চক্র ততো বেশি শক্তিশালী হবে। এবছর বিজয় দিবসের মতো দিনটিকে ঘিরে উৎসাহ-উদ্দীপনা ও আয়োজন কম ছিল না, কিন্তু ঐক্য ছিল না। এই ঐক্যের অভাব এতোটাই প্রকট হয়েছে যে জাতীয় পতাকা বিক্রির উপরেও তা প্রভাব ফেলেছে। এবার ঢাকায় জাতীয় পতাকা বিক্রি কমেছে বলে বিভিন্ন সাক্ষাৎকারে দেখলাম। সবচেয়ে ইন্টারেস্টিং বিষয় জাতীয় পতাকা বিক্রি করছে যে ফেরিওয়ালারা, তারা হিজবুত তাহরিরের পতাকাও বহন করছিল বিক্রির জন্য। কাজেই জাতীয় ঐক্য কীভাবে, কেমন করে হবে, তা ভেবে দেখা দরকার। অবস্থা এমন পর্যায়ে এসে দাঁড়িয়েছে যে আমরা কোনো আনন্দ বা জাতীয় উৎসব একইভাবে আয়োজন বা উদ্যাপন করতে পারছি না। অপ্রিয় হলেও একথা সত্য যে বিজয় দিবসের আনন্দকেও আমরা নানাভাবে দ্বিধাবিভক্ত করে ম্লান করে ফেলেছি।

জুলাই-আগস্ট বিপ্লবের নায়করা মনে করেন তারা দেশ, জাতি, রাজনৈতিক দল, বঙ্গবন্ধু, জনগণের ভোটাধিকার ইত্যাদি নিয়ে যা বুঝেন, যতোটা বুঝেন এটাই সঠিক। পুরো জাতিকেও এখন তাদের মতোই ভাবতে হবে। কারো ধারণা বা মতামত তাদের ধারণার সাথে না মিললেই 'হাসিনা সরকারের দোসর' ট্যাগ দেয়া হচ্ছে। এটা কি ঠিক? একটি স্বাধীন দেশে নানাজনের নানা মত থ াকবেই।

বিগত সরকারের বিরুদ্ধে সবচাইতে বড় অভিযোগ ছিল তারা অন্য পথ ও মতকে অস্বীকার করেছে। আওয়ামী লীগ নিজেদের জনপ্রিয় দাবি করলেও জনগণ তাদের কতটা অপছন্দ করে, সে ব্যাপারে তারা কোনো ধারণাই রাখতেন না। ভাবতেন তারা শক্ত ভিতের ওপর দাঁড়িয়ে আছেন। কিন্তু সেই ভীত যে দুর্বল হয়ে গেছে সেটা ভাবেনি। একবারও ভাবেনি কোন দল বা মত ইতিহাসের অপরিহার্য শক্তি নয়। অথচ এটা যত তাড়াতাড়ি ভাবা যাবে, ততোই মঙ্গল। বাংলাদেশের তরুণ নেতৃত্ব মনে এরপর ৩৬ পৃষ্ঠায়



মানুষ যখন তাদের কৃতিত্বকে অতিরঞ্জিত করে, তখন বুঝতে হবে সে বা তারা নার্সিসিস্ট। নার্সিসিস্ট মানুষের সাথে সম্পর্ক দানা বাঁধে না। এরা নিজেদের কৃতিত্ব নিয়ে এতোটাই অন্ধ থাকেন যে দেশ ও জাতি নিয়ে সীমাহীন মিথ্যাচার, কল্পনার ফানুস ওড়ানো, সংবিধান, মুক্তিযুদ্ধকে অবমাননা করতে দ্বিধা করেন না। এতে দেশের কতটা মঙ্গল হবে জানি না কিন্তু সামাজিক বন্ধন ভেঙে খান খান হয়ে যাচ্ছে। যেহেতু এখন যে যার মতো কাজ করছেন, কথা বলছেন, সিদ্ধান্ত নিচ্ছেন, তাই চারিদিকে কেমন যেন একটা অবিশ্বাস ও থমথমে পরিস্থিতি বিরাজ করছে। আমরা আশা করছি নিঃশব্দ এই উৎকণ্ঠার সময় দ্রুত শেষ হোক, দেশে নির্বাচিত সরকার আসুক


বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯+
JFK-Dhaka-JFK Return
Mohammad B Hossain (Belal)
President & CEO
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
American Airlines
ETIHAD
Emirates
QATAR AIRWAYS
KUWAIT AIRWAYS
দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ
কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ
7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)
Phone: 917-396-4140, 917-592-7828
Price Can Be Change Anytime.
digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com
OPEN 7 DAYS: 11AM -10PM
*Terms & Condition may apply. See store for details.

# ওরা আমাদের বিজয় ছিনতাই করতে চাচ্ছে

ড. মাহবুব উল্লাহ্

গত সোমবার ১৬ ডিসেম্বর আমরা বাংলাদেশে বিজয় দিবস পালন করেছি। এ দিবসটি আমাদের জন্য যুগপৎ আনন্দ ও বেদনার। দীর্ঘ ৯ মাস হানাদার বাহিনীর গণহত্যাযজ্ঞের সঙ্গে অপরিসীম বীরত্বের সঙ্গে লড়াই করেছে আমাদের মুক্তিযোদ্ধারা। এ যুদ্ধে শত-সহস্র প্রাণ ঝরে গেছে। বয়ে গেছে রক্তের বন্যা। মা সন্তানকে হারিয়েছে, স্ত্রী স্বামীকে হারিয়েছে, ভাই বোনকে হারিয়েছে, বোন ভাইকে হারিয়েছে, বন্ধু বন্ধুকে হারিয়েছে, ছাত্র শিক্ষককে হারিয়েছে, শিক্ষক ছাত্রকে হারিয়েছে এবং যোদ্ধা সহযোদ্ধাকে হারিয়েছে। এমন হারানোর বেদনার সঙ্গে অন্য কোনো বেদনার তুলনা হয় কী? ১৯৭১-এর ১৬ ডিসেম্বর এ দেশে হারানোর বেদনার একটি পর্বের অবসান হয়েছিল। সে জন্যই দিনটি ছিল আনন্দের। একে অপরকে উষ্ণ আলিঙ্গনে জড়িয়ে ধরে সেই আনন্দকে উদযাপন করেছে।

১৬ ডিসেম্বর দিনটি ছিল গভীর বেদনার। এই দিনে আমরা ৯ মাসের প্রতিটি দিনে যা কিছু হারিয়েছি, তার হিসাব করতে গিয়ে গভীরভাবে বেদনাপ্লুত হয়েছি। আমাদের বেদনা আরও তীব্র হয়, যখন আমরা জানতে পারলাম পাক হানাদার বাহিনীর দোসররা জাতির শ্রেষ্ঠ সন্তান বুদ্ধিজীবীদের নির্মম-নিষ্ঠুরভাবে হত্যা করেছে। এই বুদ্ধিজীবীদের অসামান্য অবদান ছিল। পঞ্চাশের দশক থেকে এ বুদ্ধিজীবীরা ধীরে ধীরে কিন্তু নিশ্চিত সাহসিকতার সঙ্গে একটি বয়ান তৈরি করেছিলেন। এ বয়ানে বিবৃত হয়েছে পাকিস্তানের শাসকরা কীভাবে পূর্ব পাকিস্তানের জনগণকে শাসন ও শোষণ করছে। তারা জানতেন তাদের এ প্রয়াস পাকিস্তানি শাসকরা ভালো চোখে দেখছে না। তা সত্ত্বেও তারা পিছপা হননি, থেমে যাননি কিংবা মাথা নোয়াননি। কোনো কিছু পাওয়ার জন্য তারা এই পথে পা রাখেননি। শেষ পর্যন্ত এ মানুষগুলোর অনেককেই নির্মম হত্যাকাণ্ডের শিকার হতে হয়েছে। এর চেয়ে বেদনার আর কী হতে পারে! রবীন্দ্রনাথ লিখেছিলেন, অলৌকিক আনন্দের ভার বিধাতা যাহারে দেন/বক্ষে তার বেদনা অপার। এমন অনুভূতিই হয়েছিল ১৬ ডিসেম্বর ১৯৭১ বিজয়ের দিনে। সেদিন পাক হানাদার বাহিনী মিত্রবাহিনীর কাছে আত্মসমর্পণ করেছিল।

বাংলাদেশের মুক্তিযুদ্ধ নিয়ে ৩টি বয়ান আছে। এ বয়ানগুলো যথাক্রমে পাকিস্তানি বয়ান, ভারতীয় বয়ান এবং বাংলাদেশি বয়ান। তবে এ বয়ানগুলোর মধ্যে কোন বয়ান আপেক্ষিকভাবে অধিকতর আন্তর্জাতিক মর্যাদা অর্জনে সক্ষম হয়েছে তা নির্ভর করেছে প্রচারের ব্যাপকতা এবং বয়ান উপস্থাপনায় সূক্ষ্মদর্শিতার ওপর। পাকিস্তানি বয়ানের মূল কথা হলো, শত্রুরাষ্ট্র ভারত পাকিস্তানকে ভাঙার জন্য সর্বাত্মক যুদ্ধ করেছে এবং পাকিস্তানের দুর্বলতার সুযোগ নিয়ে পাকিস্তানি সামরিক বাহিনীকে ঢাকায় আত্মসমর্পণে বাধ্য করেছে। ভারতীয় বয়ান হলো, '৭১-এর ৯ মাসে পূর্ব পাকিস্তানের জনগণের দুর্দশা ও রক্তক্ষরণে সমব্যথী হয়ে বাংলাদেশকে মুক্ত করার জন্য ভারতীয় সশস্ত্র বাহিনী প্রাণপণ যুদ্ধ করেছে এবং শেষ পর্যন্ত পাকিস্তানিদের চরম লজ্জার সঙ্গে অস্ত্র সমর্পণে বাধ্য করেছে। বাংলাদেশি বয়ানটি হলো, বাংলাদেশিদের জন্য '৭১-এর যুদ্ধটি ছিল একটি জনযুদ্ধ। এ জনযুদ্ধে বাংলাদেশের কৃষক, শ্রমিক, মেহনতি মানুষ, ছাত্র, যুবক, বুদ্ধিজীবী, বাঙালি সৈনিক ও বাঙালি পুলিশ অংশগ্রহণ করেছে। তারা দেশপ্রেম এবং জীবনবাজি রেখে প্রাণপণ যুদ্ধ করার ফলে দুর্ধর্ষ রক্তপিপাসু পাকিস্তানি বাহিনী ক্রমান্বয়ে কোণঠাসা হয়ে পড়েছে এবং শেষ পর্যন্ত এ দেশের প্রত্যন্ত অঞ্চলে হত্যার উৎস গুটিয়ে ফেলে রাজধানী ঢাকায় অবসন্ন ও আশাহীন হয়ে জমা হতে বাধ্য হয়েছে। ভারত অস্ত্রশস্ত্র দিয়ে এবং যুদ্ধোপকরণ জুগিয়ে আমাদের মুক্তিযোদ্ধাদের সহায়তা করেছে। এই যুদ্ধে ভারতের সহায়তা সহায়ক ছিল নিঃসন্দেহে, কিন্তু চূড়ান্তভাবে নির্ধারক ছিল না। মুক্তিবাহিনীর সদস্যরা যদি ভারতীয় সেনাদলকে পথ চিনিয়ে নিয়ে না আসত, তাহলে ভারতীয় বাহিনীর বড় বড় কথা বলার সুযোগ থাকত না। অবশ্য ভারতের সামরিক বাহিনীর কোনো কোনো অধিনায়ক যুক্তিসংগতভাবেই মুক্তিসেনাদের অবদানের গুরুত্ব স্বীকার করেছেন। শেষ বিচারে বাংলাদেশি লড়াকুরা তাদের বিজয় তাদের আত্মত্যাগ ও সাহসিকতার মধ্য দিয়ে ছিনিয়ে এনেছে।



পাকিস্তানি সামরিক বাহিনী ১৬ ডিসেম্বর অপরাহ্নে ঢাকার তৎকালীন রেসকোর্স ময়দানে ভারতীয় সামরিক বাহিনী ও মুক্তিবাহিনীর যৌথ কমান্ডের কাছে আত্মসমর্পণ করে। কিন্তু সেই আত্মসমর্পণ অনুষ্ঠানে বাংলাদেশের মুক্তিসেনাদের কমান্ডার ইন চিফ জেনারেল এমএ জি ওসমানী উপস্থিত হতে পারেননি। এয়ার ভাইস মার্শাল এ কে খন্দকারসহ বাংলাদেশ বাহিনীর মেজর কে এম শফিউল্লাহ ও মেজর হায়দার উপস্থিত থাকলেও সম্মানজনক কোনো ভূমিকা পালন করতে পারেননি। ভারতীয় সেনা কমান্ডার সুকৌশলে মুক্তিযোদ্ধাদের কমান্ডকে দূরে সরিয়ে রেখেছিল।

ঢাকায় সেদিন পাকবাহিনী আত্মসমর্পণ করেছিল যেদিন, সেদিন সিলেটের আকাশে জেনারেল ওসমানীকে বহন করা হেলিকপ্টারটি গুলিবিদ্ধ হয়। এ হেলিকপ্টারে জেনারেল ওসমানীর সঙ্গী ছিলেন মেজর জেনারেল রব, ডাক্তার জাফরুল্লাহ চৌধুরী ও শেখ মুজিবুর রহমান তনয় শেখ কামাল। হেলিকপ্টারটির ওপর কোথা থেকে গুলি লেগেছিল, তা নির্দিষ্টভাবে চিহ্নিত করা যায়নি। গুলিবিদ্ধ হওয়ার ফলে হেলিকপ্টারটির তেলের ট্যাংক ফুটো হয়ে যায় এবং তেল ঝরতে থাকে। ফলে হেলিকপ্টারটি সিলেটের একটি গ্রামে জরুরি অবতরণে বাধ্য হয়। এ হেলিকপ্টারে যেভাবে আক্রমণ চালানো হয়, তা ছিল মুক্তিযুদ্ধে বিজয় অর্জনের মহিমা যাতে বাংলাদেশের জনগণ উপভোগ করতে না পারে, তার এরপর ২৮ পৃষ্ঠায়



ইন্দিরা গান্ধীর নেতৃত্বে বিজয় অর্জিত হয়েছিল। তিনি বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর অত্যাচার হচ্ছে উল্লেখ করে ভারত সরকারকে আওয়াজ উঠাতে এবং বাংলাদেশের সঙ্গে কথা বলার আহ্বান জানান। এসব মন্তব্য ও বক্তব্য শুনে কি মনে হয় না ভারতে হিন্দুত্ববাদী বিজেপি ও কংগ্রেসের মধ্যে চিন্তা-চেতনার মৌলিক কোনো পার্থক্য নেই? একটিকে ছেড়ে অন্যটিকে আলিঙ্গন করার কোনো সুযোগ আছে বলে মনে হয় না। আওয়ামী লীগ উভয়কেই আলিঙ্গন করেছে এবং দেশের ও নিজের সর্বনাশ করেছে। বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা আসিফ নজরুল বলেছেন, ১৬ ডিসেম্বর, ১৯৭১ ছিল বাংলাদেশের বিজয়ের দিন। ভারত ছিল এ বিজয়ের মিত্র, এর বেশি কিছু নয়। আসিফ নজরুল স্পষ্ট করেননি ভারত কেমন মিত্র ছিল, কী ছিল এর উদ্দেশ্য?

# জগাখিচুড়ি

রাজীব কুমার সাহা

বাংলা ভাষায় অতিপরিচিত একটি শব্দবন্ধ হলো 'জগাখিচুড়ি'। পরিস্থিতির প্রসঙ্গভেদে আমরা জগাখিচুড়ি শব্দটি ব্যবহার করি। কিন্তু আশ্চর্যের ব্যাপার হলো, আমাদের দৈনন্দিন কথ্যভাষায় জগাখিচুড়ি শব্দটি আহার্য হিসেবে ব্যবহৃত না হয়ে তালগোল পাকানোর প্রতিশব্দ হিসেবে পরিণত হয়েছে। সচরাচর বৃষ্টির দিন ভুনাখিচুড়ি খেয়ে তৃপ্তির ঢেকুর তোলার কথা অনেক শুনেছি, কিন্তু আবহাওয়ার তারতম্যভেদে জগাখিচুড়ি খেয়ে কেউ কোনো দিন অফিস-আদালত-স্কুল-কলেজে গিয়েছেন এমনটা শুনিনি। জগাখিচুড়ি কীভাবে তার খাদ্যগুণ হারিয়ে তালগোল পাকিয়ে ঝামেলায় জড়িয়েছে, আজ জানব তার আদ্যোপান্ত।



জগা এবং খিচুড়ি শব্দসহযোগে গঠিত হয়েছে জগাখিচুড়ি শব্দটি। এটি বাংলা শব্দ এবং বিশেষ্য পদ। আক্ষরিকভাবে জগাখিচুড়ি শব্দের অর্থ হলো বিবিধ তরিতরকারি মিশিয়ে রাঁধা খিচুড়ি। এর আলংকারিক অর্থ হলো বিবিধ বিসদৃশ বস্তুর সংমিশ্রণ বা একত্র সমাবেশ। জগাখিচুড়ি একসময় আহার্যই ছিল কিন্তু কালের পরিক্রমায় জগাখিচুড়ি তার আহার্যগুণ হারিয়ে নেতিবাচক একটি শব্দালংকারে পরিণত হয়েছে। তবে জগাখিচুড়ির ব্যুৎপত্তি বিষয়ে দুটি মত পরিলক্ষিত হয়, একটি হলো ভারতের উড়িষ্যার পুরী শহরে জগন্নাথদেবের মন্দিরে প্রতিদিন ভক্তদের মধ্যে যে খিচুড়ি বিতরণ করা হয়, সেটিই জগাখিচুড়ি। আরেকটি মত হলো, জনৈক জগাই ব্রাহ্মণের রান্না করা অপেক্ষাকৃত স্বল্প মূল্যে কেনা চাল-ডালে মেশানো খাদ্যবস্তুটিই হলো জগাখিচুড়ি।

খিচুড়ি একটি ভাতজাতীয় খাদ্যবস্তু; যা চাল, ডাল, সবজি প্রভৃতি সহযোগে রাঁধা হয়। দক্ষিণ এশিয়ার দেশগুলোতে অন্যতম জনপ্রিয় খাবার হলো খিচুড়ি। অঞ্চলভেদে খিচুড়ির বিভিন্ন আঞ্চলিক রূপ পরিলক্ষিত হয়। যেমন: নরম বা ল্যাটকা খিচুড়ি, ভুনাখিচুড়ি, মাংস খিচুড়ি, নিরামিষ খিচুড়ি প্রভৃতি। খিচুড়ি একটি সহজপাচ্য খাবার। সচরাচর দক্ষিণ এশিয়ায় শিশুকে প্রথম কঠিন খাবার হিসেবে খিচুড়ি খাওয়ানো হয়। মধ্যযুগের মঙ্গলকাব্য 'মনসামঙ্গল'-এ শিব পার্বতীকে ভাবের পানি দিয়ে মুগ ডালের খিচুড়ি রান্নার ফরমায়েশ দিচ্ছেন। অন্যত্র বলা হয়েছে, 'আদা কাসন্দা দিয়া করিবা খিচুড়ি'। আনুমানিক ৩০৫ খ্রিষ্টপূর্বাব্দে আলেকজান্ডার ও তাঁর সেনাপতি সেলুকাস উল্লেখ করেছেন, ভারতীয় উপমহাদেশে চালের সঙ্গে ডাল মেশানো খাবার অত্যন্ত জনপ্রিয় ছিল।




মরক্কোর বিখ্যাত পর্যটক ইবনে বতুতা 'কিশরি'র কথা উল্লেখ করেছেন, যা চাল এবং মুগ ডাল সহযোগে প্রস্তুত করা হতো। পনেরো শতকে ভারতীয় উপমহাদেশে ঘুরতে আসা রাশিয়ান পর্যটক নিকতিন খিচুড়ির কথা তাঁর লেখায় বর্ণনা করেছেন। চাণক্যের লেখায় মৌর্যযুগের চন্দ্রগুপ্তের শাসনামলে চাল, ডালের মিশ্রণে তৈরি খিচুড়ির উল্লেখ পাওয়া যায়। গ্রিক পরিব্রাজক মেগাস্থিনিসের লেখায়ও চন্দ্রগুপ্ত মৌর্যের রাজসভার রান্নাঘরে খিচুড়ির কথা পাওয়া যায়। 'আইন-ই-আকবরি'তে বিভিন্ন প্রকার খিচুড়ির প্রস্তুতপ্রণালি পাওয়া যায়। সেখানে সম্রাট আকবর এবং বীরবলের খিচুড়ি রান্নার গল্পেরও পাঠ মেলে। রাজকীয় খাবার হিসেবে হায়দরাবাদের নিজামের রান্নাঘরেও খিচুড়ি জনপ্রিয় হয়েছিল। সেই খিচুড়ির ভাঁজে ভাঁজে থাকত সুস্বাদু মাংসের কিমা। উনিশ শতকের ভিক্টোরিয়ান যুগে দেশে ফেরত ইস্ট ইন্ডিয়া কোম্পানির কর্মচারীদের হাত ধরে খিচুড়ি ইংল্যান্ডে প্রবেশ করে। এই খিচুড়ি জনপ্রিয় ইংরেজি ব্রেকফাস্ট 'কেদেগিরি' হয়ে ওঠে। কিন্তু এই খিচুড়ির গল্পে আমাদের জগাখিচুড়ির সন্ধান মেলে না। কারণ, এই জগাখিচুড়ি আমাদের তৈরি করা অভিধা।

জগ শব্দের অর্থ হচ্ছে জগৎ, ভুবন, বিশ্ব। এর সঙ্গে জগন্নাথদেবের অবশ্যই সুসম্পর্ক রয়েছে বলেই জগন্নাথ মানে পৃথিবীর প্রভু, পরমেশ্বর, বিষ্ণু, শ্রীকৃষ্ণ। ভারতের উড়িষ্যার পুরীতে অবস্থিত জগন্নাথদেবের মন্দিরে প্রসাদ হিসেবে ভক্তদের নিত্যদিন খিচুড়ি বিতরণ করা হয়। বিবিধ তরিতরকারি সহযোগে চিনে আঁচে এ খিচুড়ি রান্না করা হয়। এ মন্দিরে জাতপাতের কোনো বালাই নেই। বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ সেখানে গিয়ে সাদরে প্রসাদ গ্রহণ করে। 'জগন্নাথদেবের খিচুড়ি' লোকমুখে সংক্ষেপে হয়েছে 'জগাখিচুড়ি'। শব্দটির আলংকারিক অর্থের বিস্তার ঘটাতে যে বিষয়টি ক্রিয়াশীল, সেটি হলো এর রন্ধনপ্রক্রিয়া। এ খিচুড়ি নানা রকম উপাদেয় উপকরণ মিশিয়ে ইচ্ছেমতো তৈরি করা হয়। মূলত খিচুড়ি রান্নার এই এলোমেলো প্রক্রিয়া থেকেই ব্যঙ্গার্থে 'জগাখিচুড়ি' শব্দটি প্রযুক্ত হয়ে চলেছে। এর পাশাপাশি জগাখিচুড়ির আরেকটি প্রচলিত গল্প হলো, জগন্নাথ নামে একজন বৈষ্ণব সাধক ছিলেন। তিনি সারা দিন হরিনামে মগ্ন থাকতেন। তিনি দিনের বেলা একবার মাত্র সাধন কুটির থেকে বের হয়ে কয়েকটি গৃহস্থের বাড়িতে মাধুকরী (ভিক্ষাবৃত্তি) করে চাল, ডাল, আলু, শাকসবজি যা পেতেন, সব একসঙ্গে সেদ্ধ করে সারা দিনে একবার আহার করতেন। তিনি স্থানীয় ব্যক্তিবর্গের কাছে জগন্নাথের অপভ্রংশ 'জগা' নামে পরিচিত ছিলেন। ধরে নেওয়া হয়, এর থেকেই জগাখিচুড়ি শব্দের উদ্ভব।

কোনো শব্দকে নতুন অর্থদ্যোতনায় প্রকাশে সাহিত্যের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সাহিত্যিকবর্গের হাত ধরেই কোনো শব্দের অর্থের প্রসারণ, সংকোচন, উন্নতি ও অবনতি ঘটে। জগাখিচুড়ি শব্দটি অপেক্ষাকৃত তুচ্ছার্থে বা নিন্দার্থে ব্যবহারের প্রবণতা আমরা লক্ষ করি। বর্তমান সময়ে শব্দটি যেন তার আক্ষরিক অর্থ সম্পূর্ণরূপে হারিয়ে বাংলা ভাষাভাষীর কথ্যরীতিতে তালগোল পাকানো বা জটপাকানো অবস্থার প্রতিশব্দ হয়ে উঠেছে।

তিনি দিনের বেলা একবার মাত্র সাধন কুটির থেকে বের হয়ে কয়েকটি গৃহস্থের বাড়িতে মাধুকরী (ভিক্ষাবৃত্তি) করে চাল, ডাল, আলু, শাকসবজি যা পেতেন, সব একসঙ্গে সেদ্ধ করে সারা দিনে একবার আহার করতেন। তিনি স্থানীয় ব্যক্তিবর্গের কাছে জগন্নাথের অপভ্রংশ 'জগা' নামে পরিচিত ছিলেন। ধরে নেওয়া হয়, এর থেকেই জগাখিচুড়ি শব্দের উদ্ভব। কোনো শব্দকে নতুন অর্থদ্যোতনায় প্রকাশে সাহিত্যের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সাহিত্যিকবর্গের হাত ধরেই কোনো শব্দের অর্থের প্রসারণ, সংকোচন, উন্নতি ও অবনতি ঘটে। জগাখিচুড়ি শব্দটি অপেক্ষাকৃত তুচ্ছার্থে বা নিন্দার্থে ব্যবহারের প্রবণতা আমরা লক্ষ করি। বর্তমান সময়ে শব্দটি যেন তার আক্ষরিক অর্থ সম্পূর্ণরূপে হারিয়ে বাংলা ভাষাভাষীর কথ্যরীতিতে তালগোল পাকানো বা জটপাকানো অবস্থার প্রতিশব্দ হয়ে উঠেছে





# Basement Environmental Health & Safety

**আপনার বেসমেন্ট, গ্যারেজ, অ্যাটিক বা পিছনের উঠোনকে বৈধ করতে বিনামূল্যে NYC ADU অনুদানের অর্থ ব্যবহার করুন। (PlusOneADU@hpd.nyc.gov or 311).**

DANGER

**সাবধান- Do Not SLEEP in an Unhealthy Toxic Basement without a Safety Inspection**

## Serious Health Hazards in your Basement

Various Health Issues, Chronic Respiratory illness, Cancer, Kidney, liver, Brain damage, Risk of Severe Mental Health Depression, and Central Nervous System even death. (অস্বাস্থ্যকর বেসমেন্টে দীর্ঘায়িত ঘুমের জন্য দায়ী। বিভিন্ন স্বাস্থ্য সমস্যা, দীর্ঘস্থায়ী শ্বাসযন্ত্রের রোগ, ক্যান্সার, কিডনি, লিভার, মস্তিষ্কের ক্ষতি, গুরুতর স্বাস্থ্যের অবনতি এবং কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের ঝুঁকি, এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে।)







Homeowners: Minimizing Liability and Preventing Legal Lawsuit (আবশ্যিক নিরাপত্তা পরিদর্শন: দায়বদ্ধতা কমানো এবং আইনি মামলা প্রতিরোধ).

- Indoor Air Quality- Lead-Based Paint Check, Radon Gas, and other Toxicity Inspections. বাড়ির মালিকদের অবশ্যই এই ধরনের পরিদর্শনের ব্যবস্থা করতে হবে এবং তাদের অবশ্যই সংশোধন করতে হবে। অস্বাস্থ্যকর বেসমেন্ট থেকে, ভাড়া আদায় নিষিদ্ধ।
- Basement Tenant: Get Help from HPD Grant Money, Move Out from an Unhealthy Toxic Basement. (বেসমেন্ট ভাড়াটিয়া: HPD অনুদানের অর্থের সাহায্য নিন, অসুস্থকর বিষাক্ত বেসমেন্ট থেকে বেরিয়ে আসুন, এবং দীর্ঘায়ু লাভ করুন।) আইনজীবী ছাড়া বেজমেন্ট ভাড়াটিয়ার উচ্ছেদ, ব্যক্তিগত তদন্তের মাধ্যমে অর্থ সংগ্রহ, এবং সম্প্রদায়ের মধ্যস্থতা।

**917-618-0740 Bcsafetymediator@gmail.com**


MERRY
Christmas
and
HAPPY NEW YEAR!
Asef Bari (Tutul)
CEO
631-428-1901
design: ihopeprint.com, 929-538-7903
BARI
HOME CARE
YOUR HEALTH OUR CARE
BARI HOME CARE
বারী হোম কেয়ার

# Immigrant Elder Home Care LLC.

# হোম কেয়ার



ঘরে বসে বাবা-মা, শ্বশুর শাশুড়ি, দাদা-দাদী, নানা-নানী বন্ধু-বান্ধব, প্রতিবেশি এমনকি ছেলে মেয়ে ও ভাইবোনদের সেবা দিয়ে অর্থ উপার্জন করতে পারেন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

কোন সার্টিফিকেট এর প্রয়োজন নেই- কোন ফি চার্জ করি না



**Giash Ahmed**
Chairman/CEO
917-744-7308
giashahmed123@gmail.com

**CORPORATE OFFICE:**
37-05 74 St, 2nd Fl, Jackson Heights, NY 11372
Tel: 917-744-7308, 718-457-0813 Fax: 718-457-0814

**SUTPHIN BLVD OFFICE:**
97-01 Sutphin Blvd, Jamaica, NY 11435
Tel: 718-755-0153

**JAMAICA OFFICE:**
87-54 168 Street, 2nd Fl, Jamaica, NY 11432
Tel: 718-406-5549

**LONG ISLAND OFFICE:**
1 Blacksmith Lane, Dix Hill, NY 11731
Tel: 718-406-5549

**BRONX OFFICE:**
2148 Starling Ave, Bronx, NY 10462
Tel: 718-406-5549

**OZONE PARK OFFICE:**
175 B Forbell St., Brooklyn, NY 11208
Tel: 718-406-5549

**BUFFALO OFFICE:**
859 Fillmore Ave, Buffalo, NY 14212
Tel: 917-744-7308


Merry
CHRISTMAS
&
HAPPY NEW YEAR
GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE
HOME CARE
Rano Nawaz
Vice President
Shah Nawaz Group
design: ihopeprint.com, 929-538-7903
SNG
SHAH NAWAZ
GROUP
GOLDEN AGE
HOME CARE
আজকাল
NYSAJC
BEGINNER'S
NY CAR & LIMO
DMV SERVICES
SSRR
Properties
NB TV



# এ সপ্তাহের কবিতা



## শব্দহীন
### এইচ বি রিতা

গভীর রাতে শব্দহীন,
চাঁদের আলোয় ঢেকে রাখা কথা।
পঞ্চাশ পেড়ুনো আঙুলের ছোঁয়ায়
হৃদয়ের ভাঁজে ভাঁজে লিখে যায়,
একটি লুকানো পত্র।

ও চোখ দেখেনা, কেবল নীরব এক স্বর
যেন এক পুরোনো নদীর গল্প,
যার ঢেউ মুহূর্তেই ভেঙে নিয়ে যায়-
অচেনা তীরের দিকে।

হাওয়া নিঃশব্দে কথা বলে, তুমি তাও বলো না
তবু গালের নরম ছায়ায়,
খুঁজে পাই এক দুজনের গোপন বাসা।

এ শ্বাসের উষ্ণতা-
তপ্ত হয়ে ছুঁয়ে যায় আমার নীরব ভোর।
শব্দহীন এই প্রেম,
যেন রাতের আকাশের তারা,
তাসমান নয়; কেবল দেখা যায় হৃদয়ের চোখে।

কিছুই বলিনি, বলব না,
তবু চুপচাপ থেকেও
আমরা লিখে ফেলি হাজার পাতা।

লেখক: কবি, নিউইয়র্ক।



## আমি উঠবো
### শফিকুল ইসলাম জীবন

আমি উঠবো-
অন্ধকার ভেদ করে প্রথম আলোর মতো,
ভোরের শিস আর শিশিরের ছোঁয়ায়,
আমি জাগবো-
সব বাধা, সব শেকল ভাঙার গানে।
মাটির কাছ থেকে শিখে নিয়েছি ধৈর্য,
শেকড়ের মতো আঁকড়ে ধরেছি আশা,
আমি মাথা উঁচু করবো-
সূর্যের মতো উজ্জ্বল হতে।
আমি উঠবো-
ধ্বংসের প্রাচীর ভেঙে, নতুন দিনের ডাক নিয়ে,
পাহাড়ের চূড়া থেকে সমুদ্রের গর্জনে,
আমি উড়বো-
সাত আসমানের বুক চিরে, তারার পথে।
আমি উঠবো-
হাওয়ার মতো ছুটে চলবো,
আকাশে খুঁজবো নতুন পথ,
নক্ষত্রের মাঝে লিখবো আমার নাম।
আমি উঠবো-
কারণ হার মানা আমার স্বভাবে নেই,
আমার হৃদয় জানে প্রতিটা যন্ত্রণা একেকটা শিক্ষা।
আমি শিখেছি কিভাবে ভাঙা থেকে জোড়া লাগে।
আমি উঠবো-
অন্তরীক্ষের সীমা পেরিয়ে,
যেখানে সময় থমকে দাঁড়ায়,
যেখানে স্বপ্নের জন্ম হয়,
সেই শূন্যতাকে আঁকড়ে ধরবো।
আমি উঠবো-
পাতালের অন্ধকার ফুঁড়ে,
যেখানে ঘুমিয়ে আছে ভাঙা স্বপ্নের ধুলো,
সেখানে ছড়াবো নতুন আলো।
আমি উঠবো-
কারণ আমার রক্তে বইছে সংগ্রামের ঢেউ,
কারণ আমার শিরায় জমেছে সাহসের গান,
কারণ আমি জানি,
মানুষের গল্প শেষ হয় না কখনো।
আমি উঠবো-
এ পৃথিবীর কোলাহল, নিঃসঙ্গতা, বেদনা পেরিয়ে,
আমি হবো এক নীরব শপথের শিখা,
যে জ্বলবে অনন্তকাল।
তুমি দেখবে, আমি উঠবো।
তুমি দেখবে, আমি থামবো না।
আমি একা নই-
আমার সঙ্গে জাগবে হাজারো হৃদয়ের ধ্বনি।
আমি উঠবো, এবং উঠতেই থাকবো।

লেখক: কবি, টরন্টো, কানাডা।





## জন্মভূমি
### সুফিয়ান আহমদ চৌধুরী

জন্মভূমি মন জুড়ে
ভালোবাসা মাখা,
প্রীতি আছে মায়া আছে
দুই চোখে আঁকা।

জন্মভূমি মনে পড়ে
ভোরবেলা আলো,
পাখি ডাকে ফুল ফুটে
লাগে কত ভালো।

বইখাতা নিয়ে ওই
ইশকুলে পড়া,
আঁকাআঁকি পাতা জুড়ে
লেখালেখি ছড়া।

ছুটিদিনে খেলাঘরে
খেলা নিয়ে খেলা,
মনে পড়ে আজো খুব
হাসি খুশি মেলা।

জন্মভূমি চলা পথে
আছে সাথে ঘিরে,
স্মৃতি দুলে কত স্মৃতি
আহা মনে ভিড়ে।

জন্মভূমি ধন্য জন্ম
সবুজের ছায়া,
শোভা গায় মেখে আছে
বাবা মা'র মায়া।

লেখক: কবি, নিউইয়র্ক।



## বিজয় দিবসের ইতিহাস
### মোহাম্মদ মহিবুর রহমান

পলাশীর যুদ্ধে গেল বাংলার স্বাধীনতার সূর্য অস্তমিত
ইংরেজ ও অন্যরা লুটে করে দিল আমাদের আশাহত।
কয়েকশত বছর চলে তাদের শাসন ও শোষন
ইতিহাসে স্বাক্ষী হয়ে আছে তাদের নির্মম আচরণ।

সময়ে সময়ে চলে তাদের বিরুদ্ধে বিভিন্ন বিদ্রোহ
অনেক বীরসেনা দিয়েছে জীবন এবং অনেকে নতুনভাবে
প্রকাশ করেছে যুদ্ধের আগ্রহ।
উনিশত সাত চল্লিশে হলো ভারত ও পাকিস্তান ভাগ
শুরু হলো বাংলার মানুষের আরেক নতুন ত্যাগ।

পাকিস্তানীদের শাসন ও শোষণ
হার মানায় অতীতের ইংরেজ শাসন।
বায়ান্নের ভাষা আন্দোলন দিয়ে স্বাধিকার শুরু
এতে রাজনীতিবিদ, সুশীল সমাজ, শিক্ষকবৃন্দ এবং ছাত্র
সমাজ অনেকে হয় গুরু।

ছেষট্টির ছয় দফা আন্দোলন
বাঙালী জাতির মাঝে জাগে আলোড়ন।
সত্তর এর নির্বাচনে সংখ্যা গরিষ্ঠ বিজয়
পাকিস্তানীদের অত্যাচারের জন্যই তাদের চরম পরাজয়।

বঙ্গবন্ধুর সাতই মার্চের ঐতিহাসিক ভাষন
স্বাধীনতার রূপরেখার এক অপূর্ব বর্ণন ।
উনিশত একাত্তরের ষোলই ডিসেম্বর বাংলাদেশের
ঐতিহাসিক বিজয় দিবস
সাড়ে সাত লক্ষ বীর-বীরঙ্গনার বলিয়ানের সাহস।
বিশ্ব মান চিত্রে আসে আমাদের লাল সবুজের পতাকা
এটি বাংলাদেশের মানুষের রক্তের বিনিময়ে আঁকা।

লেখক: কবি, নিউইয়র্ক।



## মূল্য দিয়ে কিনছি বিজয়
### সুজন দাশ

স্বাধীনতা পাইনি কারো দয়ার দানে,
চাওনি যারা করছো তারা উল্টো মানে!
পিতা হারার দুঃখ কেবল ওরাই জানে,
ভাসলো যারা সারা জীবন ব্যথার বানে!

তাই হারানো বোনটি জানে স্বাধীনতা,
চোখের জলে ঝাপসা স্মৃতি বলে কথা!
মা জানে তার ছেলে হারা দুখের ব্যথা,
তোমরা কিন্তু বুঝবে না তা- সাজছো নেতা!

স্বাধীনতা কিনতে হলো রক্ত দামে,
স্মৃতিগুলো কষ্ট আনে ব্যথার খামে!
বিপক্ষে আজ দাঁড়িয়ে যে টানছে দড়ি,
কালের খাতায় মুছবে সে নাম ঘৃণা ভরি!

দেশপতাকা উর্ধ্বে সবার মনে রেখো,
থাকলে বিবেক জ্ঞানের আলোয় জগৎ দেখো!
স্বাধীনতা যায়না মুছা গায়ের জোরে,
মুছবে যারা ভাসবে তারা ঘৃণার তোড়ে!

লেখক: কবি, নিউজার্সি।



## হৃদয় ক্ষরন
### সীমু আফরোজা

আমার জানাজায় এসো তুমি ,সবাই চলে গেলে
এক মুঠো মাটি তুলে
ছড়িয়ে দিও মাটির চাদরে
তোমার গাল বেয়ে বেয়ে ঝরবে পানি অঝরে
চোখের পলকহীন ভাষায় তোমায় তাড়িয়ে বেড়াবে সেথায়
স্বার্থপরের মতো তোমার জন্য কিছুই রেখে আসিনি ছোট/বড় নানা শত স্মৃতির সমাধির বহর আজ করে ঋনি।

তোমার নাজুক হৃদয়ে কেন তুলেছো ব্যথার ঢেউ
অপরাধি হয়ে বোবা ভাষায় তোমায় শুনছে যে কেউ
আজ তোমার সারাটা দিন কাটবে চোখ ভরা স্মৃতির ফেরিয়ার সাথে
ভাববে কেন হয়েছে দেখা, কথা কেন হলো ঐ হৃদয় ছুঁয়ে যাওয়া ।
কেন বারবার দংশিত করছো হারিয়ে যাওয়া পথের গল্প
বিবেকের কারাগারে ভাবছো কেন সময় ছিল এতো অল্প
আমায় জয় করেছিলে করে হৃদয় ক্ষরন
দংশিত হয়েছে সে আজ মিট্টিকায় সাবদেহে মরন যদি দ্বিতীয় বার দেখা হয় কখনও তবে স্পষ্ট করে বলব একটি বার
খুব বেশি ভালোবাসি আমি তোমায়
সে না বলে যাওয়ার কথা
সেই হবেই শুধু জয় আমার

লেখক: কবি, নিউইয়র্ক।



# U.S. economy high after Trump win and 2025 optimism

Shah Nawaz




A huge part of the U.S. economy expanded at the fastest pace in more than three years as businesses looked forward to a business-friendly Trump White House. The S&P flash U.S. services PMI jumped to a frothy 58.5 in December from 56.1 in the prior month, Standard & Poor's said Monday. It's the highest reading in 38 months — and the highest since 2015 if the pandemic years are excluded.

Numbers above 50 signal growth in the economy, and anything above 55 is exceptional. Service companies such as retailers, banks and health-care providers dominate the economy and employ most Americans. The flash U.S. manufacturing PMI, on the other hand, dipped to a three-month low of 48.3 in December from 49.7 in the prior month.

The downturn in manufacturing the past two years is the worst since 2009. Executives in the much smaller industrial side of the economy were more worried about President-elect Donald Trump's tariffs and the threat of vital raw materials that need to be imported costing more. The surveys are the first indicators of each month to give a sense of how the U.S. economy is performing. Businesses increased employment for the first time in five months in light of growing optimism about 2025. The rate of inflation slowed, especially in the service part of the economy.

Inflation was rising below low pre-pandemic rates. economy has grown surprisingly fast in 2024.

Trump has promised to rev it up even more with tax cuts and mass deregulation. Yet Trump's potentially stiff tariff and immigration policies have also raised worries about roadblocks to growth. The Federal Reserve, for its part, appears primed to pause further interest-rate cuts after this week because of a small uptick in inflation. As a result, the U.S. economy might be fighting crosscurrent in 2025.

## Assad says he wanted to stay in Syria but Russia evacuated him



Ajkal Desk

Ousted Syrian President Bashar Assad says he had no plans to leave the country after the fall of Damascus a week ago but the Russian military evacuated him from their base in western Syria after it came under attack. "I did not leave the country as part of a plan as it was reported earlier," Assad said. The comments posted to his Facebook on Monday are the first by Assad since he was overthrown on Dec. 8 by jihadi-led Syrian rebels, who are now working to establish security and start a political transition. Israel has been pounding what it says are military sites in Syria after the dramatic collapse of Assad's rule, wiping out air defenses and most of the arsenal of the Syrian army. Israeli troops have also seized a border buffer zone, sparking condemnation, with critics accusing Israel of violating the 1974 ceasefire and possibly exploiting the chaos in Syria for a land grab.

## Trump wants to turn the clock on daylight saving time

Ajkal Desk



President-elect Donald Trump wants to turn the lights out on daylight saving time.

In a post on his social media site Friday, Trump said his party would try to end the practice when he returns to office.

"The Republican Party will use its best efforts to eliminate Daylight Saving Time, which has a small but strong constituency, but shouldn't!

Daylight Saving Time is inconvenient, and very costly to our Nation," he wrote.

Setting clocks forward one hour in the spring and back an hour in the fall is intended to maximize daylight during summer months, but has long been subject to scrutiny. Daylight saving time was first adopted as a wartime measure in 1942.

Lawmakers have occasionally proposed getting rid of the time change altogether.

The most prominent recent attempt, a now-stalled bipartisan bill named the Sunshine Protection Act, had proposed making daylight saving time permanent.

The measure was sponsored by Florida Sen. Marco Rubio, whom Trump has tapped to helm the State Department.

"Changing the clock twice a year is outdated and unnecessary," Republican Sen. Rick Scott of Florida said as the Senate voted in favor of the measure. (Source-AP)




## Fleeing Ghost car driver slams into pedestrians in Queens

Ajkal Desk




A ghost-car driver was fleeing from police when he lost control of a white BMW and slammed into a group of four pedestrians in front of a popular Jackson Heights eatery early Sunday morning. Two people were injured in the crash that occurred at around 1:42 a.m. in front of The Queensbury restaurant at 80-02 Northern Blvd. The driver and his passenger fled the scene after the collision and were seen running southbound on 80th Street toward Roosevelt Avenue. EMS responded to the scene and transported a 23-year-old man and a 28-year-old woman to Elmhurst Hospital, where they were listed in stable condition. Police from the 115th Precinct in Jackson Heights spotted one of the men minutes later and took him into custody. Fabrice Bayonne, 32, of Washington Avenue in Amityville, was booked at the precinct, was the passenger who fled the scene of the crash. The driver of the ghost car remains at large. Bayonne was arraigned in Queens Criminal Court on Monday on a complaint charging him with criminal possession of stolen property and other related crimes. According to the criminal complaint, Bayonne was riding in the white BMW when a cop from the 114th Precinct observed it at the intersection of 31st Avenue and 48th Street. After running the Florida plates through an NYPD date base, records showed the license plate was not registered to any vehicle. The officer attempted to make a car stop, but the driver fled the scene at a high rate of speed, driving on the opposite side of the road and speeding through multiple red lights. The officer next saw the white BMW after it crashed into the pedestrians and then collided with the FDNY call box on the corner.

As FDNY workers repaired the call box on Monday morning, Dudley Stewart, one of the owners of The Queensboro, told QNS he was thankful the collision occurred at that hour of the morning.

"nobody was around at that time, so any of our employees or customers were here," Stewart said. "And we are very fortunate the firebox was there to stop the BMW, or it would have surely slammed into our restaurant, which would have been a disaster this close to the holidays." Police said the BMW driver is still being sought, and the investigation remains ongoing. Bayonne's bail was set at $10,000 cash and $30,000 bond, and he was ordered to return to court on Dec. 20.

# Queens Borough President recommends $8 billion Metropolitan Park proposal

Ajkal Desk



Queens Borough President Donovan Richards has recommended conditional approval of the planned $8 billion Metropolitan Park development adjacent to Citi Field, citing the proposal's potential positive impact on the local community.

Richards announced his conditional approval of the Metropolitan Park proposal Monday, stating that casinos do not often translate into long-term success for the communities they are built in. However, he commended the Metropolitan Park team for creating a plan that would provide the community with a 25-acre public park and other community amenities.

The proposal, a planned development by New York Mets owner Steve Cohen and Hard Rock Entertainment that would convert a 50-acre parking lot west of Citi Field into an entertainment complex with a casino as its centerpiece, also shops and restaurants, a Taste of Queens food hall, the redevelopment of the Mets-Willets Point subway station, and improved roads and bike paths as well as the 25-acre park.

Last month, five relevant community boards that cover areas bordering Flushing Meadows-Corona Park overwhelmingly voted in favor of zoning text and city map amendments for the project. Meanwhile, CB 4 – the only other community district deemed "adjacent" to the project – delayed its vote until after the 60-day review period outlined in New York City's ULURP process.

Although the proposed 50-acre site is located on an asphalt parking lot, it is legally designated as city parkland, meaning the amendments must be approved before the project can move forward.

Richards announced his conditional support for the Metropolitan Park on Monday as part of the ULURP process. Both Richards and the relevant community boards issued advisory reviews of the proposal only.

The proposal will now go to the City Planning Commission, City Council and Mayor's office as part of the ULURP process.

Richards' conditional approval comes less than two weeks after the Borough President held a public hearing on Dec. 5 , hearing from the developers behind the project as well as dozens of local residents. (Source-Astoriapost.com)

# When Green Card Holders Face Immediate Deportation from the United States




Ajkal Desk

The journey toward obtaining a US Green Card represents a pivotal achievement for many immigrants as it confers the legal right to reside and work in the United States.

This permanent residency status, while providing numerous opportunities, is accompanied by a set of responsibilities and risks that applicants must thoroughly understand and navigate. According to the United States Citizenship and Immigration Services (USCIS), maintaining permanent residency necessitates strict compliance with immigration laws. Failure to adhere to these regulations can lead to severe consequences, including the potential loss of residency status and deportation.

Grounds for deportation identified by USCIS include involvement in criminal activities, fraudulent claims during the Green Card application process, and aiding unauthorized entries into the US. Particularly egregious offences such as drug trafficking, human smuggling, and participation in terrorist activities can trigger immediate deportation proceedings. Legal permanent residents must also be wary of misrepresenting their immigration status.

Engaging in activities such as voting in US elections, which is reserved for citizens, or misclassifying themselves as nonimmigrants for tax purposes can jeopardize their residency. Additionally, a permanent resident who relocates abroad with no intention of returning may unintentionally abandon their US residency, which can lead to the loss of their Green Card.

In the initial five years of receiving a Green Card, holders remain vulnerable to rescission proceedings if it is revealed that their application was incorrectly approved or if they were ineligible under existing legal provisions. Such situations can culminate in the termination of permanent residency and subsequent removal proceedings. Despite potential risks, Green Card holders benefit from significant rights, including the ability to reside and work throughout the US.

Additionally, they enjoy protections under federal, state, and local laws. However, these privileges come with corresponding responsibilities. Permanent residents are obliged to pay federal and state taxes, participate in democratic governance, and, if required, register with Selective Service. The intricate balance between rights and responsibilities underscores the essential need for Green Card holders to remain vigilant in their adherence to US laws.





# Asif Nazrul and Hasnat slam Modi over Victory Day tweet

Ajkal Desk

Law Adviser Asif Nazrul and Anti-Discrimination Student Movement Convener Hasnat Abdullah yesterday strongly condemned Indian Prime Minister Narendra Modi's remarks on Victory Day.

"I strongly protest. December 16, 1971, was Bangladesh's Victory Day. India was only an ally in this victory, nothing more than that," Asif Nazrul posted on his verified Facebook account.

Within 45 minutes, the post gained significant traction with about 6,000 people commenting on it. Chief Adviser's Press Secretary Shafiqul Alam, along with almost 1,000 others, shared the post.

Earlier, in a post on X (formerly known as Twitter), Modi paid tribute to Indian soldiers for their role in 1971.

"Today, on Vijay Diwas, we pay heartfelt tributes to all the brave heroes who dutifully served India in 1971, ensuring a decisive victory. Their valour and dedication remain a source of immense pride for the nation. Their sacrifices and unwavering spirit will forever be etched in the people's hearts and our nation's history. India salutes their courage and remembers their indomitable spirit," the

# Yunus indicates election by late 2025 or mid 2026

Ajkal Desk



Chief Adviser Prof Muhammad Yunus said it may be possible to hold next national elections at the end of 2025 or first half of the election 2026.

While addressing the nation marking the Victory Day today, Yunus outlined the government's intentions to ensure that Bangladeshi expatriates abroad can vote for the first time.

Yunus emphasised that the timeline for the elections depends on the recommendations of the Electoral Reform Commission and the Constitution Reform Commission, which are currently conducting evaluations.

"Everything takes time. If we want to improve the election process and implement the necessary recommendations, the Election Commission should be given sufficient time to carry out these reforms," he said. He suggested that elections could be held by late 2025 if the voter list is accurately prepared with minimal reforms. However, if broader reforms based on national consensus are implemented, the timeline could extend to the first half of 2026. "And if, in view of the electoral process and the recommendations of the Electoral Reforms Commission and if we add in the expected level of reform based on the national consensus, it could take at least another six months, roughly between the end of 2025 and the first half of 2026", he added.

The chief adviser highlighted the extensive work required to update the voter list, a critical step in the election process.

"The task is more challenging this time because voters did not participate in the last three elections, and the voter list has not been verified for over 15 years," he said.

He underscored the need to include all eligible voters who have come of age during this period while removing duplicate entries from the voter list.

Yunus acknowledged the significance of first-time voters in the upcoming election.

"After a long time, many young women and men will be voting for the first time in their lives. They were deprived of those rights and pleasures in the past.Their participation will make this election a historic and memorable event," he said.

The chief Adviser urged the Election Commission, political parties, and social organisations to take creative initiatives to ensure close to 100 percent voter turnout among first-time voters.

"If we can achieve this, no future government will dare to undermine the people's right to vote," he said. Yunus also reiterated the government's commitment to enabling Bangladeshi expatriates to vote, a promise that has been made repeatedly in the past but never implemented. He called for the creation of a reliable system to facilitate this process.



# মর্নিং ব্রেথ দূর হোক অস্বস্তি

ডা. মো. ফারুক হোসেন

সকাল বেলা ঘুম থেকে উঠার পর প্রিয়জনকে মর্নিং বা গুডমর্নিং বলার সঙ্গে যদি আপনার মুখে বা নিঃশ্বাসে দুর্গন্ধ অনুভব করেন তাহলে নিশ্চয়ই আপনার ভালো লাগবে না। অনেক মানুষ মুখে দুর্গন্ধের সমস্যায় ভোগেন। সকালে ঘুম থেকে উঠে তো বটেই, সারাদিনই অনেকের মুখে দুর্গন্ধ হয়। শরীরের জন্য প্রত্যক্ষভাবে এটি ক্ষতিকারক কিছু নয়, কিন্তু শরীরের অন্যান্য সমস্যার লক্ষণ হতে পারে। কারও সঙ্গে কথা বলতে গেলে মুখের দুর্গন্ধ অস্বস্তির কারণ হয়ে দাঁড়ায়। এখানে আমরা শুধু মর্নিং ব্রেথ বা সকালে ঘুম থেকে উঠে মুখে দুর্গন্ধের বিষয়ে আলোচনা করব।



লালার উৎপাদন এবং প্রবাহ কমে যাওয়ার কারণে মুখে দুর্গন্ধ সৃষ্টিকারী ব্যাকটেরিয়ার জন্ম এবং বংশবৃদ্ধি হয়ে থাকে। মর্নিং ব্রেথের কারণ এবং প্রতিকার সম্পর্কে জানতে হলে লালার উৎপাদন এবং প্রবাহ কেন কমে যায় তা অবশ্যই জানতে হবে। রাতের বেলায় দীর্ঘ সময় আমরা ঘুমন্ত অবস্থায় মুখ বন্ধ করে থাকি। ফলে স্বাভাবিক ভাবেই লালার প্রবাহ কমে যায় এবং মুখ শুষ্ক হয়ে যায়।

ঘরে বা নৈশ পার্টিতে অ্যালকোহল সেবন করলে : অ্যালকোহল তরল পদার্থ হলেও তা শুষ্ক মুখের সৃষ্টি করে থাকে। অ্যালকোহল সেবনের ফলে লালার নিঃসরণ কমে যায়। লালার নিঃসরণ কমে গেলে শুষ্ক মুখের সৃষ্টি হয়। তখন ক্ষতিকর ব্যাকটেরিয়া দুর্গন্ধ সৃষ্টি করে বিধায় সকাল বেলা ঘুম থেকে উঠে মুখে দুর্গন্ধ বা মর্নিং ব্রেথ হয়।

করণীয়: রাতের বেলায় পার্টি থাকলে বা বদ-অভ্যাসের কারণে অ্যালকোহল সেবন করবেন না। আবার রাতের খাবার গ্রহণে সতর্ক থাকতে হবে। যেসব খাবার লালার প্রবাহ কমিয়ে দিতে পারে সেগুলো খাওয়া ঠিক নয়। যেমন, কফি বা ক্যাফেইন সমৃদ্ধ পানীয় রাতের বেলায় পান করলে প্রস্রাব বেশি হবে এবং শরীর থেকে অতিরিক্ত পানি বের হয়ে যাবে। মৃদু ডিহাইড্রেশন সৃষ্টি হতে পারে। ফলে শুষ্ক মুখের সৃষ্টি হবে। আর তখনই মর্নিং ব্রেথ দেখা দেবে যা কারও কাম্য হতে পারে না।

সুগারের মাত্রা বেশি হলে : রাতের বেলায় আপনার রক্তে সুগারের মাত্রা বেশি হলে শুষ্ক মুখ দেখা দিতে পারে। অতিরিক্ত সুগারের ক্ষেত্রে কিডনি আর কাজ করতে পারে না। তাই অতিরিক্ত সুগার প্রস্রাবের সঙ্গে বের হয়ে যায়। ফলে ডিহাইড্রেশন হতে পারে। ডিহাইড্রেশন হলে শুষ্ক মুখ দেখা দেবে। শুষ্ক মুখের কারণে দুর্গন্ধ সৃষ্টিকারী ব্যাকটেরিয়া বংশবৃদ্ধি করে। ফলে মর্নিং ব্রেথ দেখা দিতে পারে।

মুখ দিয়ে শ্বাস নিলে : রাতের বেলায় মুখ দিয়ে শ্বাস নিলেও মুখ শুষ্ক হয়ে যায়। নাকে কোনো প্রতিবন্ধকতা থাকলে অথবা মুখ খোলা রেখে ঘুমালে শুষ্ক মুখের সৃষ্টি হয়। ক্রমাগত দুশ্চিন্তা, ক্যান্সার চিকিৎসার সময় কেমোথেরাপি বা রেডিওথেরাপি গ্রহণ করলে শুষ্ক মুখ হতে পারে। আর শুষ্ক মুখ হলেই আপনার মর্নিং ব্রেথ দেখা দিতে পারে। এগুলো ছাড়া ক্রনিক সাইনোসাইটিস, এসিড রিফ্লাক্স বা এসিড উদগীরণ, লালাগ্রন্থির রোগ এবং অন্যান্য কিছু রোগের কারণে মর্নিং ব্রেথ হতে পারে। কিছু কিছু ক্ষেত্রে শুধু মর্নিং ব্রেথ নয় বরং সারাদিনই মুখে দুর্গন্ধ হয় অনেকের।

যদি ব্রাশ এবং ফ্লস ঠিকভাবে না করা হয় এবং জিহ্বা পরিষ্কার না করলে মর্নিং ব্রেথ হতে পারে। মুখের স্বাস্থ্য অবশ্যই ভালো রাখতে হবে। মর্নিং ব্রেথ অনেক সময় পেরিওডন্টাল রোগের একটি লক্ষণ হিসাবে দেখা দেয়। তাই এক্ষেত্রে দ্রুত ডাক্তারের পরামর্শ এবং প্রয়োজনীয় চিকিৎসা নিতে নবে। এছাড়া রাতে ঘুমানোর সময় এক থেকে দুই গ্লাস পানি পান করবেন। রাতে ঘুম থেকে জেগে ওয়াশরুমে গেলে পুনরায় শোয়ার সময় অবশ্যই এক গ্লাস পানি পান করবেন। তবে লালাগ্রন্থির কিছু রোগ এবং ওষুধের কারণে শুষ্ক মুখ হলে প্রয়োজনীয় চিকিৎসা গ্রহণ করতে হবে।

লেখক: মুখ ও দন্তরোগ বিশেষজ্ঞ।



# ফুসফুসের ক্যানসার নাকি যক্ষ্মা

সহকারী অধ্যাপক ডা. আ ন ম মঈনুল ইসলাম

ফুসফুস ক্যানসার সচেতনতার মাস নভেম্বর। সারা বিশ্বে পুরুষদের ক্যানসারে মৃত্যুর এক নম্বর কারণ ফুসফুস ক্যানসার। শতকরা ৮০ ভাগ ফুসফুস ক্যানসার শনাক্ত হয় দেরিতে তৃতীয় বা চতুর্থ পর্যায়ে, যখন নিরাময় প্রায় অসম্ভব হয়ে পড়ে।

ফুসফুস ক্যানসারের লক্ষণের সঙ্গে অন্য অনেক রোগের লক্ষণের মিল থাকায় প্রথমে ততটা গুরুত্ব দেওয়া হয় না। আরেকটি বড় সমস্যা হলো ফুসফুস ক্যানসার অনেক সময় যক্ষা হিসেবে উপস্থাপিত হয়ে ভুল পথে চিকিৎসার আশঙ্কা তৈরি করে। তবে লক্ষণ এবং পরীক্ষা-নিরীক্ষায় যক্ষা ও ক্যানসার পৃথক করা যায়।





যক্ষা বনাম ফুসফুস ক্যানসার

যক্ষা যেকোনো বয়সে হতে পারে, ক্যানসার সাধারণত বেশি বয়সে হয়।

যক্ষায় ধূমপানের ইতিহাস নাও থাকতে পারে, ক্যানসারে ৮০-৮৫ ভাগ ক্ষেত্রে ধূমপানের ইতিহাস থাকে।

যক্ষার ক্ষেত্রে রোগীর সন্ধ্যাকালীন জ্বর থাকে, যা ক্যানসারে দেখা যায় না।

যক্ষায় রোগীর ওজন কমে ধীরে, ক্যানসারে বেশ দ্রুত।

যক্ষায় সাধারণত বুকে ব্যথা হয় না, ক্যানসারে তীব্র ব্যথা হতে পারে।

যক্ষায় প্রথম দিকেই কাশির সঙ্গে রক্ত যেতে পারে, ক্যানসারে এ লক্ষণ বেশ দেরিতে আসে।

পরীক্ষা

বুকের এক্সরে দেখে চিকিৎসক বেশির ভাগ ক্ষেত্রে যক্ষা নাকি ক্যানসার, তার ধারণা পান। তবে সন্দেহ হলে সিটি স্ক্যান ও ব্রোঙ্কোসকোপির মাধ্যমে ক্যানসার শনাক্ত করা যায়।

যক্ষা যেহেতু জীবাণুঘটিত রোগ, তাই কাশিতে এর জীবাণু শনাক্ত করা যায়। ক্যানসার নিশ্চিত করতে এফএনএসি বা কোর বায়োপসির প্রয়োজন হতে পারে।

বুকে পানি জমলে তার ধরন দেখে ও তাতে ক্যানসার কোষের উপস্থিতি দেখেও ক্যানসার নিশ্চিত করা যায়।

ফুসফুস ক্যানসারের কারণ

ফুসফুস ক্যানসারের প্রধান কারণ ধূমপান। যাঁরা দৈনিক ২০টির বেশি সিগারেট খান, তাঁদের আক্রান্ত হওয়ার আশঙ্কা ২০ গুণ বেশি। ধূমপায়ীর আশপাশের অধূমপায়ীও (প্যাসিভ স্মোকার) ক্যানসারে আক্রান্ত হতে পারেন।

অন্যান্য কারণের মধ্যে আছে ক্রোমিয়াম, ক্যাডমিয়াম, আর্সেনিক, অ্যাসবেসটস, র‍্যাডন প্রভৃতি পদার্থের অনিয়ন্ত্রিত সংস্পর্শ ও বায়ুদূষণ।

ফুসফুসের যে স্থানে যক্ষা হয়, নিরাময়ের পর একই স্থানে ক্যানসার হওয়ারও ঝুঁকি থাকে।

ফুসফুস ক্যানসারের অন্যতম কারণ কাঠের চুলার ধোঁয়া ও রান্নার তেলের বাষ্প নিশ্বাসের মাধ্যমে গ্রহণ।

করণীয়

ধূমপান ছাড়তেই হবে। মাস্ক ব্যবহারে বায়ুদূষণ থেকে অনেকটাই রেহাই পাওয়া সম্ভব। কারখানার কর্মীরা প্রতিরক্ষাব্যবস্থা মেনে চলবেন। রান্নার ধোঁয়া প্রতিরোধেও ব্যবস্থা নিতে হবে।

দুই সপ্তাহের বেশি স্থায়ী কাশি বা ওজন হ্রাস, শ্বাসকষ্ট, বুকে ব্যথা, রক্তমিশ্রিত কাশি দেখা গেলে প্রয়োজনীয় পরীক্ষা করানো জরুরি।

যক্ষার জীবাণু শনাক্ত করেই ওষুধ শুরু করা উচিত। বুকে পানি জমলেই যক্ষা ধরে নেওয়া উচিত নয়। ক্যানসারের সন্দেহ দূর করতে পরীক্ষা করাতে হবে। যক্ষা সেরে যাওয়ার পরও নিয়মিত চিকিৎসকের তত্ত্বাবধানে থাকতে হবে।

লেখক: বিভাগীয় প্রধান, রেডিওথেরাপি বিভাগ, শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল।



# চর্মরোগ সোরিয়াসিস

ডা. জাহেদ পারভেজ

সোরিয়াসিস ছোঁয়াচে রোগ নয়। এটা স্পর্শ বা একত্র বসবাসের মাধ্যমে ছড়ায় না। তবে পরিবারে সোরিয়াসিসের ইতিহাস থাকলে ঝুঁকি থাকে। সোরিয়াসিস কে বলা হয় শীতের চর্মরোগ। যাঁদের রোগ প্রতিরোধ ক্ষমতা কম থাকে তাঁদের মূলত এই রোগটি হয়।

সোরিয়াসিস ত্বকের দীর্ঘমেয়াদি সমস্যা যাতে ত্বকের কোষগুলোর জীবনচক্র দ্রুত শেষ হতে থাকে। এর ফলে ত্বকের ওপর বাড়তি কোষের স্তর জমে ওঠে। ত্বকের স্থানে স্থানে খসখসে, লাল বা সাদাটে হয়ে পড়ে, ফেটে যায়।

কারণগুলো

জিনগত বা বংশগত কারণে এ রোগ হতে পারে। শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা কমলে সোরিয়াসিস রোগে প্রভাব ফেলে। স্থূলতার কারণেও এমনটা হতে পারে। যত স্থূল হবে, সোরিয়াসিস তত বাড়বে। যেকোনো ধরনের দুর্ঘটনায় ত্বক ছিলে গেলে, পুড়লে বা ব্যথা পেল এটা হতে পারে। আবার রোদে ত্বক পুড়েও এমনটা হওয়ার আশঙ্কা থাকে। খুব বেশি মানসিক চাপে থাকলেও এ রোগ হয়। এছাড়াও ধূমপান, মদ্যপান সোরিয়াসিস বাড়ায়। অনেক ধরনের ওষুধ খাওয়ার ফলেও সোরিয়াসিস বাড়ে। যেমন- উচ্চ রক্তচাপের ওষুধ, ম্যালেরিয়ার ওষুধ, লিথিয়াম, কর্টিকোস্টেরোইড ইত্যাদি। কারও কারও ট্যাটু বা ভ্যাকসিনের কারণেও সোরিয়াসিস বাড়তে পারে। এসব পরিস্থিতিতে সোরিয়াসিস পুরো শরীরে ছড়িয়ে ইরাইথ্রোডার্মার মতো মারাত্মক অবস্থান সৃষ্টি হতে পারে।

আক্রান্তের স্থান

সোরিয়াসিস কেবল ত্বকে নয়, আক্রান্ত হতে পারে শরীরের অন্যান্য অঙ্গেও। সাধারণত কনুই, হাঁটু, মাথা, হাত ও পায়ের নখ আক্রান্ত হয়। কোন কোন ক্ষেত্রে মাথার ত্বক আক্রান্ত হতে পারে এবং হাতের নখের রঙ নষ্ট হয়ে যায় এবং গর্ত হয়ে যায়। ব্যাকটেরিয়া, ভাইরাস বা ছত্রাকজনিত সংক্রমণ (ইনফেকশন), টনসিলাইটিস বা মুখগহ্বরের সংক্রমণ।

চিকিৎসা কী

সোরিয়াসিস পুরোপুরি ভালো হয় না, নিয়ন্ত্রণে রেখে স্বাভাবিক জীবন যাপন করা যায়। সোরিয়াসিসের ধরন বুঝে নিয়মিত চিকিৎসা নিতে হয়। আক্রান্ত স্থানের ওপর বিভিন্ন ধরনের মলম ও ক্রিম লাগাতে হয়।

মুখে খাবার কিছু ওষুধও প্রয়োজনে খেতে হবে। অবশ্যই এসব ওষুধ বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে খেতে হবে। সোরিয়াসিস যাতে না বাড়ে সে জন্য বেশি গোসল, সাবান থেকে বিরত থাকতে হবে। তৈলাক্ত জিনিস ঘন ঘন ব্যবহার করতে পারেন। নারকেল তেল, অলিভ অয়েল বা ভ্যাসলিন ব্যবহার করা। এছাড়া আল্ট্রাভায়োলেট রশ্মি দিয়েও চিকিৎসা করা হয়। অনেক রোগী মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েন তাই কাউন্সেলিংয়েরও দরকার হতে পারে।

জেনে রাখা ভালো

সরাসরি সূর্যালোক ও শুষ্ক ত্বক সোরিয়াসিস রোগীর জন্য ক্ষতিকর। তাই সরাসরি রোদে অনেকক্ষণ থাকা যাবে না। ত্বক আর্দ্র রাখতে হবে। শুরুতেই রোগটি শনাক্ত করে একজন ত্বক বিশেষজ্ঞ ডাক্তারের তত্ত্বাবধানে চিকিৎসা করলে নিয়ন্ত্রণে রাখা যায়।

লেখক: সহকারী অধ্যাপক, ত্বক, চর্ম যৌন ও হেয়ার ট্রান্সপ্লান্ট সার্জারি বিভাগ, শহীদ সরওয়ারাদী হাসপাতাল।

# 5SR Multiservices Inc

# মাল্টিসার্ভিস অফিস



## বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।

- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আদেন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

**Tel (917)-776-1235 646-461-0919**

বিশ্বস্ত সেবার অন্যতম
বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fivesrmultiservices@yahoo.com

# জাতীয় ঐক্যর ভিত্তিতে এগিয়ে যাবে বাংলাদেশ

৫ পৃষ্ঠার পর

সহ পাশাপাশি রাজ্যে গুলোতে বাংলাদেশীরা বেশি ভ্রমণ করে । এবং এইসব এলাকার চিকিৎসা , হোটেল , রেষ্টুরেন্ট ,টেক্সি ব্যবসা মূলত বাংলাদেশী পর্যটকদের উপর নির্ভরশীল। এই ব্যবসা বানিজ্যের উপর বিরাট ধস নেমেছে । সেখানকার ব্যবসায়ীদের পক্ষথেকে এসমস্যার আশু সমাধান দাবি করছেন।ভারতের অর্থনীতিতে বছরে প্রায় বারো বিলিয়ন ডলার এবং পঞ্চম রেমিট্যান্স অর্জনকারী দেশ বৈধ অবৈধভাবে লক্ষ লক্ষ ভারতীয় কাজ করে। যেমন বড়ো বড়ো প্রকল্প রূপপুর পারমাণবিক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র ,ব্রাহ্মনবাড়ীয়া , আশুগঞ্জ,আখাউড়া মহাসড়কের চার লাইনের কাজ ইত্যাদি। গত পহেলা সেপ্টেম্বর দৈনিক প্রথম আলোতে অনুসন্ধানী খবর প্রকাশিত হয়,চলে গেছেন ভারতীয় ঠিকাদার ,বন্ধ হয়ে গেছে ছোট বড়ো শত শত প্রকল্পের কাজ। সেখানে বিস্তারিত লেখা হয়েছে। অনেক দিনের গুঞ্জন আছে ,, পুলিশ ,, এবং প্রশাসন সহ বিভিন্ন জায়গায় ভারতীয়দের পোষ্টিং দেওয়া হয়েছে। সে কারণে বর্তমান সরকারের পক্ষথেকে থেকে ইদানিং বিদেশি লোকদের উপর কড়াকড়ি আরোপ করা হয়েছে। এর পুরো হিসাব বেরিয়ে আসার জন্য। যে হিসাব সরকারের কাছে অতীতে ছিল না । ভারতের এই আচরনের মধ্যে দিয়ে ক্ষতি কার হচ্ছে ,,এবং মূলে কারা?

আমাদের দেশের পাচই আগষ্টের ছাত্র জনতার গন অভ্যুত্থানকে ভারতের বি জে পি নরেন্দ্র মোদির সরকার মোটেই মেনে নিতে পারছে না। কারন আওয়ামী লীগ গত পনেরো বছর অনের প্রকাশ্যে সহায়তায় বিনা ভোটে জগদ্দল পাথরের ন্যায় জনগণের উপর চাপিয়ে ছিল। বাংলাদেশে জবাব দিহিমূলক সরকার ছিল না । এই সুযোগে বিভিন্ন সময়ে হাসিনার সাথে দেশের স্বার্থের বিপক্ষে অনেক চুক্তি হয়েছে। তা দেশের জনগণকে জানানো হয় নাই। তাই এবার দেশ প্রেমিক ছাত্র জনতার যেভাবে জেগে উঠেছে তাও ভারতের জন্য হুমকি স্বরুপ। যদি আগষ্টের এই গন অভ্যুত্থান না হতো ,তা হলে দু সপ্তাহের মধ্যে ই আখাউড়া বর্ডার দিয়ে ভারি অস্ত্র শস্ত্র গোলাবারুদ যাওয়া শুরু হতো। এবং তা ব্যবহার হতো ভারতের উত্তর পূর্ব রাজ্যের মনিপুর , মিজোরামের জনগণের উপর। উত্তর পূর্ব ভারতের রাজ্যে গুলোর নিরাপত্তার নামে নিধন যজ্ঞ চালানো হতো। হাসিনা সরকারের পতনের পর ভারতীয় এক্সপার্টদের সমস্ত প্ল্যান বাতিল হয়ে যায়। তারা এব্যাপারে খুব ই উদ্বিগ্ন। এদিকে ফেনী নদীর অপারে বংগব সাগর মুখী ভারতকে ১৫০০ একর ভুমি ইকোনমিক জোন গড়ে তোলার জন্য ভারত কে দেওয়া হয়েছে। কিন্তু সেখানে ভারত ইকোনমিক জোনের নামে গোয়েন্দা সংস্থার নজরদারী গড়ে তুলছে। যদি কোন কারণে ফেনী নদীর ব্রিজ ভেঙে যায়। তবে সমস্ত পার্বত্য চট্টগ্রাম এবং চট্টগ্রাম বিভাগ বাংলাদেশ থেকে বিচ্ছিন্ন হয়ে যাবে। সুতরাং এই এলাকাটি আমাদের দেশের সার্বভৌমত্বের জন্য অতীব গুরুত্বপূর্ণ। ঠিক তেমনি ভাবে ভারতের জন্য আমাদের দেশের এই চিকিন নেক অংশটি ব্যবহার জরুরি। কারন ভারতের সাতটি

অংগরাজ্যের সহজেই যোগাযোগের জন্য একান্ত প্রয়োজন। তা ছাড়া ভারতের সাথে শ্রীলঙ্কা, নেপালসহ পার্শ্ববর্তী কোন দেশের সাথে সম্পর্ক ভালো নয়। সেই সুযোগ হয়তো ভারতের চির শত্রু পাকিস্তান নিতে পারে। ইতিমধ্যেই সর্বভারতীয় সংবাদ মাধ্যম ডি এন এ রিপোর্ট অনুযায়ী খবরে প্রকাশ, ভারতের উত্তর পূর্ব অঞ্চলকে জম্মু কাশ্মীরের ন্যায় অশান্ত করার লক্ষ্যে পাকিস্তানের আই,এস,আই, বাংলাদেশকে কেন্দ্র করে এক ভয়ংকর সন্ত্রাসবাদের শিকড় গড়ে তোলার পরিকল্পনা করছে। সৌদি আরব ও মালয়েশিয়ার অর্থায়নে রোহিঙ্গা ,ও ইসলামি কয়েকটি সংগঠনের নেতা-কর্মীকে রকেট লাঞ্চার সহ ভারি অস্ত্র শস্ত্রের ট্রেনিং সহ সজ্জিত করা হচ্ছে।এইসব ঘটনার মধ্যেদিয়ে

সহজেই অনুমেয় শান্তি প্রিয় এই এলাকা অশান্ত হয়ে যাবে যা কারো জন্য সুখকর নয়। তার মূলে হলো পতিত স্বৈরাচারের পতনকে কেন্দ্র করে বিভিন্ন ইস্যু সৃষ্টি করে বাংলাদেশের ভিতর নৈরাজ্য সৃষ্টি করা। এবং সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অবৈধভাবে ভারতে আশ্রয় দিয়ে ন্যাক্কারজনকভাবে দেশ বিরোধী কার্যকলাপে ভারত ও সকল মিডিয়ায় আজগুবী খবর প্রচার করে দু,দেশের মানুষ ও বিশ্ববাসীকে বিভ্রান্ত করা। যে কার্যকলাপে বাংলাদেশ সরকার মোটেই সন্তুষ্ট নয়। আমাদের দেশের সরকারের পক্ষথেকে প্রধান উপদেষ্টা ড.মোহাম্মদ ইউনুস ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে আমন্ত্রণ জানিয়েছেন। ভারতের সংবাদমাধ্যম নিয়ে বাংলাদেশ সফর করার জন্য। এবং এখনো আমাদের দেশে সম্প্রীতির পরিবেশ দেখার জন্য।কারন বাংলাদেশের সাথে ভারতের তিন দিক থেকে প্রায় চার হাজার কিলোমিটারের বেশি সীমান্ত রয়েছে। যার দুই পাশে ই অপরাধ চক্রের অবাধ বিচরন। সেই সব অপরাধ দমনে দুই দেশের যথেষ্ট সহায়তার হাত বাড়ানো দরকার।বাংলাদেশের পক্ষথেকে যথেষ্ট সংযত আছে। ভারতকে সংযত হওয়ার আহবান জানান। তবে ই আমাদের দুদেশের সম্পর্কের উন্নয়ন সম্ভব । গত দশ ডিসেম্বর ঢাকায় ভারতের পররাষ্ট্র সচিবের বৈঠকে সেই গুরুত্বের কথাই আলোচনায় প্রাধান্য পেয়েছে।

স্বাধীনতার পর আমাদের দেশ এরকম সংকটের সম্মুখীন খুব কমই হয়েছে। দেশের ভিতর ও বাহিরের বাংলাদেশ বিরোধী সমস্ত ষড়যন্ত্র ও চক্রান্ত মোকাবেলার জন্য দেশের মানুষের ঐক্যর কোন বিকল্প নেই। ১৯৭১ সাল,১৯৯০ সাল এবং ২০২৪ সালের আগষ্টের গন অভ্যুত্থান জলন্ত প্রমান । তাই অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড.মোহাম্মদ ইউনুস দেশের সকল রাজনৈতিক দল ও বৈষম্য বিরোধী ছাত্র প্রতিনিধির সাথে আলাপ করেন। দেশের এই সাময়িক সংকটে জাতিকে ঐক্যবদ্ধ ,ধৈর্য্য ,ও সহনশীল থাকতে বলেন। এবং ভারতীয় অসত্য ,বিভ্রান্তি মূলক প্রচার প্রপাগান্ডার বিরুদ্ধে আমাদের দেশের সকল মিডিয়াকে সত্য তুলে ধরে তা মোকাবিলা করার আহবান জানান । সভায় দেশের স্বাধীনতা সার্বভৌমত্ব প্রশ্নে সকল দল ,মত নির্বিশেষে সবাই এই সরকারের নেতৃত্বে ঐক্যবদ্ধ ভাবে সকল ষড়যন্ত্র ও চক্রান্ত মোকাবেলা করার লক্ষ্যে কাজ করে যাওয়ার দৃঢ় সংকল্প পুনর্ব্যক্ত করেন।

লেখক: কলামিষ্ট ও রাজনীতিক।




OPEN HOUSE
SATURDAY NOVEMBER 16, 2024, TIME: 12PM-4PM
2 FAMILY LUXURY HOUSE FULLY RENOVATED
LOCATION: 213-19 102 AVENUE, QUEENS VILLAGE
ASKING $999K
This Bright And Inviting Unit Features A Modern Kitchen With Sleek Countertops, Stylish Cabinetry, And Updated Appliances, Along With A Tastefully Renovated Bathroom With Contemporary Finishes. The Spacious Living Area Is Filled With Natural Light.
Somnath Ghosh (Sam)
Licensed Real Estate Agent
Direct: 646-597-1760
WIN ZONE REALTY INC.
Licensed Real Estate
Office: 81-15 Queens Blvd, 2nd Fl
Elmhurst, NY 11373
Tel: 718-899-7000, Fax: 516-407-5615
Email: sstreamline@gmail.com


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস


মেডিসিন বিশেষজ্ঞ
এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।
Cell: 718-864-8882
আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।
Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine
Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine

Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com
718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট
Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।

We Do Implant

Dr. Siddiqur Rahman D.D.S.
We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.
Dental Office
Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700
Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)
Brooklyn Office
345 Broadway
Brooklyn, NY 11211
Tel: 718-384-1671
Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (11Am to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432

## স্বপ্নকে বাঁচিয়ে রাখুন সফলতার পথে অবিচল থাকুন

১০ পৃষ্ঠার পর

কিন্তু বাস্তবতা কখনোই স্বপ্নের বিরোধী নয়। বরং বাস্তবতাকে বুঝে স্বপ্ন পূরণের জন্য পরিকল্পনা করতে হয়। আর এই পরিকল্পনাগুলোকে বাস্তবায়ন করতে হলে সময় এবং পরিশ্রম দুটিই দরকার। কোনো কিছুই একদিনে সম্ভব হয় না। সময়ের সাথে সাথে আপনার স্বপ্ন পূরণের পথে অনেক বাধা আসবে, অনেক সময় মনে হবে আপনি হেরে গেছেন। কিন্তু ঠিক তখনই আপনাকে নিজেকে মনে করিয়ে দিতে হবে- এই স্বপ্নের জন্য আপনি এতদূর এসেছেন, এই স্বপ্নই আপনাকে এগিয়ে নিয়ে যাবে। একটি স্বপ্ন পূরণের মধ্যে শুধু আর্থিক সাফল্য জড়িত নয়। স্বপ্নের সঙ্গে আমাদের আবেগ, অনুভূতি, এবং ব্যক্তিগত তৃপ্তি জড়িত। যখন আপনি একটি স্বপ্নকে বাস্তবে রূপ দেন, তখন আপনার ভেতরের সন্তুষ্টি আর আনন্দই প্রমাণ করে যে এটি শুধু একটি লক্ষ্য অর্জন নয়, বরং এটি আপনার জীবনের সবচেয়ে বড় সাফল্য। তাই স্বপ্নকে বাঁচিয়ে রাখুন, কারণ স্বপ্ন বাঁচলে আপনি বাঁচবেন। স্বপ্নকে ছুঁতে গেলে যে ত্যাগ, পরিশ্রম এবং লেগে থাকার প্রয়োজন হয়, সেটাই আপনাকে একজন সফল মানুষ বানাবে।

সবশেষে বলতে চাই, স্বপ্নকে কখনো মেরে ফেলবেন না। স্বপ্নকে বাঁচিয়ে রাখুন, যত্ন করুন, ভালোবাসুন। প্রতিদিন সেই স্বপ্নকে মনে করিয়ে দিন, তার জন্য কাজ করুন। যে স্বপ্ন একদিন আপনার ঘুম কেড়ে নিয়েছিল, সেই স্বপ্নই একদিন আপনাকে সাফল্যের চূড়ায় নিয়ে যাবে। আর তখন আপনি বুঝতে পারবেন, স্বপ্ন দেখা শুধু আনন্দের নয়, বরং স্বপ্ন পূরণ করা জীবনের সবচেয়ে সুন্দর অনুভূতি। আপনার স্বপ্ন বাঁচুক, আপনার সাফল্য আসুক।

লেখক: দি আর্ট অব পার্সোনাল ফাইনান্স ম্যানেজমেন্ট বইয়ের লেখক, কলামিস্ট, ইউটিউবার এবং ফাইনান্স ও বিজনেস স্ট্র্যাটেজিস্ট।

## 'জয় বাংলা' নিয়ে ঝগড়াঝাঁটি

৬ পৃষ্ঠার পর

ক্ষমতা ছেড়ে দিতে অস্বীকার করে এবং একপর্যায়ে দেশের মানুষের ওপর যুদ্ধ চাপিয়ে দেয়, তখন জয় বাংলা হলো অনেক মুক্তিযোদ্ধার রণহুংকার। ৯ মাস অবর্ণনীয় কষ্ট ও অনেক রক্তের বিনিময়ে দেশ মুক্ত হলো। জয় বাংলা স্লোগানের মধ্যে ছিল বাঙালির জাতীয় রাষ্ট্র প্রতিষ্ঠার আকাঙ্ক্ষা। সেটি পূরণ হলো।

বাঙালির একটা স্বভাব হলো, একবার যেটা ধরে, সেটি আর ছাড়ে না। প্রাসঙ্গিকতা না থাকলেও অনেকেই এই স্লোগান আঁকড়ে থাকেন। নতুন দেশ, নতুন নতুন চ্যালেঞ্জ। সেসবের মোকাবিলা না করে বুদ্ধিসর্বস্ব আওয়ামী লীগাররা জয় বাংলা স্লোগানের মধ্যেই মোক্ষ খুঁজে পান।

জয় বাংলা স্লোগান হিসেবে ইতিহাসের অংশ হয়ে গেছে। তবে এটা কখনোই 'জাতীয় স্লোগান' ছিল না। মুক্তিযুদ্ধের আগে-পরে আওয়ামী লীগ ছাড়া অন্য কোনো দল এই স্লোগানকে নিজেদের মনে করেনি।

১৯৭৫ সালের আগস্টের পর জয় বাংলা আর বাংলাদেশ জিন্দাবাদ নিয়ে যথেষ্ট যুদ্ধ হয়েছে। আওয়ামী লীগ জয় বাংলা স্লোগান আঁকড়ে থাকলেও শুরুতে জিন্দাবাদ নির্বাসনে পাঠায়নি। ১৯৭৩ সালের ১৯ ফেব্রুয়ারি সাধারণ সম্পাদক জিল্লুর রহমান স্বাক্ষরিত দলের নির্বাচনী ইশতেহারের শেষে এই স্লোগানগুলোর উল্লেখ ছিল:

জয় বাংলা, জয় মুজিববাদ।

বাংলাদেশের সংগ্রামী জনতার ঐক্য জিন্দাবাদ।

বাংলাদেশ আওয়ামী লীগ জিন্দাবাদ।

পঁচাত্তরের ১৫ আগস্ট সরকারি প্রচারমাধ্যমে স্লোগান বদলে যায়। চালু হয় বাংলাদেশ জিন্দাবাদ। জিয়াউর রহমান বিএনপি প্রতিষ্ঠা করলে তাঁর দল জিন্দাবাদে আশ্রয় নেয়। যেহেতু বিএনপি হলো আওয়ামী লীগের 'প্রিন্সিপাল কন্ট্রাডিকশন', আওয়ামী লীগ জিন্দাবাদ পুরোপুরি বর্জন করে জয় বাংলাকে ধরে থাকে। অনেকে মনে করেন, বাংলাদেশ জিন্দাবাদ বললে দেশটা পাকিস্তান হয়ে যায়। আবার অনেকে ভাবেন, জয় বাংলা বললে দেশটা হয়ে যায় হিন্দুস্তান। উভয় স্লোগানের অর্থ একই, যদিও একটিতে হিন্দুয়ানি ও অন্যটিতে মুসলমানি গন্ধ আবিষ্কার করা হয়েছে। এটা নিতান্তই একটা দলীয় ঝগড়া। আর ঝগড়া করতে চাইলে তো ছলের অভাব হয় না।

পাঁচ.

আওয়ামী লীগ ক্ষমতায় থেকে সবকিছুর দলীয়করণ করতে চেয়েছে। মুক্তিযুদ্ধও বাদ যায়নি। জয় বাংলা ছিল মুক্তিযুদ্ধের প্রেরণাদায়ী অন্যতম স্লোগান। আওয়ামী লীগ সরকারের উচিত ছিল স্লোগানটির প্রথম উত্থাপক আফতাব আহমাদকে শ্রদ্ধার সঙ্গে স্মরণে রাখা। অথচ তারা তাঁর প্রতি ন্যূনতম কৃতজ্ঞতা না দেখিয়ে তাঁকে বিনা বিচারে জেল খাটিয়েছিল। স্বাধীনতার অন্যতম প্রধান সংগঠক সিরাজুল আলম খানের মৃত্যুর পর প্রধানমন্ত্রী হাসিনা একটি শোকবার্তা দেওয়ার প্রয়োজন মনে করেননি। তাঁর ভয়ে আওয়ামী লীগের কোনো নেতা তাঁর জানাজায় উপস্থিত পর্যন্ত হননি। অথচ অনেক অয়ারাম-গয়ারামকে নিয়ে তাঁদের শোক উথলে ওঠে।

কোনো এক আওয়ামী আইনজীবী ২০১৭ সালে হাইকোর্টে একটি রিট দাখিল করেছিলেন জয় বাংলাকে জাতীয় স্লোগান হিসেবে রায় পাওয়ার জন্য। ২০২০ সালে হাইকোর্ট তাঁর পক্ষে রায় দেন। হাসিনা সরকার ২০২২ সালে এক প্রজ্ঞাপনের মাধ্যমে এটি জাতীয় স্লোগান ঘোষণা করে। এক আওয়ামীবিরোধী আইনজীবী সম্প্রতি এই রায় বাতিলের আবেদন জানালে আপিল বিভাগ হাইকোর্টের রায় বাতিল করে দেন। সম্প্রতি ব্যাকফুটে থাকা আওয়ামী লীগের সমর্থকেরা এ নিয়ে মাতম শুরু করেছেন। তাঁদের কথা শুনলে মনে হয়, স্লোগানটি বুঝি নিষিদ্ধ হয়েছে। কানে হাত না দিয়ে অনেকেই চিলের পেছনে দৌড়াচ্ছেন। প্রশ্ন হলো, কথায় কথায় আদালতে দৌড়াতে হবে কেন? আর আদালতই-বা কেন এসব আমলে নেন? শুনতে পাই, সেখানে লাখ লাখ মামলা বিচারের অপেক্ষায় স্তূপ হয়ে আছে। আদালত সেগুলো আমলে নিচ্ছেন না কেন?

লেখক: কলামিস্ট ও গবেষক।


# হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

হোমিও ভিটামিন সেলিং সেন্টার
**Homeo & Vitamin Selling Center**

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইট্স অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

# 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)





# আল কোরআনের আলোকে ওহি বা প্রত্যাদেশ

সৈয়দ শাহাদাত হুসাইন

আল্লাহ তায়ালা কোরআনুল হাকিম সম্পর্কে বলেন- তারা আপনার কাছে এমন কোনো বিস্ময়কর সমস্যা (প্রশ্ন) নিয়ে আসেনি, যার সঠিক সমাধান ও সুন্দর তাফসির (ব্যাখ্যা) আপনাকে আমি দান করিনি *(সুরা ফোরকান :৩৩)*। হজরত রাসুলে করিম (স.) এরশাদ করেছেন-এনিশ্চয়ই কোরআনের এক আয়াত অন্য আয়াতের ব্যাখ্যা করেû যা শুধু বিষয়ভিত্তিক আয়াত একত্রীকরণের মাধ্যমে সঠিক সিদ্ধান্তে পৌঁছা সম্ভব। আল কোরআনুল হাকিমে ওহি বা প্রত্যাদেশ শব্দটি ৩৩টি সুরায় ৭০টি আয়াতে ৭৮ বার রয়েছে। এই ৭০ আয়াতসহ আরও সাতটি সমর্থক আয়াতসহ মোট ৭৭টি আয়াতে ওহি বা প্রত্যাদেশের বিষয়টি রয়েছে। সেগুলোর অধিকাংশেই আমরা এখানে আলোকপাত করব।

কোরআন হচ্ছে ওহি : এটা (কোরআন) ওহি, যা প্রত্যাদেশ করা হয় *(৫৩ :৪)*। আমি আপনার প্রতি যে কিতাব প্রত্যাদেশ করেছি, তা সত্য, পূর্ববর্তী কিতাবের সত্যায়নকারী, নিশ্চয়ই আল্লাহ তাঁর বান্দাদের ব্যাপারে সব জানেন, দেখেন *(৩৫ :৩১)*। এ বিষয়ে আরও ছয়টি আয়াত রয়েছে।

নবী ও রাসুলদের ওহি করা হয় : এ হলো গায়েবি সংবাদ, যা আমি আপনাকে (মোহাম্মদ) ওহি পাঠিয়ে থাকি। আর আপনি তো তাদের কাছে ছিলেন না, যখন প্রতিযোগিতা করছিল যে, কে প্রতিপালন করবে মারইয়ামকে এবং আপনি তাদের কাছে ছিলেন না, যখন তারা ঝগড়া করছিল *(৩ :৪৪)*। আমি আপনার প্রতি ওহি পাঠিয়েছি, যেমন করে ওহি পাঠিয়েছিলাম নুহের প্রতি এবং সে সব নবী-রাসুলের প্রতি যাঁরা তাঁর পরে প্রেরিত হয়েছেন। আর ওহি পাঠিয়েছি ইসমাইল, ইব্রাহিম, ইসহাক, ইয়াকুব ও তাঁর সন্তানদের প্রতি এবং ইসা, আইয়ুব, ইউনুস, হারুন ও সুলায়মানের প্রতি। আর আমি দাউদকে দান করেছি জবুর গ্রন্থ *(৪ :১৬৩)*। এ



বিষয়ে আরও ১৫টি আয়াত রয়েছে।

ফেরেশতাদের প্রতিও ওহি করা হয় : তোমাদের পরওয়ারদেগার যখন ফেরেশতাদের ওহি করেন যে, আমি তোমাদের সঙ্গে রয়েছি, সুতরাং তোমরা মুসলমানদের চিত্তসমূহ ধীরস্থির করে রাখো। আমি কাফেরদের মনে ভীতির সঞ্চার করে দেব *(৮ :১২)*।

আকাশকেও ওহি করা হয় : অতঃপর তিনি আকাশমণ্ডলীকে দুদিনে সপ্ত আকাশ করে দিলেন এবং প্রতিটি আকাশে তাঁর ওহি প্রেরণ করলেন। আমি নিকটবর্তী আকাশকে প্রদীপমালা দ্বারা সুশোভিত ও সংরক্ষিত করেছি। এটা পরাক্রমশালী সর্বজ্ঞ আল্লাহর ব্যবস্থাপনা *(৪১ :১২)*।

মৌমাছিকে ওহি প্রদান : আপনার পালনকর্তা মধুমক্ষিকাকে ওহি করলেন- পর্বতে, বৃক্ষে এবং উঁচু চালে গৃহ তৈরি করো *(১৬ :৬৮)*।

সাধারণ মানুষকেও ওহির প্রজ্ঞা ও এলহাম প্রেরণ করা হয় : আমি মুসা-জননীকে আদেশ পাঠালাম যে, তাকে স্তন্যদান করতে থাকো। অতঃপর যখন তুমি তার সম্পর্কে বিপদের আশঙ্কা করো, তখন তাকে দরিয়ায় নিক্ষেপ করো এবং ভয় কোরো না, দুঃখও কোরো না। আমি অবশ্যই তাকে তোমার কাছে ফিরিয়ে দেব এবং তাকে পয়গম্বরদের একজন করব *(২৮ :৭)*। তিনি যাকে ইচ্ছা বিশেষ জ্ঞান প্রজ্ঞা দান করেন এবং সে তো প্রচুর কল্যাণপ্রাপ্ত হয়। জ্ঞানবানরা ছাড়া কেউ উপদেশ গ্রহণ করে না *(২ :২৬৯)*। আর প্রজ্ঞা হচ্ছে ওহি।

এটা ওই হিকমত বা প্রজ্ঞার অন্তর্ভুক্ত, যা আপনার পালনকর্তা আপনাকে ওহি মারফত দান করেছেন। আল্লাহর সঙ্গে অন্য কোনো উপাস্য স্থির করবেন না। তাহলে অভিযুক্তও আল্লাহর অনুগ্রহ থেকে বিতাড়িত অবস্থায় জাহান্নামে নিক্ষিপ্ত হবে *(১৭ :৩৯)*। তিনি স্বীয় নির্দেশে তাঁর বান্দাদের মধ্যে যার প্রতি ইচ্ছা নির্দেশসহ (ওহিসহ) ফেরেশতাদের প্রেরণ করেন এই মর্মে যে, সতর্ক করে দাও, আমি ছাড়া কোনো মাবুদ নেই, অতএব, আমাকে ভয় করো *(১৬ :২)*। রাসুলের অনুসারীদের প্রতি ওহি- আর স্মরণ করো, যখন আমি হাওয়ারিদের (ইসার অনুসারী) প্রত্যাদেশ করলাম, তোমরা ইমান আনো আমার প্রতি এবং আমার রাসুলের প্রতি, তখন তারা বলেছিল, আমরা ইমান আনলাম এবং আপনি সাক্ষী থাকুন যে, আমরা তো মুসলিম *(৫ :১১১)*।

নবী-রাসুলরা শুধু ওহির অনুসরণ করেন : আর তুমি অনুসরণ করো সে অনুযায়ী যেমন তোমার প্রতি ওহি আসে এবং ধৈর্য্য ধারণ করো, যতক্ষণ না ফয়সালা করেন আল্লাহ। বস্তুত, তিনি হচ্ছেন সর্বোত্তম ফয়সালাকারী *(১০ :১০৯)*। এ বিষয়ে আরও ছয়টি আয়াত রয়েছে।

এরপর ৩৬ পৃষ্ঠায়

# বিপদ কখনো কখনো কল্যাণ বয়ে আনে

মুফতি মুহাম্মদ মর্তুজা

বিপদ সব সময় মানুষের ধ্বংসের জন্য আসে না, কখনো কখনো বিপদ বড় সফলতার রাস্তা উন্মোচন করে দেয়। যেমন- ইউসুফ (আ.)-এর বিপদগুলো তাঁকে সময়ের ব্যবধানে রাজত্বের অধিকারী বানিয়েছিল। আমাদের নবীজি (সা.)-এর জন্য কুরাইশদের পেতে রাখা বিপদ মক্কা বিজয়ের দ্বার উন্মোচন করে দিয়েছিল।

বিপদ-আপদ মূলত মহান আল্লাহর পক্ষ থেকে পরীক্ষা।

কখনো কখনো বিপদ-আপদ মানুষের জন্য কল্যাণ বয়ে আনে, বিশেষ করে যারা বিপদে ধৈর্য ধারণ করে, মহান আল্লাহ তাদের উত্তম প্রতিদান দেন। পবিত্র কোরআনে মহান আল্লাহ বলেন, 'আর আমি অবশ্যই তোমাদের পরীক্ষা করব কিছু ভয়, ক্ষুধা এবং জান-মাল ও ফল-ফলাদির স্বল্পতার মাধ্যমে। আর তুমি ধৈর্যশীলদের সুসংবাদ দাও।' *(সুরা : বাকারাহ, আয়াত : ১৫৫)*

আয়াত দ্বারা বোঝা যাচ্ছে, দুনিয়া দুঃখ-কষ্ট সহ্য করারই জায়গা।

কখনো রাত, কখনো দিন, কখনো কান্না, কখনো হাসি নিয়েই দুনিয়ার জীবন। সুতরাং কোনো বিপদে পড়লে তাকে অপ্রত্যাশিত কিছু মনে না করলেই ধৈর্য ধারণ করা সহজ হয়ে যায়। বিপদে ধৈর্য ধারণ বিপদকে নিয়ামতে পরিণত করে দেয়। তখন বিপদই বান্দার জন্য কল্যাণকর হয়ে যায়।

এরপর ৩৬ পৃষ্ঠায়



# চাঁদাবাজি মহাপাপ

মুফতি রফিকুল ইসলাম আল মাদানী

চাঁদাবাজি একটি মারাত্মক অপরাধ। ইসলামের আলোকে চাঁদাবাজি করা সম্পূর্ণ হারাম ও নিষিদ্ধ। চাঁদাবাজি করা, এতে সহযোগিতা করা ও নির্দেশ দেওয়া সবই ন্যক্কারজনক মহাপাপের অন্তর্ভুক্ত। বর্তমানে চাঁদাবাজদের অভয়ারণ্যে পরিণত হয়েছে আমাদের এ দেশের প্রতিটি জনপদ। গুটিকয়েক ক্ষমতাধর ব্যক্তি ছাড়া দেশের সব মানুষই তাদের কাছে জিম্মি। পরিবহন সেক্টর, নির্মাণ খাত, ব্যবসা-বাণিজ্য ও আইনি সহায়তা ইত্যাদি ক্ষেত্রে চাঁদাবাজির কারণে সাধারণ জনগণ রীতিমতো অতিষ্ঠ হয়ে উঠেছে। চাঁদাবাজদের বেপরোয়া আচরণে অনেকেই আজ হুমকির সম্মুখীন। বর্তমানে চাঁদাবাজি এক ধরনের ডাকাতি ও দস্যুতায় রূপ নিয়েছে। কোরআন হাদিসের দৃষ্টিতে এসবই নিষিদ্ধ এবং শাস্তিযোগ্য অপরাধ। মহান প্রভু ঘোষণা করেন, 'তোমরা অন্যায়ভাবে একে অপরের সম্পদ ভোগ কর না।' *(সুরা বাকারা-১৮৮)*। রসুলুল্লাহ (সা.) ইরশাদ করেন, 'কোনো মুসলমানের সম্পদ তার আন্তরিক সম্মতি ছাড়া কারও জন্য বৈধ হবে না। *(দারাকুতনী-৩/২৫)*। অপর বর্ণনায় তিনি বলেন, 'অনুমতি ব্যতীত কারও পশু কেউ দোহন করবে না।' *(সহিহ বোখারি-হা. ২৪৩৫, মুসলিম-হা. ১৭২৬)*।

চাঁদাবাজি করার ক্ষেত্রে চাঁদাবাজরা হুমকি-ধমকি ও ভয়ভীতি প্রদর্শন করে, ত্রাস সৃষ্টি করে হত্যা-খুন ও সন্ত্রাসী কর্মকাণ্ডে লিপ্ত হয়। এসবই সামাজিক অভিশাপ। কোরআন হাদিসে প্রতিটি অপকর্মের এরপর ৩৬ পৃষ্ঠায়



# ইসলামি জ্ঞান অর্জনের জন্য মানুষ এ অঞ্চলে ছুটে আসতো

ড. আকরাম নদভি

বাংলাদেশ সফরের অংশ হিসেবে গত ২৯ অক্টোবর ২০২২ তিনি ঢাকা বায়তুল মোকাররম ইসলামি মিলনায়তনে পুরুষদের উদ্দেশ্যে উর্দু ভাষায় বক্তব্য রাখেন। আজ ছাপা হচ্ছে তার প্রথম কিস্তি। অনুলিখন ও অনুবাদ করেছেন- মুহিম মাহফুজ।

সকল প্রশংসা আল্লাহ তাআলার জন্য। দরুদ ও সালাম মুহাম্মাদুর রাসুলুল্লাহ (সা.), তার পরিবার ও সকল সাহাবির ওপর। আউজু বিল্লাহি মিনাশ শাইতনির রজিম। বিসমিল্লাহির রহমানির রহিম। ইন্নামা ইয়াখশাল্লাহা মিন ইবাদিহিল উলামা। আল্লাহর বান্দাদের মধ্যে আলেমরাই তাকে ভয় করে।

সম্মানিত ওলামায়ে কেরাম ও প্রিয় ছাত্রবৃন্দ, আমার জন্য অত্যন্ত গৌরবের বিষয়, বাংলাদেশের জাতীয় মসজিদ মহিমান্বিত বায়তুল মোকাররমের এ অনুষ্ঠানের মাধ্যমে আপনাদের সঙ্গে সাক্ষাতের সুযোগ পেয়েছি।

আজ থেকে প্রায় ৩৭ বছর আগে ১৯৮৫ সালে আমি এই মসজিদে প্রথমবার আসার সুযোগ পেয়েছিলাম। আমি তখন দারুল উলুম নাদওয়াতুল উলামা থেকে শিক্ষা সমাপ্ত করে শিক্ষকতার প্রথম বছরে পদার্পণ করেছি মাত্র। সে এরপর ৩৭ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি

Prayer Times For New York City — ডিসেম্বর-২০২৪

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ২১ | ৫:৫৪ | ৭:১৭ | ১১:৫৪ | ২:১৪ | ৪:৩২ | ০৫:৫৪ |
| ২২ | ৫:৫৫ | ৭:১৭ | ১১:৫৫ | ২:১৫ | ৪:৩৩ | ০৫:৫৫ |
| ২৩ | ৫:৫৫ | ৭:১৮ | ১১:৫৫ | ২:১৫ | ৪:৩৩ | ০৫:৫৫ |
| ২৪ | ৫:৫৬ | ৭:১৮ | ১১:৫৬ | ২:১৬ | ৪:৩৪ | ০৫:৫৬ |
| ২৫ | ৫:৫৬ | ৭:১৮ | ১১:৫৬ | ২:১৭ | ৪:৩৪ | ০৫:৫৭ |
| ২৬ | ৫:৫৭ | ৭:১৯ | ১১:৫৭ | ২:১৭ | ৪:৩৫ | ০৫:৫৭ |
| ২৭ | ৫:৫৭ | ৭:১৯ | ১১:৫৭ | ২:১৮ | ৪:৩৬ | ০৫:৫৮ |

source: salahtimes.com

# OPEN HOUSE




246 Main Street Hempstead, NY 11550




10 Branch Place Roosevelt, NY 11575




557 Irving Place North Baldwin, NY 11510




**150+ Bank Owned, Auction & Regular Houses for Sale**

BUY | SELL | RENT | ক্রয় | বিক্রয় | ভাড়া



**KAMRUZ ZAMAN BACCU**
Licensed RE Salesperson
**347-465-3220**
Email: kamruzbaccu1@gmail.com

ISLAND ADVANTAGE REALTY

233 Long Beach Road, Island Park
NY 11558, Tel: 516-368-8500


BUY - SALE - RENT
kw LANDMARK II
KELLERWILLIAMS REALTY
List your House with me
I will Sell within a short time
বাড়ী দ্রুত ক্রয়- বিক্রয় ও
ভাড়ার জন্য এখনই যোগাযোগ করুন
MOHAMMED SALIM
Licensed Real Estate Salesperson
(917) 691-7721
(347) 846-1200
EACH OFFICE IS INDEPENDENTLY OWNED AND OPERATED
75-35 31ST AVENUE, SUITE 202
JACKSON HEIGHTS, NY 11370
msalim@kw.com
msalim.kw.com


PROVIDENT REALTY
OPEN HOUSE:
Saturday and Sunday 12-2pm
188-49 Quencer Road,
Saint Albans,
NY 11412
$919,099
NEW LISTING!
• Fully renovated
• 5 bedrooms
• 4 bathrooms
• 2-car garage
• Transit-accessible
• Attic and basement
MONIRUZZAMAN MIAH
INVESTOR/SALESPERSON
Phone: (917) 302-5244
Bus: (718) 658-07700
Fax: (718) 701 5630
Email: mmiahny@gmail.com

## ওরা আমাদের বিজয় ছিনতাই করতে চাচ্ছে

১২ পৃষ্ঠার পর

জন্যই একটি ভয়াবহ ষড়যন্ত্র।

১৯৭১-এর ১৬ ডিসেম্বরের পর কলকাতার ফোর্ট উইলিয়ামে প্রতিবছর ভারতের ইস্টার্ন কমান্ড ডে পালিত হয়ে আসছে। এবার অবশ্য এ উৎসবটি উদযাপনের খবর পাওয়া যায়নি। তবে আখাউড়া সীমান্তে বাংলাদেশি সামরিক ও বিজিবি কর্মকর্তা ও ভারতের সামরিক বাহিনী ও বিএসএফ কর্মকর্তাদের মধ্যে একটি মিলন অনুষ্ঠান হয়েছে। তবে মিডিয়াতে এর চেয়ে বেশি কোনো খবর পাওয়া যায়নি। ফোর্ট উইলিয়ামে পালিত ইস্টার্ন কমান্ড ডে ভারতের পক্ষ থেকে তাদের ইস্টার্ন কমান্ড ডে'র বিজয় দিবস হিসাবে পালিত হয়ে আসছিল। দুর্ভাগ্যের বিষয়, ভারতের এ আধিপত্যবাদী মনোভাবের কোনো প্রতিবাদ বাংলাদেশের পক্ষ থেকে হয়েছে বলে দেখা যায়নি। জানি না, এটা বাংলাদেশি শাসকগোষ্ঠীর হীনম্মন্যতা কিনা।

অতীতের সব ধরনের আধিপত্যবাদী আস্ফালনকে হার মানিয়ে বাংলাদেশের বিজয় দিবসে ফেসবুক ও এক্সে দেওয়া পোস্টে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মুক্তিযুদ্ধকে উল্লেখ করেছেন 'ভারতের ঐতিহাসিক বিজয়' বলে। নরেন্দ্র মোদি ওই পোস্টে ১৯৭১ সালে পাকিস্তানি সেনাবাহিনীর আত্মসমর্পণকে 'ভারতের ঐতিহাসিক বিজয়' হিসাবে উল্লেখ করেছেন। বাংলাদেশের জনগণ যেভাবে মরণপণ মুক্তিযুদ্ধ করে পাকিস্তানি সামরিক বাহিনীর গ্লানিকর পরাজয়ের চূড়ান্ত নির্ধারক শর্ত তৈরি করেছিল, তার বিন্দুমাত্র উল্লেখ নেই মোদির পোস্টে। এটাকে কী বলা যায়? বাংলাদেশের প্রতিবেশী বৃহৎ প্রতিবেশী দেশের অবহেলা এবং তুচ্ছতাচ্ছিল্য, নাকি আধিপত্যবাদী মনোভাবের নোংরা বহিঃপ্রকাশ? আমাদের দুর্ভাগ্য, বিশ্ববাসীরও দুর্ভাগ্য, ভারত কখনো ছোটলোকি মানসিকতা থেকে বেরিয়ে আসতে পারেনি। এর কারণ নিহিত রয়েছে ভারত রাষ্ট্রটির চরিত্রে। নিজের ভেরিফায়েড ফেসবুক পেজ ও এক্স হ্যান্ডেলে নরেন্দ্র মোদি ১৬ ডিসেম্বর সোমবার লিখেছেন, 'আজ বিজয় দিবসে ১৯৭১ সালে ভারতের ঐতিহাসিক বিজয়ে অবদান রাখা সাহসী সেনাদের সাহস ও আত্মত্যাগকে আমরা সম্মান জানাই। তাদের নিঃস্বার্থ আত্মোৎসর্গ ও অটল সংকল্প আমাদের জাতিকে রক্ষা করেছে এবং আমাদের গৌরব এনে দিয়েছে। এ দিনটি তাদের অসাধারণ বীরত্ব ও তাদের অদম্য চেতনার প্রতি শ্রদ্ধাঞ্জলি। তাদের আত্মত্যাগ চিরকাল প্রজন্মের পর প্রজন্মকে অনুপ্রাণিত করবে এবং আমাদের জাতির ইতিহাসে গভীরভাবে গেঁথে থাকবে।' ভারতের লোকসভায় একই দিনে বাংলাদেশ বিষয়ে বক্তব্য দেন কংগ্রেসের সংসদ-সদস্য প্রিয়াংকা গান্ধী। তিনিও ভারত বিজয় পেয়েছে বলে উল্লেখ করেন। তিনি বলেন, বাংলাদেশের মানুষের আওয়াজ তখন কেউ শুনছিল না। ভারতের জনগণ ঐক্যবদ্ধভাবে ভারতের নেতৃত্ব ও সেনার পাশে দাঁড়িয়েছিল। ইন্দিরা গান্ধীর নেতৃত্বে বিজয় অর্জিত হয়েছিল। তিনি বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর অত্যাচার হচ্ছে উল্লেখ করে ভারত সরকারকে আওয়াজ উঠাতে এবং বাংলাদেশের সঙ্গে কথা বলার আহ্বান জানান।

এসব মন্তব্য ও বক্তব্য শুনে কি মনে হয় না ভারতে হিন্দুত্ববাদী বিজেপি ও কংগ্রেসের মধ্যে চিন্তা-চেতনার মৌলিক কোনো পার্থক্য নেই? একটিকে ছেড়ে অন্যটিকে আলিঙ্গন করার কোনো সুযোগ আছে বলে মনে হয় না। আওয়ামী লীগ উভয়কেই আলিঙ্গন করেছে এবং দেশের ও নিজের সর্বনাশ করেছে। বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা আসিফ নজরুল বলেছেন, ১৬ ডিসেম্বর, ১৯৭১ ছিল বাংলাদেশের বিজয়ের দিন। ভারত ছিল এ বিজয়ের মিত্র, এর বেশি কিছু নয়। আসিফ নজরুল স্পষ্ট করেননি ভারত কেমন মিত্র ছিল, কী ছিল এর উদ্দেশ্য?

লেখক: শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।

## মুক্তিযুদ্ধে বাংলার শিল্পী সমাজ

৭ পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয়ের বটতলায় ছাত্র সংগ্রাম পরিষদের প্রথম কর্মসূচি ছিল ১১ দফার পর। ২০ জানুয়ারি পুনরায় সভা হয়। সেদিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রনেতা আসাদ পুলিশের গুলিতে শহীদ হন। ২৪ জানুয়ারি শহীদ হন নবকুমার ইনস্টিটিউটের নবম শ্রেণির ছাত্র মতিউর। রচিত হয় বিখ্যাত কবিতা 'আসাদের শার্ট'। মিছিলের স্লোগান ও চারুশিল্পীদের আঁকা ব্যানার পোস্টারে মানুষের প্রতিবাদ উচ্চারিত হয়। ১৯৬৬ সালে বঙ্গবন্ধু বাংলার মানুষের বাঁচার দাবি ৬ দফা ঘোষণার কিছু দিন পর গ্রেফতার হন। ১৯৬৯-এ সারা দেশ জনরোষে ফুঁসছিল। ১৯৬৯-এর ২১ ফেব্রুয়ারি শহীদ মিনার চত্বরে ১০-১২ ফুট আকারের ক্যানভাসজুড়ে শিল্পীরা ছবি আঁকেন। সেখানে ফুটে ওঠে পাকিস্তানি স্বৈরশাসকের নিপীড়ন, শোষণ ও বঞ্চনার কথা, বাঙালির অধিকারের কথা। সে সময় রাস্তায় নেমে ছবি এঁকেছেন শিল্পাচার্য জয়নুল আবেদীন, কামরুল হাসান, রশিদ চৌধুরী, আমিনুল ইসলাম, হাশেম খান, মুস্তাফা মনোয়ার, রফিকুন নবীসহ অনেকে।

ঢাকার পাশাপাশি চট্টগ্রামের শিল্পীরাও প্রতিবাদের ভাষা হিসেবে ব্যানার, ফেস্টুন অঙ্কন করেন। 'অতি সাম্প্রতিক আমরা' নামের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাংস্কৃতিক প্রতিষ্ঠান বাংলা একাডেমি প্রাঙ্গণে 'আবহমান বাংলা, বাঙালি' শীর্ষক ম্যুরাল প্রদর্শনীর আয়োজন করে। শিল্পী সবিহ উল আলম, এনায়েত হোসেন, আবুল মনসুর শওকত হায়দার, চন্দ্রশেখর দে, তাজুল ইসলাম, শফিকুল ইসলাম এই ম্যুরাল করেন। শিল্পী রশীদ চৌধুরীর নেতৃত্বে চট্টগ্রামে সভা-সমাবেশ করেন ও চিত্রকর্মের মাধ্যমে পাকিস্তানি শাসকদের নিপীড়নের কথা তুলে ধরেন রঙ ও তুলিতে। মুক্তিযুদ্ধ চলাকালীন ভারতে অবস্থানরত শিল্পী মুস্তাফা মনোয়ারের কিছু দুর্লভ চিত্রকর্ম আমরা পাই, যেমন- ১৯৭১-এ দেশ পত্রিকায় শারদীয় সংখ্যায় প্রকাশিত কথাশিল্পী শওকত ওসমানের মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'জাহান্নাম হতে বিদায়'-এর জন্য বেশ কিছু স্কেচ, যা ছিল খুবই অসাধারণ। এই স্কেচগুলোতে পাকিস্তানি হানাদার বাহিনীর নৃশংসতা, নারী নির্যাতন, সাধারণ মানুষের ভীতি প্রকটভাবে প্রতিফলিত হয়েছে। ১৯৬৯-এর গণআন্দোলনে 'বিক্ষুব্ধ শিল্পী সমাজ'-এর ব্যানারে চারুশিল্পীরা সভা-সমাবেশ করেন। নেতৃত্ব দেন শিল্পী কামরুল হাসান, হাশেম খান, শাহাদাৎ চৌধুরী, বিজয় সেন, গোলাম সরোয়ার, মঞ্জুরুল হাইসহ অনেকেই। দেশের শিল্পী সমাজ মুক্তিযুদ্ধে নানাভাবে অংশ নিয়েছিল। মুক্তিযুদ্ধে তাদের রঙ-তুলি মারণাস্ত্রের চেয়েও কোনও কোনও সময় বেশি কাজ করেছিল। তাছাড়া অনেক শিল্পী রঙ-তুলি রেখে অস্ত্র হাতে সম্মুখ যুদ্ধে অংশ নিয়েছিলেন। শিল্পী শাহাবুদ্দীনের নাম তাদের মধ্যে অন্যতম।

একাত্তরের এপ্রিলে খালেদ মোশাররফের অধীনে দুই নম্বর সেক্টরে তিনি গেরিলা ট্রেনিং নিয়ে ছিলেন। তিনি ছিলেন পাকিস্তানি বাহিনীর আতঙ্ক ক্র্যাক প্লাটুনের সদস্য। ১৬ ডিসেম্বর ১৯৭১ সালে তিনি শাহবাগ রেডিও স্টেশনে ঢুকে পাকিস্তানি পতাকা নামিয়ে স্বাধীন বাংলার পতাকা উড়িয়ে দেন।

আরও যেসব শিল্পী মুক্তিযুদ্ধে সশস্ত্র যুদ্ধ করেছিলেন তারা হলেন- শাহাদাত চৌধুরী (বিচিত্রার সম্পাদক), জি এম এ রাজ্জাক, হরিপদ সরকার, মইনুল হোসেন, সৈয়দ সালাহউদ্দিন চৌধুরী, এম এ খালেক, গোলাম কিবরিয়া চৌধুরী, জি এম খলিলুর রহমান, স্বপন আচার্য, ইয়াহিয়া খান, মজিবুর রহমান সিরাজুদ্দিন, বনিজুল হকসহ অনেকে।

১৯৭১ সালে ভারতের পশ্চিমবঙ্গে একটি প্রদর্শনীতে ১৭ জন শিল্পীর ৬৬টি শিল্পকর্ম স্থান পায়। ঐতিহাসিক এই প্রদর্শনী দেখেই বিশ্ববাসী বাংলার দুরবস্থার কথা জানতে পেরেছিল। প্রদর্শনীতে অংশগ্রহণকারী শিল্পীর নাম ও শিল্প-গোলাম মোহাম্মদ, 'সূর্য বিলোপ'; অঞ্জন বণিক, 'রক্তাক্ত বাংলাদেশ'; বীরেন সোম, 'কান্না', 'দুঃস্বপ্ন'; চন্দ্রশেখর দে, 'নিষ্পাপ শিকার', 'চঞ্চল পাখি'; মুস্তাফা মনোয়ার, 'পবিত্র মা', 'নারী এবং পশু'; নাসির বিশ্বাস, 'ধর্ষণ' ইত্যাদি।

মুক্তিযুদ্ধের প্রেরণাদানকারী শিল্পীদের মধ্যে এক উজ্জ্বল নক্ষত্র পটুয়া কামরুল হাসান। তিনি অনুভব করেছিলেন একমাত্র একটি স্বাধীন রাষ্ট্রীয় কাঠামো প্রতিষ্ঠার মাধ্যমে বাঙালির সাহিত্যের মুক্তি সম্ভব। ১৯৭১-এর মার্চে স্বৈরাচারী শাসক ইয়াহিয়া খান যখন নিরস্ত্র বাঙালির ওপর হিটলারি কায়দায় গণহত্যা শুরু করলো, তখন তিনি ক্ষোভে জ্বলে উঠে 'ইয়াহিয়া এই জানোয়ারটা আবার আক্রমণ করতে পারে' শিরোনামে ১০টি পোস্টার আঁকেন।

পোস্টারগুলো শহীদ মিনারে জনসাধারণের জন্য প্রদর্শন করা হয়। যুদ্ধ শুরু হয়ে গেলে কামরুল হাসান পশ্চিমবঙ্গে চলে যান এবং নবগঠিত মুজিবনগর সরকারের তথ্য ও প্রচার বিভাগের প্রধান দায়িত্ব গ্রহণ করেন। তখন তিনি ইয়াহিয়া খানের প্রতিকৃতি দিয়ে একটি বিখ্যাত ব্যঙ্গচিত্র আঁকেন 'এই জানোয়ারদের হত্যা করতে হবে' শিরোনামে। সেখানে দানব আকারে দেখানো হয় ইয়াহিয়াকে, যা প্রকৃত অর্থে পুরো হানাদার বাহিনীর নগ্ন চরিত্রের পরিচয় বাহক। সেই চিত্রটি দিয়ে পোস্টার ছাপিয়ে দেশের প্রত্যন্ত অঞ্চলে পাঠিয়ে দেওয়া হয়।

এই পোস্টার চিত্রটি পাকিস্তানি বর্বর সেনাবাহিনীর এবং তাদের এ দেশীয় দালালদের বিরুদ্ধে অর্থাৎ রাজাকারদের বিরুদ্ধে জনগণের মধ্যে ঘৃণা ও বিদ্রোহের উদ্রেক বাড়িয়ে দেয় বহুগুণে। এ ধরনের আরও অনেক পোস্টার তিনি এঁকেছিলেন। তার এমন একটা পোস্টারের উপরিভাগে স্লোগান লেখা রয়েছে- 'রক্তের ঋণ রক্তে শুধবো, দেশকে এবার মুক্ত করবো'।

এছাড়া 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম', 'রক্ত যখন দিয়েছি রক্ত আরও দেবো', 'ঘরে ঘরে দুর্গ গড়ে তোলো', 'মুক্তিবাহিনী আপনার পাশেই আছে'- বাংলাদেশ সরকারের তথ্য ও প্রচার দফতর থেকে প্রচার করা হয়। এগুলো প্রচণ্ডভাবে নাড়া দেয় বীর বাঙালি মুক্তিযোদ্ধাদের।

বরেণ্য চিত্রশিল্পী আমিনুল ইসলাম মুক্তিযুদ্ধের অগণিত শহীদ নর-নারীর নির্মম নারকীয় হত্যাকাণ্ড নিয়ে 'গণহত্যা' শিরোনামে একটি বড় তৈলচিত্র নির্মাণ করেন। যাতে দেখা যায় অগণিত নর-নারীর কঙ্কাল স্তূপকৃত হয়ে আছে। উপরের দিকে বাংলার সবুজ শ্যামল পটভূমি দেখে মনে হয় শহীদদের স্মরণে বাংলাদেশ বিলাপ করছে। মুক্তিযুদ্ধ চলাকালীন অপেক্ষাকৃত তরুণ শিল্পী রফিকুন নবী ঢাকায় অবরুদ্ধ ছিলেন। যুদ্ধের ৯ মাস আতঙ্ক ও উৎকণ্ঠার মধ্য দিয়ে বিজয়ের আকাঙ্ক্ষা করেছেন প্রতিটি মুহূর্তে।

এ অবস্থা থেকেই আঁকেন 'বিজয়' নামের চিত্রটি। ১৯৭১ সালের আগস্টে এই চিত্রটির কাজ শুরু করেন আর শেষ করেন ১৬ ডিসেম্বরে। এই ছবিটিতে বিজয়ের মাহাত্ম্য বোঝাতে প্রতীক হিসেবে হাতির ফিগার ব্যবহার করেন। চিত্রকলা যে প্রতিবাদের অনেক বড় হাতিয়ার হতে পারে এবং অবদান রাখতে পারে 'বিজয়' তারই প্রমাণ।

মুক্তিযুদ্ধে পটুয়া কামরুল হাসান, শিল্পী দেবদাস চক্রবর্তী, নিতুন কুণ্ডু ও প্রাণেশ মণ্ডলের করা পোস্টারগুলোর মধ্যে 'সদা জাগ্রত বাংলার মুক্তিবাহিনী', 'বাংলার হিন্দু, বাংলার খ্রিষ্টান, বাংলার বৌদ্ধ, বাংলার মুসলমান, আমরা সবাই বাঙালি', 'এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম', 'একেকটি বাংলা অক্ষর একেকটি বাঙালির জীবন', 'রক্ত যখন দিয়েছি রক্ত আরো দেবো' উল্লেখযোগ্য।

মুক্তিযুদ্ধকালীন মানচিত্র সমেত যে পতাকা, তার ডিজাইনার ছিলেন কথাশিল্পী শিবনারায়ণ দাস। পরবর্তীতে যার চূড়ান্ত নকশা করেন শিল্পী কামরুল হাসান। মুক্তিযুদ্ধে শিল্পী স্বপন চৌধুরী একদল শিল্পীকে নিয়ে মুক্তিযুদ্ধের ক্যাম্পে ও শরণার্থী শিবিরে গেয়ে শোনাতেন চেতনা জাগানিয়া সব গান। সেলুলয়েডের সেসব দুর্লভ ফুটেজ দিয়ে তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদ নির্মাণ করেন মুক্তিযুদ্ধের চলচ্চিত্র 'মুক্তির গান'।

আমরা বিভিন্ন দেশের সংগ্রামে সেসব দেশের শিল্পী-লেখকদের ভূমিকার কথা বলি। লেখক-শিল্পীদের দায়বদ্ধতার কথা বলি। শুধু নিজেদের দেশের খবর রাখি না বা রাখতে চাই না। মুক্তিযুদ্ধে কেন, তেভাগা আন্দোলনে সোমনাথ হোড়ের ভূমিকা অনস্বীকার্য। তার কাজ দেখলে সেটা পরিষ্কার হয়। মুক্তিযুদ্ধে রাজনীতি সচেতন শিল্পী কাইয়ুম চৌধুরী তার ক্যানভাসে তুলে এনেছেন কানসাটের প্রতিবাদী আন্দোলনকেও। শুধু তাই নয়, দখলদার পাকিস্তানি বাহিনীর নির্মম গণহত্যা, অত্যাচার তুলে ধরে চিত্তরঞ্জন কর ও কামরুল হাসানের নেতৃত্বে কলকাতার বাংলাদেশ সহায়ক শিল্পী-সাহিত্যিক, বুদ্ধিজীবী সহায়ক সমিতির সহায়তায় ১৩ সেপ্টেম্বর ১৯৭১ বিড়লা একাডেমিতে চিত্র প্রদর্শনীর আয়োজন করেন। উদ্বোধন করেন প্রখ্যাত ভাস্কর শ্রী দেবীপ্রসাদ রায় চৌধুরী।

আমাদের মুক্তিযুদ্ধ গৌরবময় ইতিহাসের স্মারক নির্মাণ করেছেন আমাদের দেশের দেশপ্রেমিক শিল্পীরা। মুক্তিযুদ্ধে একজন সশস্ত্র যোদ্ধার কাজ তারা করেছেন তুলি-কলম-রঙের বর্ণিল আঁচড় দিয়ে। মাতৃভূমির প্রতি, দেশের মানুষের প্রতি যে দায় তা তারা পালন করেছেন সর্বান্তঃকরণে। তাদের এই দায়বদ্ধতার ইতিহাস সঠিকভাবে সংরক্ষণ করলে এই প্রজন্ম জানবে শিল্পীর স্বাধীনচেতা স্বভাব ও মাটি মানুষের প্রতি দায়বদ্ধতা, যার মধ্যে নিহিত রয়েছে শিল্পের রাজনীতি। শিল্পকলার বিকাশে শিল্পীর দায়বদ্ধতার পাঠাভ্যাসকে পোক্ত করার পর বিকল্প নেই।

লেখক: সাংবাদিক ও কলামিস্ট।


LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372



সাপ্তাহিক আজকাল
বিজ্ঞাপনের মূল্য তালিকা

বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
পাত্র/ পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।

যে কোন তথ্যের জন্য ফোন করুন >> ৬৪৬-২৬৭-৭৭৫১ | ৯১৭-৫১৯-১১৫১
Email: ajkalnews@gmail.com

## দুর্নীতিতে চ্যাম্পিয়ন ভাইবোন

১ পৃষ্ঠার পর

ব্যাংকের তৎকালীন গভর্নর আবদুর রউফ তালুকদারের সরাসরি তত্ত্বাবধানে এসব অনিয়ম হয়।

গ্রেফতারের পর থেকেই ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশের হেফাজতে রয়েছেন সালমান এফ রহমান। তার দাবি, শেখ পরিবারের অতি লোভের কারণেই দেশের অর্থনৈতিক অবস্থা এতটা শোচনীয় হয়েছে। তাতে সব সময়ই সায় দিতেন সরকারের শীর্ষস্থানীয় কিছু ব্যক্তি। শেখ হাসিনাকে বোঝাতে গিয়ে অনেকে ছিটকে পড়েছেন। কারণ, তিনি সব সময়ই তার নিজের সিদ্ধান্তে অটল থাকতেন।

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাগ্নী, যুক্তরাজ্যের লেবার মন্ত্রী টিউলিপ সিদ্দিক এবং তার পরিবারের সদস্যদের বিরুদ্ধে ৪ বিলিয়ন পাউন্ড (৬০ হাজার ২০০ কোটি টাকা) ঘুষ নেয়ার অভিযোগের তদন্ত করা হচ্ছে। ব্রিটেনের আর্থিক খাতে দুর্নীতিরোধের দায়িত্ব রয়েছে সিটি মিনিস্টার টিউলিপ সিদ্দিকের কাঁধে। টিউলিপের জন্মভূমি বাংলাদেশে। একটি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের চুক্তির সঙ্গে জড়িত কথিত অর্থ আত্মসাতের অভিযোগে তার বিরুদ্ধে তদন্ত করা হচ্ছে। বাংলাদেশের দুর্নীতি দমন কমিশন (দুদক) টিউলিপ সিদ্দিক, তার যুক্তরাজ্যে বসবাসকারী মা শেখ রেহানা সিদ্দিক এবং তার খালা বাংলাদেশের ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে তদন্ত শুরু করেছে। বাংলাদেশের হাইকোর্টের আদেশের পরে তদন্ত শুরু করা হয়েছিল, যেখানে দাবি করা হয়েছিল যে, টিউলিপ সিদ্দিক মোট ১০ বিলিয়ন ডলারের পারমাণবিক চুক্তির 'দালালি' করতে সহায়তা করেছিলেন। বিদ্যুৎ কেন্দ্রটি রোসাটম নামে একটি রাশিয়ান রাষ্ট্র-সমর্থিত কোম্পানি দ্বারা নির্মিত হয়েছিল এবং ২০১৩ সালে হাসিনা ও রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন টিউলিপ সিদ্দিকের উপস্থিতিতে ক্রেমলিনের অভ্যন্তরে চুক্তিটি স্বাক্ষর করেছিলেন, যিনি তখন একজন লেবার কাউন্সিলর ছিলেন।

বাংলাদেশে দুদক সিদ্দিকের পরিবারের অন্য সদস্যদের বিরুদ্ধেও তদন্ত করছে, যার মধ্যে তার খালাতো ভাই সজীব ওয়াজেদ জয় রয়েছেন। জয় যুক্তরাষ্ট্রে থাকেন । পুতুলের চাচা তারিক সিদ্দিকির বিরুদ্ধেও তদন্ত হচ্ছে। বাংলাদেশে লুকিয়ে আছেন বলে ধারণা করা হচ্ছে। আদালতের কাগজপত্রে তাদের নাম ছিল। দুদকের একজন কর্মকর্তা বলেছেন, কমিশন জড়িতদের অবস্থান নির্বিশেষে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।

দুর্নীতি পর্যবেক্ষক সংস্থাট জানিয়েছে, আওয়ামী লীগ সরকারের আমলে শুরু হওয়া আটটি অগ্রাধিকার প্রকল্পে ২১০ বিলিয়ন টাকার দুর্নীতির অভিযোগ পেয়েছে তারা। এ ছাড়া রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পে ৫৯০ বিলিয়ন টাকার দুর্নীতির অভিযোগ রয়েছে। এসিসির নিষ্ক্রিয়তা কেন অবৈধ ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে হাইকোর্ট একটি রুল জারি করার দু দিন পরে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী ও তাঁর পরিবারের সদস্যদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগের তদন্তের জন্য এটিই প্রথম উদ্যোগ বহিষ্কৃত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার পরিবারের সদস্যদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগের তদন্ত করার সিদ্ধান্ত নিয়েছে দুর্নীতি দমন কমিশন (এসিসি)। গত মঙ্গলবার এসিসির মহাপরিচালক (প্রতিরোধ) আখতার হোসেন এ সিদ্ধান্তের কথা জানান।

তদন্তের অংশ হিসেবে হাসিনা, জয়, তার বোন শেখ রেহানা এবং রেহানার মেয়ে টিউলিপের জড়িত থাকার বিষয়টি খতিয়ে দেখবে এসিসি। গতকাল মঙ্গলবার এসিসির চেয়ারম্যান আবদুল মোমেনের নেতৃত্বে এক কমিশনের বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। এসিসির নথি অনুযায়ী, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পে দুর্নীতির অভিযোগ জাতীয় গণতান্ত্রিক আন্দোলনের চেয়ারম্যান ববি হাজ্জাজ প্রকাশ্যে এনেছিলেন। (ঘষ্টপ), আশ্রয়, বেজা ও বেপজার আওতায় প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ২১০ বিলিয়ন টাকা "আত্মসাৎ করার অভিযোগ উঠে এসেছে গণমাধ্যমের খবরে।

আওয়ামী লীগের যুক্তরাজ্যের সাধারণ সম্পাদক এবং তারেক সিদ্দিকের পারিবারিক বন্ধু সৈয়দ ফারুক বলেন, 'এই গল্পগুলো বানোয়াট। এগুলো হাসিনা পরিবারের বিরুদ্ধে বর্তমান সরকারের রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে আক্রমণ। তারা টিউলিপকে আক্রমণ করছে, কারণ সে আমাদের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাগ্নি। জুলাই মাসে সিটি মন্ত্রী হওয়ার পর থেকে সিদ্দিককে ঘিরে ঘুষের তদন্ত হলো বিতর্কিত একটি বিষয়। তিনি প্রায় ১৪ মাস ধরে লন্ডনের একটি সম্পত্তির ভাড়ার আয় ঘোষণা করেননি বলে সংসদীয় মানদণ্ড মেনে তার বিরুদ্ধে তদন্ত করা হয়েছিল বলে দাবি করা হয়েছিল।'

সংসদীয় নিয়ম অনুসারে সদস্যদের ২৮ দিনের মধ্যে এই জাতীয় আয় ঘোষণা করতে হবে। টিউলিপ হয় অফিসিয়াল উপাধি ট্রেজারির অর্থনৈতিক সচিব। তিনি ক্ষমা চেয়েছিলেন এবং ত্রুটি 'অসাবধানতাবশত' হয়েছিল বলে স্বীকার করেছিলেন। আগস্টে একই সংবাদপত্র প্রকাশ করেছিল কীভাবে সিদ্দিক দুই বছর আগে ২ মিলিয়ন পাউন্ডের পাঁচ বেডরুমের বাড়িতে চলে যান, যেটি তিনি তার তৎকালীন প্রধানমন্ত্রী খালা শেখ হাসিনার রাজনৈতিক মিত্রের কাছ থেকে ভাড়া নিয়েছিলেন। একজন বাংলাদেশি বিরোধী রাজনীতিক ববি হাজ্জাজ সেপ্টেম্বরে হাইকোর্টে একটি পিটিশন দাখিল করার পরে সিদ্দিক এবং তার পরিবারের বিরুদ্ধে তদন্ত শুরু হয়।

আদালতের কাগজপত্রে উদ্ধৃত বাংলাদেশি মিডিয়ার বিভিন্ন নিবন্ধের ওপর ভিত্তি করে এটি তৈরি করা হয়েছিল। টিউলিপ সিদ্দিক এবং তার পরিবার পারমাণবিক চুক্তির সময় ঘুষ নিয়েছেন বলে অভিযোগ করা হয়েছে। রাজধানী ঢাকা থেকে ১২৮ মাইল উত্তর-পশ্চিমে ঈশ্বরদী উপজেলায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণের চুক্তিটি ২০১৩ সালে ক্রেমলিনে একটি জমকালো অনুষ্ঠানে হাসিনা ও পুতিনের মধ্যে স্বাক্ষরিত হয়েছিল যেখানে সিদ্দিক, তার মা রেহানা (৬৯) ও ছোট বোন আজমিনা (৩৪) উপস্থিত ছিলেন। সিদ্দিক ও তার পরিবার এমনকী পরে রাশিয়ান রাষ্ট্রনেতার সঙ্গে ছবিও তোলেন।

বাংলাদেশি গণমাধ্যমের রিপোর্টগুলো গ্লোবাল ডিফেন্স কর্প নামে মার্কিনভিত্তিক নিউজ ওয়েবসাইটের একটি নিবন্ধের দ্বারা আলোড়িত হয়েছিল, যেখানে টিউলিপ সিদ্দিক এবং তার পরিবারের সদস্যদের দ্বারা ৪ বিলিয়ন পাউন্ড কীভাবে চুরি করা হয়েছিল তা বিস্তারিত তুলে ধরা হয়।

রিট পিটিশনে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্পের বিষয়ে রাশিয়ান সরকারি কর্মকর্তাদের সঙ্গে বৈঠক পরিচালনা ও সমন্বয় সাধনে টিউলিপ যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন তা জানানো হয়। নথিতে আরও অভিযোগ করা হয়েছে যে, বিদ্যুৎকেন্দ্রের ১০ বিলিয়ন পাউন্ড ব্যয়ের ৯০ শতাংশ ক্রেমলিন থেকে হাসিনা সরকারের কাছে ঋণের মাধ্যমে পূরণ করা হয়েছিল, কিন্তু হাসিনা পরিবার মালয়েশিয়ার ব্যাংকের মাধ্যমে 'রুশ কর্মকর্তাদের সঙ্গে যোগসাজশে ৪ বিলিয়ন পাউন্ড আত্মসাৎ করেছে।'

নথিতে বলা হয়েছে, সিদ্দিক, হাসিনা ও তাদের পরিবারের অন্য সদস্যরা মধ্যস্থতার বিনিময়ে আত্মসাতকৃত তহবিলের ৩০ শতাংশ পেয়েছেন। এমনকি দাবি করা হয়েছে যে, প্রচ্ছয়া লিমিটেড নামের একটি 'ভুয়া' কোম্পানির মাধ্যমে বাংলাদেশ থেকে ৭০৯ মিলিয়ন পাউন্ড পাচার করা হয়েছে 'যুক্তরাজ্যসহ বিভিন্ন দেশে'।

ভাইট ইস্টের টোরি এমপি জো রবার্টসন বলেছেন, 'এটি স্পষ্ট যে অভিযোগ গুরুতর, এখানে মন্ত্রী টিউলিপের সম্পৃক্ততা কতোখানি ছিল তা জানা প্রয়োজন। গুরুতর তদন্তের অধীনে থেকেও সিদ্দিক কি তার মন্ত্রী পদে বহাল থাকবেন?'

ভ্লাদিমির পুতিনের সঙ্গে বিলিয়ন ডলারের অস্ত্র চুক্তি এবং একটি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্পে স্বাক্ষর করার সময় একটি সরকারি প্রতিনিধিদলের সঙ্গে ভিডিও প্রকাশের পর নগরমন্ত্রী টিউলিপ সিদ্দিক নতুন প্রশ্নের মুখোমুখি হয়েছেন। ফুটেজে সিদ্দিককে ক্রেমলিনে তার খালা শেখ হাসিনার নেতৃত্বে একটি দলের অংশ হিসেবে দেখানো হয়েছে। দ্য মেইল অন সানডে প্রকাশ করার নয় বছর পর এটি প্রকাশ্যে আসে যে, ২০১৩ সালের অনুষ্ঠানে পুতিন এবং তার খালার সঙ্গে সিদ্দিক উপস্থিত ছিলেন। হাসিনা বাংলাদেশের তৎকালীন প্রধানমন্ত্রী ছিলেন। সেই সময়ে লেবার জোর দিয়ে বলেছিল যে, তৎকালীন সংসদীয় প্রার্থী সিদ্দিক যেকোনো সরকারি প্রতিনিধিদলের অংশ ছিলেন না, তার পরিবারের সঙ্গে একটি অনুষ্ঠানে আমন্ত্রিত ছিলেন। তবে ভিডিওগুলো প্রকাশ করে যে ক্রেমলিনের অভ্যন্তরে এটি একটি 'পারিবারিক অনুষ্ঠান' ছিল। ছবিতে পুতিন ও হাসিনাকে একটি অলংকৃত ডেস্কে বসে ছবি তুলতে দেখা যায়। তাদের পেছনের দেয়ালে ছিল রুশ ও বাংলাদেশের পতাকা। ১ বিলিয়ন পাউন্ডের অস্ত্র চুক্তি স্বাক্ষরের আগে উভয় নেতা একে অপরের দেশের প্রশংসা করে বক্তৃতা দিয়েছিলেন। বিতর্কিত রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র চুক্তি, যা এখন বাংলাদেশে তদন্তের অধীন এই অনুষ্ঠানেই স্বাক্ষরিত হয়েছিল। পুতিনের সঙ্গে হাসিনার চুক্তি স্বাক্ষরের পরে একই ঘরে এই পারিবারিক ছবি তোলা হয়েছিল।

ভিডিওতে দেখা গেছে, টিউলিপ সিদ্দিক ও তার বোন আজমিনা বাংলাদেশি প্রতিনিধিদলের সঙ্গে তাদের খালার পেছনে হাঁটছেন। একজন লেবার মুখপাত্র এ প্রসঙ্গে বলেছেন, 'এটি টিউলিপ এমপি হওয়ার ১১ বছর আগের ঘটনা। টিউলিপ শুধুমাত্র তার খালাকে দেখতে এবং তার পরিবারের সঙ্গে সময় কাটাতে রাশিয়া গিয়েছিলেন। পারিবারিক সদস্য হওয়ায় তিনি যেকোনো অনুষ্ঠানে যোগ দিয়েছেন, তাতে তার কোনো ভূমিকা ছিল না।'

যদিও টোরি দলের একজন মুখপাত্র বলেছেন, 'এটি টিউলিপ সিদ্দিকের তথাকথিত পারিবারিক মস্কো সফরের পরিস্থিতি সম্পর্কে কিছু গুরুতর প্রশ্ন উত্থাপন করে। এক দশকেরও বেশি সময় পরে অবশেষে সিদ্দিকের রাশিয়া সফর এবং এই ছবির পেছনের সত্য উন্মোচনের সময় এসেছে।'

এদিকে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প থেকে শেখ হাসিনা ও তার পরিবারের বিরুদ্ধে ওঠা ৫০০ কোটি মার্কিন ডলার (৫৯ হাজার কোটি টাকা) আত্মসাতের অভিযোগ তদন্তে দুদকের নিষ্ক্রিয়তা নিয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। এক রিট আবেদনের প্রাথমিক শুনানি শেষে বিচারপতি ফাতেমা নজীব ও বিচারপতি মুবিনা আসাফের হাইকোর্ট বেঞ্চ এ রুল জারি করেন। রুলে এ অভিযোগ অনুসন্ধান-তদন্তে সংস্থাটির ব্যর্থতা ও নিষ্ক্রিয়তা কেন আইনগত কর্তৃত্ববহির্ভূত ঘোষণা করা হবে না, জানতে চাওয়া হয়েছে।

## খালেদা জিয়া লন্ডন যাচ্ছেন ২৯ ডিসেম্বর

১ পৃষ্ঠার পর

এই প্রধানমন্ত্রী কিডনীসহ নানা জটিলতায় ভুগছেন। তার এসব রোগের উন্নত চিকিৎসা যুক্তরাষ্ট্র ও জার্মানিতে সম্ভব বলে চিকিৎসকরা বলছেন। সম্প্রতি বেগম জিয়ার স্বাস্থ্যের কিছুটা উন্নতি হলে বিজয় দিবস উপলক্ষে মুক্তিযোদ্ধা দলের এক সমাবেশে সশরিরে উপস্থিত হয়ে ভাষণ দেবেন বলে প্রস্তুতি নেয়া হচ্ছিল। কিন্তু হঠাৎ করে তার শারীরিক অবস্থার অবনতি হলে মুক্তিযোদ্ধা দলের সমাবেশ স্থগিত করা হয়। খালেদা জিয়া ইতিমধ্যে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের ভিসা সংগ্রহ করেছেন। বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দেশে ফেরার পর বেগম জিয়া বিদেশ যাবেন বলে ধারণা করা হচ্ছিল। কিন্তু তার আরও কয়েকটি মামলা থাকায় ফেব্রুয়ারির আগে তিনি দেশে ফিরতে পারছেন না। এরিমধ্যে খালেদা জিয়ার স্বাস্থ্যের আরও অবনতি হতে পারে এমন আশঙ্কায় তাকে দ্রুত বিদেশে নিয়ে উন্নত চিকিৎসার প্রস্তুতি নেওয়া হয়েছে।

## নরেন্দ্র মোদীর ইতিহাস বিকৃতি নিন্দনীয়

১ পৃষ্ঠার পর

এই দিনে স্বাধীনতাকামী মুক্তিযোদ্ধারা পাকিস্তান হানাদার বাহিনীকে নয় মাসের রক্তক্ষয়ী যুদ্ধে পরাজিত করে বাংলাদেশ স্বাধীন করে। এই বিজয় ত্রিশ লক্ষ শহীদের রক্তের বিনিময়ে ও দুই লক্ষের অধিক মা বোনের ইজ্জতের বিনিময়ে অর্জিত হয়। এই যুদ্ধে সহায়ক শক্তি ছিল ভারতীয় সেনাবাহিনী। কিন্তু ভারতীয় প্রধানমন্ত্রী তার বিবৃতিতে ভারতীয় সেনাবাহিনীর প্রতিশ্রদ্ধা জানিয়ে এটাকে পাক-ভারত যুদ্ধ হিসেবে বিবৃত করেন। যা অসত্য ও ইতিহাস বিকৃতি। এটা ঘৃণ্য। আমি এর নিন্দা জানাই।

জুনাব কাদের বিজয় দিবস নিয়ে বাংলাদেশের অবস্থানেরও সমালোচনা করেন। তিনি বলেন, বাংলাদেশের প্রধান উপদেষ্টাও দেশের বিজয় দিবসে তার ভাষণে ইতিহাসকে বিকৃত করেছেন। তিনি তার ভাষণে একবারের জন্যও এই স্বাধীনতা যুদ্ধের মহানায়ক ও জাতির পিতা বঙ্গবন্ধুর নাম উল্লেখ করেন নি। এই ভাষণ ইতিহাসের অপলাপ, নিন্দনীয় ও পরিত্যাজ্য! এটা ছাড়াও মোহাম্মদ ইউনুস ইতোমধ্যেই এমন কিছু মন্তব্য করেছেন রাষ্ট্রের সরকার প্রধানের গদিতে পাকেচক্রে আসীন হয়ে যা এমন দুয়েকটি গুরুত্বপূর্ণ বক্তব্যও দিয়েছেন যেখানে তিনি নিজের 'ক্ষুদ্রতা' ইতিহাসের বুকে অবিকল রেখে গেলেন। বিজয় দিবসের এই বক্তৃতায় 'বিজয়' কবে হয়েছিলো, কারা এতে জড়িত ছিলেন, এসব ইতিহাসের কিছু তথ্য বিষয়ে তিনি ইচ্ছাকৃতভাবে বিস্মৃত ছিলেন! অনেকে তাঁকে রেয়াত দেয়ার জন্য হয়তো বলবেন এটা তাঁর অজ্ঞতা, কিন্তু মনে রাখা জরুরি ইতিহাস বিষয়ে 'অজ্ঞতা' ইতিহাসকে মুছে দেয় না।


SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable

বিনা খরচে বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যাকসন হাইটস, জ্যামাইকা ও ব্রঙ্কস শাখা খোলা থাকে

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনা
- আমরা ৩০ বছর যাবত আপনাদের সেবা দিয়ে যাচ্ছি

ঘরে বসে টাকা পাঠাতে আপনার মোবাইল থেকে

Sonali Exchange Mobile App
ডাউনলোড করে রেজিষ্ট্রেশন করুন
যোগাযোগ - ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জে এর মাধ্যমে রেমিটেন্স প্রেরণ করুন
দেশের অর্থনৈতিক উন্নয়নে অংশীদার হোন

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগা করুন

| | | | |
|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 |
| BRONX 718-882-1081 | JAMAICA 374-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 |
| | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 | |

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSE IS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, IF-------

আমাদের সার্ভিস নিন -আপনাকে সেবা করার সুযোগ দিন


GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE
HOME CARE
হোম
সর্বোচ্চ পেমে
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
বাড়ী ভাড়া বাবদ সরকার থেকে প্রতিমাসে ৮০০ ডলার পেতে সহায়তা করা হয়।
PCA
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
Please C
• Salary & Benefits
• Weekly Payments
• Direct Deposit
Shah
Presiden
646-5
আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনি
JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834
HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-
Email: info@goldenagehomecare.c






কেয়ার

ন্টের নিশ্চয়তা

A AND CDPAP SERVICE

সর্বাধিক জনপ্রিয়

ম হেল্‌থ কেয়ার এজেন্সী

ontact

Nawaz MBA
t & CEO
591-8396



Design by: ihopeprint.com, 929-538-7903

ং স্কুল আছে

FFICE
e Ave
1432
820
4115

BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115

We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES

আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি

om | www.goldenagehomecare.com


মিনা বাজার MINA BAZ
SUPERMARKET & FRESH ZABIHA HALAL MEAT • FISH • FRUITS &
7110 35th Ave, Jackson Heights, NY 11372 718-639
RUHU 3KG $14.99 EACH 2 FOR $25.00
RUHU 4KG $18.99 EACH
MRIGAL 3KG $19.99 EACH
MRIGAL 4KG $26.99 EACH
PUNGASH 2KG $3.49 LB
KATLA 4KG $2.99 LB
KATLA 5KG $3.29 LB
MAGUR $3.99 LB
MAZOLA OIL Veg. & Canola $10.99 96 OZ
Mazola
MAZOLA Corn Oil $14.99 LB
Mazola
MILK REGULAR $3.99 EACH
MILK
KACHUR LATI 3 FOR $5.00
NAWBAB Parboiled Basmati Rice $17.99 20 LB
NAWBAB
PARBOILED BASMATI RICE
MASOOR DAL $4.99 4 LB
MINA BAZAAR
Masoor Dal
GOLDEN TEMPLE ATTA $14.99 20 LB
GOLDEN TEMPLE
RED COW Full Cream Milk Powder $22.99 2.5 KG
Red Cow
FULL CREAM MILK POWDER
RESHME Parboiled Basmati Rice $20.99 20 LB
Reshme
PARBOILED BASMATI RICE
3 KHAN'S Extra Long Grain Parboiled Rice $19.99 20 LB
3 Khan's
KRISHAK Parboiled Basmati Rice $18.99 20 LB
BASMATI RICE
CANADIAN ONION $4.99 10 LB


ZAAR
HALAL MONITORING SERVICES
HMS
HALAL
CERTIFIED AND MONITORED
WINTER Special Sale
DEC. 13, 2024 - MAR 31, 2025
বিশেষ মূল্যহ্রাস
& VEGETABLES
-6462
KORAL 6KG $5.49 LB
KORAL 1KG $3.99 LB
SHOLE 1KG UP $4.49 LB
KASKI 3 FOR $3.99
SHARPUTI $2.49 LB
HILSHA 3FOR $24.99 PACK
HILSHA $20.99 1000 - 1200 EACH
1200 - 1500 UP $9.99 LB
CARNATION MILK $1.49 EACH
MAGNOLIA MILK $1.49 EACH
Kawan PARATHA $8.49 EACH
Jhatpot PARATHA $5.99 EACH
Nawbab PARATHA $5.99 EACH
PLAIN PARATHA
DELTA RICE $33.99 50 LB
VEG. OIL $29.99 32.5 LB
SWAD VEGETABLE OIL
CANOLA OIL $29.99 32.5 LB
SWAD CANOLA OIL
CORN OIL $35.99 32.5 LB
SWAD CORN OIL
SAFI Special Basmati Rice $22.99 20 LB
SHAHI Chinigura Rice $14.99 10 LB
LAXMI Mustard Oil $14.99 5 LB
WAGH BAKRI Premium Tea $9.49 2 LB
PREMIUM TOWEL Kirkland Signature $23.99




## বিএনপির বিজয় দিবসের অনুষ্ঠান

৩ পৃষ্ঠার পর

হক মিলন, বীর মুক্তিযোদ্ধা কর্ণেল আলি, বীর মুক্তিযোদ্ধা সোলায়মান ভূঁইয়া, বিশিষ্ট সাংবাদিক বীর মুক্তিযোদ্ধা মঈনুদ্দিন নাসের, বীর মুক্তিযোদ্ধা আলী ইমাম শিকদার, বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা মশিউর রহমান, বীর মুক্তিযোদ্ধা মনির হোসাইন। অনুষ্ঠানের সঞ্চালনা করেন চট্টগ্রাম সমিতির সভাপতি মাকসুদুল এইচ. চৌধুরী।

বক্তারা বলেন, স্বাধীনতার ঘোষক জিয়াউর রহমান মাত্র সাড়ে তিন বছর দেশের সেবা করার সুযোগ পেয়েছেন। ষড়যন্ত্রের চক্রান্তে তাকে হত্যা করা না হলে বাংলাদেশ এতোদিনে উন্নত দেশে পরিণত হতো।

বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র বিএনপি নেতা গিয়াস উদ্দিন, যুবদলের সাবেক সভাপতি ব্যবসায়ী জাকির এ চৌধুরীসহ বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতারা।

এছাড়া ১৬ ডিসেম্বর সমাবেশের আয়োজন করে নিউইয়র্ক স্টেট শাখা বিএনপি। জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় এই সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সাধারণ সম্পাদক জিল্লুর রহমান। নিউইয়র্ক স্টেট বিএনপির সভাপতি অলিউল্লাহ আতিকুর রহমানের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক সাঈদুর রহমান সাঈদের সঞ্চালনায় সমাবেশে বক্তারা আগামী নির্বাচনে জয়লাভ করতে বিএনপির প্রতিটা নেতাকর্মীকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।


# বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!

SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$

Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.

20 Years Experience

BUY - SELL - RENT



আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুনঃ

মোহাম্মদ সেলিম রেজা
Lic. Real Estate Sales Person

আমরা বাংলায় কথা বলি

ফোনঃ 929-393-7331



Mohammad Salim Reza (MBA)
NYC Licensed Realtor, Professional/ Couteous!
Tel. 929-393-7331
Email: mrezarealtor@gmail.com

EXIT
EXIT REALTY PRIME
189-10 Hillside Ave, Suite E, Queens, NY 11423
Office: 718-262-0205, Fax: 718-262-0254


## ওয়ার্ক পারমিটের মেয়াদ ৫৪০ দিন বাড়ল পর্যন্ত

৩ পৃষ্ঠার পর

কার্যকর হবে।

ডিএইচএস জানিয়েছে, এই নিয়ম যারা ওয়ার্ক পারমিটের আবেদন বা ফরম আই-৭৬৫ জমা দিয়েছেন, কিন্তু তাদের আবেদন স্থগিত আছে তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

যদি আই-৭৬৫ ২০২২ সালের ৪ মে'র পূর্বে জমা দেয়া হয়, তাহলে ১৮০ দিন অটোমেটিক সময় বৃদ্ধি পাবে। এছাড়া ২০২২ সালের ৪ মে থেকে ২০২৩ সালে ২৬ অক্টোবর পর্যন্ত সময়ের মধ্যে আবেদনকারীরাও এ সুযোগ নিতে পারবেন।

যদি আপনি ২৬ অক্টোবর ২০২৩ সালের পরে আবেদন করে থাকেন, তাহলে স্বাভাবিক ১৮০ দিন স্বয়ংক্রিয় সময় বহাল থাকবে। তবে যদি এ সময়ের মধ্যেও বিষয়টি নিষ্পত্তি হলে আবেদন করলে মোট ৫৪০ দিনের বর্ধিত সুযোগ পাওয়া যাবে।

হোমল্যান্ড সিকিউরিটির সচিব আলেজান্দ্রো এন মায়োরকাস বলেন, ২০২১ সালের জানুয়ারি থেকে আমেরিকান অর্থনীতি ১৬ মিলিয়নেরও বেশি কর্মসংস্থান সৃষ্টি করেছে এবং হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ ব্যবসায়ীদের সাহায্য করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

তার মতে, নির্দিষ্ট কিছু নিয়োগের অনুমোদনের নথির জন্য স্বয়ংক্রিয় এক্সটেনশন সময়কাল বৃদ্ধি করায় লাল ফিতা দূর করতে সাহায্য করবে। নিয়োগকর্তারা কর্মসংস্থানের জন্য যোগ্য লাখ লাখ ব্যক্তি সম্প্রদায়গুলোতে অবদান রাখতে পারে এবং দেশের শক্তিশালী অর্থনীতিকে আরও শক্তিশালী করতে পারে এমন মানুষকে নিয়োগ করতে পারবে।


VISA VISA VISA VISA VISA VISA VISA VISA VISA




- Canada Visa Processing
- UK Visa Processing
- USA Visa Processing
- India Visa Processing
- Dubai Visa Processing
- Saudia Visa Processing
- Australia Visa Processing
- Thailand Visa Processing
- Schengen Visa Processing




- সৌদি ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা

আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা এপ্লিকেশন প্রসেস করি

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

Phone: 917-396-4140, 917-592-7828
7305 37th Road, Jackson Heights, NY 11372
* Visa Issued by Consulate General

VISA VISA VISA VISA VISA VISA VISA VISA VISA

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা




ইন্ডিয়া মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা




USA 5 YEARS MULTIPLE TOURIST VISA

দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

NEW YORK OFFICE
7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

DHAKA OFFICE
NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

# চাঁদাবাজি মহাপাপ

২৫ পৃষ্ঠার পর

জন্য ইহ ও পরকালে কঠিন শাস্তি ঘোষণা করেছে। মহান আল্লাহতায়ালা বলেন, 'যারা আল্লাহ ও রসুলের বিরুদ্ধাচরণ করে এবং দেশে সন্ত্রাস-অরাজকতা সৃষ্টির চেষ্টা করে তাদের শাস্তি হচ্ছে- তাদের হত্যা করা হবে অথবা ফাঁসিতে চড়ানো হবে অথবা তাদের হাত-পা বিপরীত দিক থেকে কেটে দেওয়া হবে অথবা দেশ থেকে নির্বাসিত করা হবে। এটি হলো তাদের জন্য পার্থিব লাঞ্ছনা, আর পরকালে তাদের জন্য রয়েছে কঠোর শাস্তি।' (সুরা মায়িদাহ-৩৩)। রসুলুল্লাহ (সা.) বলেন, 'আমার উম্মতের মধ্যে নিঃস্ব সে সেই ব্যক্তি, যে কেয়ামতের দিন নামাজ, রোজা ও পর্যাপ্ত জাকাত নিয়ে উপস্থিত হবে। সঙ্গে এমন পরিস্থিতি উদ্ভব হবে যে, সে কাউকে গালি দিয়েছে, কারও প্রতি মিথ্যা অপবাদ আরোপ করেছে, কারও সম্পদ ভক্ষণ করেছে, কারও রক্তপাত করেছে এবং কাউকে প্রহার করেছে। অতঃপর কাউকে তার কিছু নেকি দেওয়া হবে। অপরজনকে কিছু নেকি দেওয়া হবে, এভাবে পাওনাদারের দাবি পূরণের আগেই তার সব নেকি শেষ হয়ে যাবে, তখন তাদের পাপের বোঝা ওই ব্যক্তির ওপরে তারা নিক্ষেপ করবে, অতঃপর তাকে জাহান্নামে নিক্ষেপ করা হবে।' (সহিহ মুসলিম-২/৩২০ হা. ২৫৮১)।

পরকালে পাওনাদারের পাওনা পরিশোধের পদ্ধতি হবে খুবই বিপজ্জনক পরিস্থিতি। যারা সেদিন পাকড়াও হবে তাদের মুক্তির কোনো উপায় হবে না। থাকবে না পার পাওয়ার কোনো সুযোগ। তাই এ পৃথিবীতে থাকাকালীন সতর্ক হওয়া প্রয়োজন। প্রয়োজন দায়মুক্ত হওয়া। সেদিন ক্ষমা নেওয়ার কোনো উপায় থাকবে না। থাকবে না কোনো ক্ষমতার দাপট। পরিচ্ছন্ন হৃদয় ও আন্তরিক সন্তুষ্টি ছাড়া প্রদানকৃত সম্পদ কারও জন্য বৈধ হবে না। চাপ সৃষ্টি করে জোরপূর্বক আদায়কৃত সম্পদ মানেই হারাম ও চাঁদাবাজির অন্তর্ভুক্ত। এসব কাজে যে বা যারা জড়িত তাদের অবশ্যই তওবা করে সঠিক পথে ফিরে আসতে হবে। চাঁদাবাজির মাধ্যমে জোরপূর্বক আত্মসাৎকৃত সম্পদের মালিকের অথবা উত্তরাধিকারীর কাছে ফেরত দিতে হবে। তা অসম্ভব হলে তার নামে ওই সম্পদ সদকা করতে হবে। অন্যথায় পরকালে কঠিন বিপদের সম্মুখীন হতে হবে।

লেখক: গবেষক, ইসলামিক রিসার্চ সেন্টার বসুন্ধরা, ঢাকা।

# আল কোরআনের আলোকে ওহি বা প্রত্যাদেশ

২৫ পৃষ্ঠার পর

মানুষকে সতর্ক করতে হবে ওহির মাধ্যমে : এমনিভাবে আমি আপনার প্রতি ওহি করছি আরবি ভাষায় কোরআন, যাতে আপনি মক্কা ও এর আশপাশের লোকদের (আরববাসী) সতর্ক করেন এবং সতর্ক করেন সমাবেশের দিন সম্পর্কে, যাতে কোনো সন্দেহ নেই। একদল জান্নাতে এবং একদল জাহান্নামে প্রবেশ করবে (৪২ :৭)। এ বিষয়ে আরও চারটি আয়াত রয়েছে।

ওহি বা প্রত্যাদেশ হচ্ছে সৎপথ দেখানোর রাস্তা : আর যাদের আমি সৃষ্টি করেছি, তাদের মধ্যে এমন একদল রয়েছে যারা সত্য পথ দেখায় এবং সে অনুযায়ী ন্যায়বিচার করে (৭ :১৮১)। বলুন, আমি পথভ্রষ্ট হলে নিজের ক্ষতির জন্যেই পথভ্রষ্ট হব; আর যদি আমি সৎপথ প্রাপ্ত হই, তবে তা এ জন্য যে, আমার পালনকর্তা আমার প্রতি ওহি প্রেরণ করেন। নিশ্চয়ই তিনি সর্বশ্রোতা, নিকটবর্তী (৩৪ :৫০)। এ বিষয়ে আরও একটি আয়াত রয়েছে।

ওহির মাধ্যমে নবীরা সরল পথে পরিচালিত হন : অতএব, আপনার প্রতি যে ওহি নাজিল করা হয়, তা দৃঢ়ভাবে অবলম্বন করুন। নিঃসন্দেহে আপনি সরলপথে রয়েছেন (৪৩ :৪৩)। এ বিষয়ে আরও একটি আয়াত রয়েছে।

বিধান হবে ওহি : আমি তাঁদের নেতা করলাম। তাঁরা আমার নির্দেশ অনুসারে পথ প্রদর্শন করতেন। আমি তাঁদের প্রতি ওহি নাজিল করলাম সৎকর্ম করার, সালাত কায়েম করার এবং জাকাত দান করার। তাঁরা আমার এবাদতে ব্যাপৃত ছিলেন (২১ :৭৩)। এ বিষয়ে আরও সাতটি আয়াত রয়েছে।

ওহির মাধ্যমে প্রেরিত সব নবীর ধর্ম এক, শরীয়ত ভিন্ন ভিন্ন: তিনি তোমাদের জন্য বিধিবদ্ধ করে দিয়েছেন যে দীনকে যার নির্দেশ তিনি দিয়েছিলেন নূহকে, আর যা আমি ওহি করেছিলাম তোমাদের এবং যার নির্দেশ দিয়েছিলাম ইব্রাহিম, মুসা ও ঈসাকে এই মর্মে যে, তোমরা দীনকে প্রতিষ্ঠিত করো এবং তাতে কোনো মতভেদ কোরো না। আপনি মুশরিকদের যে বিষয়ের প্রতি আহবান করেন, তা তাদের কাছে বড়ই দুর্বহ বোঝা বলে মনে হয়। আল্লাহ যাকে ইচ্ছা দীনের প্রতি আকৃষ্ট করেন এবং যে তাঁর অভিমুখী হয় তাকে দীনের দিকে পথ দেখান (৪২ :১৩)।

মিথ্যা ওহির দাবিদাররা জালিম : ওই ব্যক্তির চাইতে বড় জালেম কে হবে, যে আল্লাহর প্রতি মিথ্যারোপ করে অথবা বলে, আমার প্রতি ওহি অবতীর্ণ হয়েছে। অথচ তার প্রতি কোনো ওহি আসেনি এবং যে দাবি করে যে, আমিও নাজিল করে দেখাচ্ছি যেমন আল্লাহ নাজিল করেছেন (৬ :৯৩)।

কাফেররা ওহির অনুসরণ হতে পদস্খলনের চেষ্টা করে: তারা তো আপনাকে হটিয়ে দিতে চাচ্ছিল যে বিষয় আমি আপনার প্রতি ওহির মাধ্যমে প্রেরণ করেছি তা থেকে, আপনার পদস্খলন ঘটানোর জন্য তারা চূড়ান্ত চেষ্টা করেছে, যাতে আপনি আমার প্রতি কিছু মিথ্যা সম্বন্ধযুক্ত করেন। এতে সফল হলে তারা আপনাকে বন্ধুরূপে গ্রহণ করে নিত (১৭ :৭৩)। ওহি বা প্রত্যাদেশের মালিক আল্লাহ : আমি ইচ্ছা করলে আপনার কাছে ওহির মাধ্যমে যা প্রেরণ করেছি তা অবশ্যই প্রত্যাহার করতে পারতাম। অতঃপর আপনি নিজের জন্য তা আনয়নের ব্যাপারে আমার মোকাবিলায় কোনো দায়িত্ব বহনকারী পাবেন না (১৭ :৮৬)।

মহান রাব্বুল আলামিন ওহির মাধ্যমে তাঁর যেসব আদেশ-নিষেধ আমাদের জানিয়েছেন, সে অনুযায়ী আমাদের আমল করার তাওফিক দিন।

লেখক: চেয়ারম্যান, তাসাউফ ফাউন্ডেশন।

# ইউনূসের ভাষণে কেন খুশি নয় বিএনপি

৫ পৃষ্ঠার পর

করবে বলে আমি আশা করি। আমরা এই ছয় কমিশনের চেয়ারম্যানদের নিয়ে একটি "জাতীয় ঐকমত্য গঠন কমিশন" প্রতিষ্ঠা করার দিকে অগ্রসর হচ্ছি। এর কাজ হবে রাজনৈতিক দলসহ সব পক্ষের সঙ্গে মতবিনিময় করে যেসব বিষয়ে ঐকমত্য স্থাপিত হবে, সেগুলো চিহ্নিত করা এবং বাস্তবায়নের জন্য সুপারিশ করা।'

ভোটার তালিকা প্রণয়নের কাজটি কঠিন না হলেও নির্বাচনসহ অন্যান্য সংস্কার নিয়ে জাতীয় ঐকমত্য প্রতিষ্ঠা খুবই দুরূহ কাজ হবে। বিভিন্ন ইস্যুতে রাজনৈতিক দলগুলোর মধ্যে প্রচণ্ড বিরোধ আছে। আনুপাতিক নির্বাচনের বিষয়ে জামায়াতে ইসলামী ও বাম দলগুলোর আগ্রহ থাকলেও বিএনপি প্রবলভাবে বিরোধিতা করছে। রাষ্ট্রীয় চার মূলনীতির বিষয়েও বাম দলগুলো মোটামুটি সহমত প্রকাশ করছে; কিন্তু বিরোধিতা আসছে ইসলামি দলগুলোর কাছ থেকে। দ্বিকক্ষ বা এক কক্ষবিশিষ্ট পার্লামেন্ট হবে, সে বিষয়েও সব দলের মধ্যে মতৈক্য নেই।

তবে একটা বিষয়ে সবাই একমত। আর সেটা হলো, নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের অধীন জাতীয় নির্বাচন অনুষ্ঠান। বর্তমান অন্তর্বর্তী সরকার আগামী নির্বাচনে তত্ত্বাবধায়কের ভূমিকা পালন করবে, সে বিষয়েও কারও দ্বিমত নেই। তবে সমস্যা হবে সরকারের উপদেষ্টাদের কেউ নির্বাচনে অংশ নিতে চাইলে।

অন্তর্বর্তী সরকার নিয়ে উপদেষ্টা পরিষদে যে অধ্যাদেশ নীতিগতভাবে অনুমোদন করেছে, তাতে বলা হয়েছে, সরকারের কেউ পরবর্তী নির্বাচনে অংশ নিতে পারবেন না। উপদেষ্টা পরিষদে অনুমোদনের পর বেশ কিছু দিন পার হলেও সেটি অধ্যাদেশ আকারে জারি না হওয়ায় অনেকের মনে প্রশ্ন উঠেছে। এ বিষয়েও সরকারের অবস্থান পরিষ্কার করা উচিত।

প্রধান উপদেষ্টার কথায় মনে হয়েছে, সরকার কেবল একটি নির্বাচন দিয়ে জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর করে তাদের দায়িত্ব শেষ করতে চায় না; তারা জাতীয় ঐকমত্য গঠন কমিশন করে রাজনৈতিক সংস্কারের প্রক্রিয়ায়ও নিজেদের অংশগ্রহণ নিশ্চিত করতে চায়। এখানে আরেকটি সমস্যা হলো, এর আগে গঠিত কমিশনগুলো সরকারের অংশ নয়। সরকার গঠিত কমিশনের সদস্য অর্থাৎ নিযুক্ত ব্যক্তি। কিন্তু প্রধান উপদেষ্টার নেতৃত্বে গঠিত জাতীয় ঐকমত্য কমিশন হলে সেটা সরকারের অপরিহার্য অংশ হয়ে যাবে।

প্রধান উপদেষ্টা নির্বাচনী ট্রেন চলার কথা বললেও কোন নির্বাচনী ট্রেন আগে হবে, সেটি খোলসা করেননি। জাতীয় নির্বাচনের আগে স্থানীয় সরকার সংস্থার নির্বাচন হওয়ার দাবি জানিয়েছে কোনো কোনো মহল। পাশাপাশি নতুন দল গঠনের তোড়জোড় চলছে।

প্রধান উপদেষ্টা যে নির্বাচনের রোডম্যাপ ঘোষণা করেছেন, তাকে আমরা স্বাগত জানাই। তবে তাঁর প্রস্তাবিত জাতীয় ঐকমত্য কমিশন জাতিকে কতটা একত্র করতে পারবে, সে প্রশ্ন থেকেই যাচ্ছে।

লেখক: প্রথম আলোর যুগ্মসম্পাদক ও কবি।

# বিপদ কখনো কখনো কল্যাণ বয়ে আনে

২৫ পৃষ্ঠার পর

তবে বিপদে আল্লাহর ওপর ভরসা হারালে তা নিছক বিপদই থাকে বা আরো বড় বিপদের দিকে নিয়ে যেতে পারে। সুহাইব (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) বলেন, 'মুমিনের অবস্থা বিস্ময়কর। সব কাজই তার জন্য কল্যাণকর। মুমিন ছাড়া অন্য কেউ এ বৈশিষ্ট্য লাভ করতে পারে না। তারা সুখ-শান্তি লাভ করলে শোকরগুজার করে আর অসচ্ছলতা বা দুঃখ-মুসিবতে আক্রান্ত হলে ধৈর্য ধরে, প্রতিটিই তার জন্য কল্যাণকর।' (মুসলিম, হাদিস : ৭৩৯০)

সব ক্ষেত্রে বিপদে পড়ার মানে এই নয় যে বিপদগ্রস্ত ব্যক্তিটি আল্লাহর অপ্রিয়। আল্লাহ তাঁর প্রিয় বান্দাদের আরো বেশি পরীক্ষা করেন। তাদের পুরস্কার যেমন বড়, বিপদও তেমন বড়। এটা নবীজি (সা.)-এরই বাণী। আবু সাঈদ আল-খুদরি (রা.) বলেন, আমি নবী (সা.)-এর কাছে গেলাম, তখন তিনি ভীষণ জ্বরে আক্রান্ত ছিলেন। আমি তাঁর ওপর আমার হাত রাখলে তাঁর গায়ের চাদরের ওপর থেকেই তাঁর দেহের প্রচণ্ড তাপ অনুভব করলাম। আমি বললাম, হে আল্লাহর রাসুল! কত তীব্র জ্বর আপনার।

তিনি বলেন, 'আমাদের (নবী-রাসুলদের) অবস্থা এমনই হয়ে থাকে। আমাদের ওপর দ্বিগুণ বিপদ আসে এবং দ্বিগুণ পুরস্কারও দেওয়া হয়।' আমি বললাম, হে আল্লাহর রাসুল! কার ওপর সর্বাধিক কঠিন বিপদ আসে? তিনি বলেন, 'নবীদের ওপর। আমি বললাম, হে আল্লাহর রাসুল! তারপর কার ওপর? তিনি বলেন, তারপর নেককার বান্দাদের ওপর। তাদের কেউ এতটা দারিদ্র্য পীড়িত হয় যে শেষ পর্যন্ত তাঁর কাছে তাঁর পরিধানের কম্বলটি ছাড়া কিছুই থাকে না। তাদের কেউ বিপদে এত শান্ত ও উৎফুল্ল থাকে, যেমন-তোমাদের কেউ ধন-সম্পদ প্রাপ্তিতে আনন্দিত হয়ে থাকে।' (ইবনে মাজাহ, হাদিস : ৪০২৪)

বিপদ কখনো কখনো মানুষের গুনাহ মাফেও সহযোগী হয়। বান্দার ওপর বিপদ এলে সে যদি আল্লাহর ওপর পূর্ণ ভরসা রেখে ধৈর্য ধরে, তখন তা তার গুনাহ মাফে কার্যকর ভূমিকা রাখে। ছোট থেকে ছোট বিপদও মুমিনের গুনাহ মাফে সহায়ক হয়। আবু সাঈদ খুদরি (রা.) ও আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, মহানবী (সা.) বলেছেন, 'মুসলিম ব্যক্তির ওপর যে কষ্ট-ক্লেশ, রোগব্যাধি, উদ্বেগ-উৎকণ্ঠা, দুশ্চিন্তা, কষ্ট ও পেরেশানি আসে, এমনকি যে কাঁটা তার দেহে ফুটে, এসবের মাধ্যমে আল্লাহ তার গুনাহ ক্ষমা করে দেন।' (বুখারি, হাদিস : ৫৬৪২)

অনেক সময় বিপদ-আপদগুলো শত্রুদের প্রপাগান্ডার কারণে তৈরি হওয়ায় মেনে নিতে কষ্ট হয়। আমাদের উচিত তখনো এই বিষয়গুলো আল্লাহর হাতে ছেড়ে দেওয়া। নিজেকে সত্যের ওপর অবিচল রাখা। কারণ হাদিস শরিফে ইরশাদ হয়েছে, আবু সিরমা (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'যে ব্যক্তি অন্য কারো ক্ষতি সাধন করে, আল্লাহ তাআলা তা দিয়েই তার ক্ষতি সাধন করেন। যে ব্যক্তি অন্যকে কষ্ট দেয়, আল্লাহ তাআলা তাকে কষ্টের মধ্যে ফেলেন।' (তিরমিজি, হাদিস : ১৯৪০)

তাই আমাদের উচিত বিপদের দিনে ভেঙে না পড়ে মহান আল্লাহর ওপর পূর্ণ আস্থা রাখা। আল্লাহর সাহায্য চাওয়া, ইনশাআল্লাহ মহান আল্লাহ দুশ্চিন্তাকে আনন্দে পরিণত করবেন। উত্তম থেকে উত্তম প্রতিদান দেবেন। শত্রুকে তার পাতানো ফাঁদেই সমাধিস্থ করবেন।

# এবারের বিজয় দিবস কেন এত দ্বিধাবিভক্তভাবে পালিত হলো?

১০ পৃষ্ঠার পর

করতে পারেন যে আওয়ামী লীগের নানাধরনের নেতিবাচক কাজের কারণে মানুষ তাদের পেছন থেকে সরে গেছে, বর্তমানে হাসরাই ইতিহাসের অপরিহার্য চরিত্র। কিন্তু তাদের উচিত জনগণের মতামত জানা। জুলাই-আগস্টের সংগ্রামে অনেকেই তাদের সঙ্গে ছিল সত্য। কিন্তু উদ্ধত মন্তব্য, ভুল কাজ, প্রতিশোধ স্পৃহা বা ভুল সিদ্ধান্ত নিলে জনগণ তাদের পেছন থেকে সরেও আসতে পারে। তরুণ নেতৃত্বের এমনকিছু করা উচিত হবে না, যেখানে বাংলাদেশের স্বাধীনতা হুমকির মুখে পড়ে। সেদিন একজনের লেখায় পড়লাম, পোল্যান্ডের লেখক স্তানিসোয়াভ লেমের অসাধারণ কাহিনীর একটি অংশ, যা বাস্তব অবস্থার সাথে মিলে যায়। লেখক লিখেছেন, অতি বুদ্ধিমান একটি এলিয়েন প্রাণীকে বিজ্ঞানীরা বুঝতে পারছেন না। বহু বছর গবেষণা করেও কোন কূলকিনারা করতে পারলেন না তারা। এরপর বিজ্ঞানীরা মারাত্মক এক্স-রে দিয়ে এলিয়েনটিকে আঘাত করতে শুরু করলেন। এলিয়েন প্রাণীটি এই নৃশংসতার প্রতিশোধ নিল।

প্রতিটি বিজ্ঞানীর অবচেতন মনে যে অবদমিত বিকারগ্রস্ত, করুণ, খারাপ চিন্তা ছিল, সেগুলোকে বাস্তবে রূপান্তরিত করে এলিয়েনটা বিজ্ঞানীদের কাছেই পাঠিয়ে দিতে লাগল। লেখক বুঝাতে চেয়েছেন মানুষ মনে করে যাকে বুঝতে পারছো না তাকে যন্ত্রণা দাও, তাকে হত্যা কর, তার সবকিছু বিনাশ কর। তাহলেই হয়ত সে অনুগত হবে। কিন্তু তা হয় না। বরং উল্টো ঘটনাও ঘটতে পারে। কাজেই যে যতোই ক্ষমতাধর হোক না কেন, অন্যের উপর জোর খাটানো যাবে না।

বিভক্ত সমাজ ও রাজনীতি দেশকে যে এক রেখায় আনতে পারে না, এর প্রমাণ বাংলাদেশ। ৫৪ বছরেও দেশের মূল পরিচয় নিয়ে রয়ে গেছে বিভক্তি এবং এই বিভক্তি ক্রমে বাড়ছে। আমরা কল্পনার বাংলাদেশ এবং বাস্তব অবস্থার মধ্যে পার্থক্য করতে পারছি না। দেশের কৃষ্টি, সংস্কৃতি এবং মানুষের অধিকার রক্ষায় যে মুক্তিযুদ্ধ হয়েছে, সেই যুদ্ধ এবং তার আগে-পরের আন্দোলনে যে-সব ব্যক্তি বা রাজনৈতিক দলের কর্মীরা সময়, শ্রম ও জীবন দিয়েছেন, তাঁদের নিয়ে যে-সব নেতিবাচক কাহিনি প্রচলিত আছে, আমরা এখন শুধু সেটাই গ্রহণ করছি। বিভিন্ন ধরনের সন্দেহ প্রবণতা থেকে আমাদের মধ্যে বাড়ছে বিদ্বেষ, সন্দেহ এবং ষড়যন্ত্র তত্ত্ব ইত্যাদি।

ইউটিউবে যেসব আজেবাজে ও মিথ্যা তথ্য ছড়ানো হচ্ছে, এর পেছনে রাজনৈতিক উদ্দেশ্য, বিরোধী মতের মানুষকে পচানো বা ট্রল করা যাই থাকুক না কেন, এই কাজগুলো যারা করেন, তারা মানসিক ও ব্যক্তিত্বের সমস্যায় ভুগছেন। তারা নানা মাত্রায় হ্যালুসিনেশন, বিভ্রান্তি বা অসংগঠিত চিন্তাভাবনা নিয়ে বসবাস করছেন। কথা বলার স্বাধীনতা আছে, এই যুক্তিতে তারা নিজেরা যেভাবে ভাবছেন, সেইভাবেই বলছেন, সেভাবেই অন্যদের দেখানোর চেষ্টা করছেন। নেতিবাচক প্রোপাগান্ডা এক ধরনের অপরাধ। এতে কারো কোনো লাভ হয় না, বরং সমাজে বিষ বাড়ে। মানুষের সাথে মানুষের সম্পর্ক নষ্ট হয়। সম্পর্ক গড়তে অনেক সময় লাগে কিন্তু সম্পর্ক ভাঙতে তেমন কিছুই লাগে না। সামান্য ভুল বোঝাবুঝি, মতের অমিলই যথেষ্ট।

মানুষ যখন অন্যের কৃতিত্বকে অতিরঞ্জিত করে, তখন বুঝতে হবে সে বা তারা নার্সিসিস্ট। নার্সিসিস্ট মানুষের সাথে সম্পর্ক সাধা বাঁধে না। এরা নিজেদের কৃতিত্ব নিয়ে এতোটাই অন্ধ থাকেন যে দেশ ও জাতি নিয়ে সীমাহীন মিথ্যাচার, কল্পনার ফানুস ওড়ানো, সংবিধান, মুক্তিযুদ্ধকে অবমাননা করতে দ্বিধা করেন না। এতে দেশের কতটা মঙ্গল হবে জানি না কিন্তু সামাজিক বন্ধন ভেঙে খান খান হয়ে যাচ্ছে। যেহেতু এখন যে যার মতো কাজ করছেন, কথা বলছেন, সিদ্ধান্ত নিচ্ছেন, তাই চারিদিকে কেমন যেন একটা অনিশ্চিত ও থমথমে পরিস্থিতি বিরাজ করছে। আমরা আশা করছি নিশ্চয়ই এই উৎকণ্ঠার সময় দ্রুত শেষ হোক, দেশে নির্বাচিত সরকার আসুক।

লেখক: যোগাযোগ বিশেষজ্ঞ ও কলাম লেখক।



MLS
York Holding Realty
Licensed Real Estate Broker
Over 20 Years Experience in Real Estate Business
Zakir H. Chowdhury
President
■ Now Hiring Sales Persons
■ Free Training (Free course fees for selected people)
■ Earn up to 300K Yearly
Call Us: 718-255-1555 | 917-400-3880
We are Specialized in Residential, Commercial, Industrial, Bank Owned, Co-op, Condo, Buying-Selling & Rentals
718-255-4555
zchowdhury646@gmail.com
www.yorkholdingrealty.com
70-32 Broadway, Jackson Heights NY-11372


MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.
- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters
Address:
Queens: 148-45 Hillside Ave, Jamaica, NY 11435
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576
Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

## এমন দৃশ্য আর কাম্য নয়!

১ পৃষ্ঠার পর

পর্যায়ে বলেন, আমরা ৪ বার বিজয় অর্জন করেছি। সবশেষ ২৪ এর ৫ আগস্ট। আমাদের প্রিয় জিনিস গণতন্ত্রকে, কথা বলার অধিকারকে ও বেঁচে থাকার অধিকারকে সম্পূর্নরূপে ধ্বংস করে সেখানে পরিণত করেছিল কোন একটি গোষ্ঠী। সেখান থেকে আমরা জয়লাভ করেছি। সেই বিজয়েরই একটি দিন। আসুন সেই বিজয়টাকে সেলিব্রেট করি। অতীতে যারা আমাদের ঠকিয়েছে, অতীতে যারা আমাদের লুন্ঠন করেছে, অতীতে আমাদের ঘরবাড়ি ধ্বংস করেছে, আমাদের জেলে রেখেছে আমাদের গুম করেছে। হত্যা করেছে। আমাদের নারীর ওপর নির্যাতন করেছে। আমাদের যা ছিল তা ধ্বংস করে দিয়েছে। তাদের বিরুদ্ধে আজকের দিনে শপথ নিতে হবে। আসুন শপথ নেই। তাদের সেই চেহারাকে আমরা তুলে ধরবো। (ফখরুল কোন দলের নাম উল্লেখ করেন নি।) তার এই বক্তব্যের সাথে সাথে আওয়ামী লীগের নেতাকর্মীরা উত্তেজিত হয়ে স্টেজের দিকে এগিয়ে আসেন। আওয়ামী লীগ নেতা মুজাহেদুল ইসলাম, আবুল হাসিব মামুন,ফরিদ আলম, শেখ আতিক ও প্রদীপ রঞ্জন কর মারমুখি হয়ে স্টেজের সামনে চলে আসেন। ফুলান কণ্ঠস্বরকে রাজাকার রাজাকার বলে গালিগালাজ করতে থাকেন। তাদের সাথে যোগ দেন আরও ২০-২৫ জন। পুরো অনুষ্ঠানে বিশৃংখলার সৃষ্টি হয়। সোসাইটির নেতারা হাতজোড় করে তাদের শান্ত হতে বলেন। টেবিলের উপর দাঁড়িয়ে আবুল হাসিব মামুন চিৎকার করতে থাকেন। নবনির্বাচিত সভাপতি আতাউর রহমান সেলিম প্রতিবাদী মামুনকে বারবার শান্ত হতে অনুরোধ করেন। উপস্থিত বিএনপি সমর্থকরা প্রথমে চুপ ছিলেন। কিন্তু তারা এক পর্যায়ে আওয়ামী সমর্থকদের দিকে তেড়ে আসেন। এতে শামিল হন জসিম ভূঁইয়া, কাজী আজম সেলিম রেজা, রিপন মিয়া ও মনির হোসেন সহ অনেকে। রিপন মিয়াও টেবিলের ওপর দাঁড়িয়ে চিৎকার করতে থাকেন। মুখোমুখি বাকযুদ্ধে লিপ্ত হয় আওয়ামী লীগ -বিএনপি। মাইক নিয়ে সোসাইটির সাবেক সাধারন সম্পাদক মোহাম্মদ হোসেন খান বলেন, এটি কোন দলের অনুষ্ঠান নয়। সোসাইটির অনুষ্ঠান। সোসাইটির স্বার্থে ও বাংলাদেশের স্বার্থে আপনারা থামুন। মেয়র আসবেন এই অনুষ্ঠানে। আমাদের মানসম্মান নষ্ট করবেন না। এমনি একটি অরাজক পরিস্থিতি বিরাজ করছিল আধা ঘন্টাব্যাপী। অনুষ্ঠানে উপস্থিত অনেক মহিলা আতংকিত হয়ে হল ত্যাগ করেন। মেয়রের অগ্রবর্তী টিমের সদস্য হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্যাট্রেসিয়া। তিনি এমন দৃশ্য দেখে অবাক হন। চোখেমুখে ছিল আতংকের ছাপ। এক পর্যায়ে প্যানিক অবস্থায় হল থেকে বেরিয়ে যান। পুরো এই অনাকাংখিত ঘটনার ভিডিও সোশাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে। দেশে বিদেশে নিন্দার ঝড় উঠে। অনেকেই বলেছেন, ফখরুল আলমের এমন বক্তব্য দেয়া ঠিক হয়নি। তিনি কেন সোসাইটির প্লাটফর্মে রাজনৈতিক বক্তব্য দিলেন। প্রবাসী অনেক বাংলাদেশি বলেছেন, বাক স্বাধীনতার দেশে কারও মুখ বন্ধ করা উচিত নয়। ভিন্নমত প্রকাশের প্রতিবাদ মানে বিশৃংখলা নয়। মারামারি নয়। অন্যের বক্তব্য শোনার মানসিকতা থাকতে হবে। আওয়ামী লীগের আচরন এখন শোভা নয়। বিএনপির নেতাদেরও এই বিশৃংখলায় জড়িত হওয়া কাম্য ছিল না। নিউইয়র্কে আওয়ামী লীগ ও বিএনপির রাজনীতির নামে যা চলছে তা লাখো প্রবাসীর প্রত্যাশিত নয়। এতে আমাদের কমিউনিটির ইমেজ ক্ষতিগ্রস্থ হচ্ছে। বিদেশিরা আমাদের এসব দৃশ্য দেখে হাসাহাসি করে। সোসাইটির এ অনুষ্ঠানে বড় অঘটনও ঘটতে পারতো। অসহনশীল ও নোংরা রাজনীতির বিষবাষ্পকে আমরা ধিক্কার জানাই। পরিশীলিত ও পরিমার্জিত রাজনীতিকে স্বাগতম।

## নির্বাচনী সময়সীমায় খুশি নয় বিএনপি

১ পৃষ্ঠার পর

নির্বাচনসংক্রান্ত বক্তব্য অস্পষ্ট। আমরা আশা করেছিলাম প্রধান উপদেষ্টা একটি সুনির্দিষ্ট সময়ের মধ্যে নির্বাচনি রোডম্যাপ দেবেন। সেটা তিনি দেননি। এটি আমাদের কিছুটা হতাশ করেছে এবং একই সঙ্গে জাতিকেও কিছুটা হতাশ করেছে। তিনি আরও বলেন, নির্বাচন পরিচালনার জন্য নির্বাচন কমিশন (ইসি) গঠন হয়ে গেছে। প্রস্তুতি নেওয়ার জন্য সেই ধরনের কোনো সমস্যা নেই। অতি দ্রুত সেটা করা সম্ভব। বৃহস্পতিবার সকালে রাজধানীর গুলশানে বিএনপির চেয়ারপারসনের কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন মির্জা ফখরুল। বুধবার রাতে বিএনপির স্থায়ী কমিটির সভা হয়। সেই সভার সিদ্ধান্ত জানাতে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সভায় অবিলম্বে ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে অংশগ্রহণকারী রাজনৈতিক দলগুলোর সঙ্গে মতবিনিময়ের সিদ্ধান্ত নেওয়া হয়। লিয়াজোঁ কমিটির দায়িত্বপ্রাপ্ত সদস্যদের এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। নির্বাচনের সময়ের ব্যাপারে জাতির উদ্দেশে প্রধান উপদেষ্টার দেওয়া ভাষণ এবং তার প্রেস সচিবের বক্তব্যকে সাংঘর্ষিক বলেও উল্লেখ করেন বিএনপির মহাসচিব। তিনি বলেন, প্রধান উপদেষ্টা বলেছেন ২৫ সালের শেষের দিকে অথবা ২৬ সালের প্রথম অংশে নির্বাচন হবে। এরপর তার প্রেস সচিব বলেছেন, ২৬ সালের জুনের মধ্যে নির্বাচন হবে। তার (প্রেস সচিব) এ কথা সাংঘর্ষিক হয়ে গেছে। তাদের দেওয়া বক্তব্য কোনটা সঠিক, আমরা বুঝতে পারছি না। স্থায়ী কমিটির সভার সিদ্ধান্ত জানিয়ে বিএনপির মহাসচিব বলেন, সভায় ১৬ ডিসেম্বর বিজয় দিবসে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস জাতির উদ্দেশে যে ভাষণ দিয়েছেন, তা নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পরবর্তী সময়ে প্রধান উপদেষ্টার প্রেস সচিব সংবাদ সম্মেলনের মাধ্যমে উপদেষ্টার ভাষণের যে ব্যাখ্যা দেন, তা নিয়েও আলোচনা হয়। সভা মনে করে, অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের ভাষণে নির্বাচনসংক্রান্ত বক্তব্য অস্পষ্ট। তার বক্তব্যে নির্বাচনের একটি সম্ভাব্য সময়ের কথা বলা হলেও নির্বাচনের রোডম্যাপ সম্পর্কে কোনো সুনির্দিষ্ট বক্তব্য রাখা হয়নি। ড. মুহাম্মদ ইউনূস নির্বাচনের সম্ভাব্য সময়সীমা ২০২৫ সালের শেষ অথবা ২০২৬ সালের প্রথম অংশে অনুষ্ঠানের কথা বলেন, যা একেবারেই অস্পষ্ট এবং নির্দিষ্ট কোনো সময় উল্লেখ নেই। অথচ তার প্রেস সচিব বলেন, ২০২৬ সালের জুনের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত হবে, যা পরস্পরবিরোধী। বিএনপির মহাসচিব বলেন, স্থায়ী কমিটির সভা মনে করে, এ ধরনের পরস্পরবিরোধী বক্তব্য আরও বিভ্রান্তি সৃষ্টি করেছে। যেহেতু নির্বাচন কমিশন গঠিত হয়ে গেছে, সেহেতু নির্বাচন অনুষ্ঠানে বিলম্বের প্রয়োজন নেই। নির্বাচনকেন্দ্রিক সংস্কারগুলো সম্পন্ন করে দ্রুত নির্বাচন অনুষ্ঠান সম্ভব। জনগণ এ বিষয়ে প্রধান উপদেষ্টার কাছ থেকে সুস্পষ্ট বক্তব্য প্রত্যাশা করে। সভা মনে করে, নির্বাচনের সুনির্দিষ্ট সময় রাজনৈতিক দল ও অন্যান্য অংশীজনের সঙ্গে আলোচনার মাধ্যমে নির্ধারণ করা উচিত।




## ব্রঙ্কসে মুক্তিযোদ্ধা সংসদের বিজয় দিবসের আয়োজন

৩ পৃষ্ঠার পর

মুক্তিযোদ্ধা মেজর (অব:) মনজুর আহমেদ বীর প্রতীক, নাথালিয়া ফার্নান্দেজ, নিউ ইয়র্ক স্টেট সিনেটর, ফরিদা ইয়াসমিন, সভাপতি বাংলাদেশ একাডেমি অব ফাইন আর্টস (বাফা)।

সংগঠনের আহবায়ক বীর মুক্তিযোদ্ধা আবু জাফরের সভাপতিত্বে এবং কাজী রবিউজ্জামান ও রেজা আবদুল্লাহ'র সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মূলধারার রাজনীতিবিদ, সাংবাদিক, সামাজিক সংগঠনের নেতৃস্থানীয় প্রতিনিধিরা। অনুষ্ঠানে সকল মুক্তিযোদ্ধাদের সম্মানে উত্তরীয়, মুক্তিযোদ্ধা সংসদের লোগো ব্যাজ এবং কোট পিন বিতরণ করা হয়।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন স্বাগত বক্তব্য রাখেন সদস্য সচিব বীর মুক্তিযোদ্ধা জিল্লুর রহমান, বীরমুক্তিযোদ্ধা আব্দুল হালিম মুন্সী, বীর মুক্তিযোদ্ধা সরকার আব্দুল মজিদ, বীর মুক্তিযোদ্ধা সৈয়দ আব্দুল মতিন, বীর মুক্তিযোদ্ধা এম.এ নাসির, বীরমুক্তিযোদ্ধা মুন্সী বশির উদ্দিন, বীরমুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম, বীরমুক্তিযোদ্ধা মোস্তফা আহমেদ ভুঁইয়া, বীরমুক্তিযোদ্ধা মনিরুজ্জামান, বীরমুক্তিযোদ্ধা আব্দুর রকিব; সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ সাধারণ সম্পাদক, বঙ্গমাতা পরিষদ ইউ.এস.এ ইনক; অধ্যক্ষ সানাউল্লাহ; সংগীত শিল্পী রাশেদ হিরা, আমেরিকান বাংলাদেশ ওয়েলফেয়ার অর্গানাইজেশনের সভাপতি হাজী আব্দুল শহিদ, বীর মুক্তিযোদ্ধা নুর তফাদার, নিউও মিলিনিয়াম টিভি, প্রবাসের সৈয়দ জহির উদ্দিন আজাদ সভাপতি বাংলাদেশ আমেরিকান সাংবাদিক অ্যাসোসিয়েশন, হাজী আব্দুল সালাম কমান্ডার (অবসরপ্রাপ্ত), বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নিউইয়র্ক স্টেট কমান্ড ইউ.এস.এ. ইনক।

আরও বক্তব্য রাখেন যথাক্রমে আব্দুর রহিম বাদশা মূলধারার রাজনীতিবিদ, এম.এ সালাম আহবায়ক সভাপতি সম্মিলিত বরিশাল বিভাগবাসী ইউ.এস.এ ইনক, মিয়া মোহাম্মদ দাউদ সভাপতি কুমিল্লা সোসাইটি ইনক, হারুন আলী সিনিয়র সভাপতি, সিনিয়র সিটিজেন ফোরাম অব বাংলাদেশী কমিউনিটি, মোশাররফ হোসেন লুলু সিনিয়র সহ-সভাপতি জ্যাকসন হাইটস এ্যাসোসিয়েশন ইনক, শামিম আহমেদ সহ-সভাপতি জ্যাকসন হাইটস এ্যাসোসিয়েশন ইনক, খলিল উদ্দিন ভুঁইয়া সাবেক সভাপতি কুমিল্লা সোসাইটি ইনক, ফিরোজ শরীফ মূলধারার রাজনীতিবিদ, জাকির চৌধুরী সিপিএ, বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম মিয়া প্রমুখ।

## ইসলামি জ্ঞান অর্জনের জন্য মানুষ এ অঞ্চলে ছুটে আসতো

২৫ পৃষ্ঠার পর

বছর তাবলীগ জামাতের বিশ্ব ইজতেমা উপলক্ষে বাংলাদেশে এসেছিলাম এবং এই মসজিদ পরিদর্শন করেছি। তখন থেকে এই মসজিদ আমার স্মৃতিতে উজ্জ্বল হয়ে আছে। একদিন পরে আজ আবার এখানে আসার দ্বিতীয় সুযোগ পেয়েছি। আলহামদুলিল্লাহ।

১৯৯১ সালে আমি যখন অক্সফোর্ডে ছিলাম, সে সময় 'ভারতীয় উপমহাদেশে ইসলামি জ্ঞান-বিজ্ঞানের বিকাশ' বিষয়ক একটি প্রকল্পে কাজ করেছিলাম। ভারত বাংলাদেশ ও পাকিস্তানে ইসলাম প্রচারে কোন কোন মাদরাসা-মারকাজ-খানকা বিশেষ ভূমিকা রেখেছে, কোন কোন সুফি-দরবেশ দাওয়াত প্রচার করেছেন, চিশতিয়া, কাদেরিয়া, নকশবন্দিয়া, সোহরাওয়ার্দীয়া, ফেরদাউসিয়া, নাক্সিরিয়ারও?

কোন কোন সুফি সিলসিলা ইসলাম প্রচার করেছে- এ বিষয়ে আমি প্রায় ২৩ বছর গবেষণা করেছি। সেজন্য আমাকে আরবি উর্দু ও ফার্সি ভাষার বহু বই ও পাণ্ডুলিপি পড়তে হয়েছে। তখন ইসলাম প্রচারে বঙ্গ অঞ্চলের উজ্জ্বল ইতিহাস সম্পর্কে আমি জেনেছি। কোন কোন বিখ্যাত আলেম বাংলাদেশে আগমন করেছেন, কোন কোন যুগশ্রেষ্ঠ সুফী-দরবেশ বঙ্গ অঞ্চলে ইসলাম প্রচার করেছেন, তাদের গৌরবোজ্জ্বল ইতিহাস তখন থেকে আমার স্মৃতিতে সংরক্ষিত। হযরত শাহজালাল ইয়েমেনীসহ অন্যান্য মহান মনীষীদের কথা আমি জানি।

ভারত থেকে বহু মানুষ তাদের খানকায় এসে জ্ঞান শিক্ষা করেছে। শাইখ শরফুদ্দিন আবু তাওয়ামা ঢাকার সোনারগাঁয়ে মাদরাসা স্থাপন করেছিলেন। তিনি ছিলেন ভারতীয় উপমহাদেশের প্রথম মুহাদ্দিস এবং তিনিই সহিহ বুখারী শরীফ সর্বপ্রথম উপমহাদেশে নিয়ে আসেন। আপনাদের বাংলাদেশের এই গৌরবজনক ইতিহাস আমাকে নব সময় উদ্বুদ্ধ করেছে।

ইতিহাসের প্রতিটি অধ্যায়ে এখানে বহু আলেম-ওলামার পদচারণা ছিল, সুফি-দরবেশদের প্রতিষ্ঠিত খানকা ছিল। হিন্দুস্তান-পাকিস্তানের বিভিন্ন অঞ্চল থেকে ইসলামি জ্ঞান অর্জনের জন্য মানুষ এই বঙ্গ অঞ্চলে ছুটে আসতো।

কারণ বঙ্গ অঞ্চলের অতীতের শাসক বা সুলতানগণ ছিলেন অত্যন্ত ক্ষমতাবান এবং জ্ঞান-বিজ্ঞানের পৃষ্ঠপোষক। তারা ইসলাম প্রচারক আলেম-ওলামা ও সুফি-দরবেশদের সম্মান করতেন, সহযোগিতা করতেন, পৃষ্ঠপোষকতা করতেন।

এমনকি এ অঞ্চলের একজন সুলতান পারস্যের মহান কবি সিরাজকে বঙ্গে আগমনের আহ্বান করেছিলেন। মহাকবি সিরাজ সম্পর্কে বলা হয়, ফারসি সাহিত্যে তার চেয়ে বড় কবি আর কেউ ছিল না।

সিরাজের সমকালে বাংলা অঞ্চলে যে শাসক ছিলেন, তিনি চিঠি মারফত মহাকবি সিরাজকে বঙ্গ ভ্রমণের দাওয়াত পেশ করেন। সিরাজ বঙ্গে বা বাংলায় আসতে পারেননি বটে। কিন্তু কবিতায় বাংলার নাম উল্লেখ করে তিনি না আসার কারণ জানিয়ে বলেছিলেন, সিরাজের ফুল-ফলের বাগ-বাগিচাগুলো আমাকে বাংলায় যাবার অনুমতি দিতে চায় না। কবিতায় তিনি বাংলা বা বাঙ্গালা শব্দ ব্যবহার করেন।

এ থেকে আমরা উপলব্ধি করতে পারি, বাংলার শাসকগণ কতটা দানশীল ছিলেন, অতিথিপরায়ন ছিলেন, জ্ঞান-বিজ্ঞান ও শিল্পের প্রতি কেমন আগ্রহী ছিলেন। এ অঞ্চল থেকে পারস্য বা ইরানের সিরাজ বহুদূর। তবু জ্ঞানের প্রতি অদম্য আগ্রহ সিরাজের কবিকে বাংলায় নিয়ে আসার জন্য তাদের উদ্বুদ্ধ করেছে। বাংলাদেশের ইতিহাস অত্যন্ত গৌরবোজ্জ্বল এবং সমৃদ্ধ। এ অঞ্চল যেমন জ্ঞান ছিল, তেমনি ধন-সম্পদের প্রাচুর্য ছিল। সে কারণে যুগে যুগে সমরকন্দ-আরব-ইয়েমেনসহ দূরদূরান্ত থেকে মানুষ এখানে ছুটে আসতো। লক্ষ্য করার বিষয়, ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলায় কেন প্রতিষ্ঠিত হয়েছিল? কারণ এটা ছিল সে সময়ের সবচেয়ে সম্পদশালী এলাকা। আল্লাহ তায়ালা আপনাদেরকে ঐশ্বর্য ও সমৃদ্ধি দিয়েছেন। এই ভূমিকে, বাংলাদেশের মাটিকে উর্বর বানিয়েছেন।

বাংলাদেশে এসে আমি ভীষণ আনন্দিত হয়েছি। কারণ এ দেশের আলেমসমাজ অত্যন্ত ইতিবাচক পদ্ধতিতে সমাজে কাজ করে যাচ্ছেন। জ্ঞান সাধনায় নিয়োজিত আছেন। আল্লাহ তায়ালা মানুষকে বিবেক দিয়েছেন। আর ওলামায়ে কেরামকে বিবেক দিয়ে কাজ করার দায়িত্ব দিয়েছেন।

আলেমদের বৈশিষ্ট্য হলো, তারা জনতার শাসকদের তৈরি করবেন, নিজেরা কঠোরতা পরিহার করে চলবেন এবং মানুষের চিন্তা পরিবর্তনের চেষ্টা করবেন। কেননা মানুষের চিন্তা কোন দিকে পরিবর্তিত হয়ে গেলে সে সহজেই সেটা গ্রহণ করতে প্রস্তুত থাকে। তখন আলেমদের শাসকেরাও তাদের প্রভাবিত করতে পারবে।

যার অন্তরে একবার ঈমানের আগুন জ্বলে উঠেছে, তাকে জ্বলন্ত আগুনে নিক্ষেপ করা হলেও সে ঈমান পরিত্যাগ করবে না। এটাই দাওয়াতের সবচেয়ে বড় শক্তি। আল্লাহ তায়ালা এ বৈশিষ্ট্য দিয়েই মানুষ সৃষ্টি করেছেন।

জ্ঞানী ব্যক্তিদের কাজ হল, সাধারণ মানুষের যে কোন প্রশ্নের উত্তরে প্রতিক্রিয়া না দেখিয়ে কোমলতার সঙ্গে জবাব দেওয়া। মুসলিম ইতিহাসে এমন একটি সময় এসেছিল, যখন চিন্তাগতভাবে মুসলিমরা বিভক্ত হয়ে পড়েছিল। হাদিস বা সুন্নাহ বিষয়ে মুসলমানদের মধ্যে শৈথিল্য এসে পড়েছিল। তখন মুহাদ্দিসগণ এক অসাধারণ কাজের সূচনা করেছেন। মানুষের মনে হাদিসের গুরুত্ব এবং বস্তুত্ব প্রতিষ্ঠিত করার চেষ্টা করেছেন। হাদিসের বিরাট বিরাট কিতাব সংকলন করেছেন।

বুখারী, মুসলিম, তিরমিজি, আবু দাউদ, নাসাঈ, ইবনে মাজাহর মত হাজার হাজার হাদিস গ্রন্থ সংকলিত হয়েছে।

ইতিহাসের আরেক কালে মুসলমানদের মধ্যে দর্শন চর্চার উদ্দীপনা ব্যাপকভাবে বিস্তৃত হয়ে পড়ে। পৃথিবী বিখ্যাত চিকিৎসা বিজ্ঞানী ও দার্শনিক ইবনে সিনা অনবদ্য গ্রন্থ রচনা করেন 'আশশিফা'। যা মানব ইতিহাসে এক হাজার বছর পর্যন্ত অবশ্য পাঠ্য ছিল। এশিয়া-মধ্যপ্রাচ্য-ইউরোপ- পৃথিবীর সর্বত্র এই গ্রন্থ পঠিত হতো।

রোম সভ্যতার ওপর দর্শন শাস্ত্রের বিশেষ প্রভাব লক্ষ্য করা যায়। ইমাম গাজ্জালী রহমাতুল্লাহি আলাইহি দর্শন শাস্ত্রের দুর্বলতা তুলে ধরে রচনা করেন এক অসামান্য গ্রন্থ- 'তোহাফাতুল ফালাসিফা' বা দর্শনের উপহার। এই কিতাব রচনার মধ্য দিয়ে দর্শন শাস্ত্রের যে ব্যাপক প্রচার ও চর্চা ছিল, সেটা সংকুচিত হয়ে পড়ে।

সে সময় মাদরাসাগুলোতে মানতেক বা যুক্তিশাস্ত্র পড়ানো হতো। দর্শনশাস্ত্র পড়ানো হতো। ফলে মুসলমানদের মধ্যে দর্শনের প্রভাব প্রবল হয়ে উঠেছিল। তখন সাধারণ মানুষের কথাবার্তার মধ্যেও যুক্তি ও দর্শনের প্রভাব ছিল। সে সময় ইমাম ইবনে তাইমিয়া দর্শন শাস্ত্রের মোকাবেলায় একটি কিতাব রচনা করেন- 'আররদ্দু আলাল মানতিকিয়িন' বা দার্শনিকদের যুক্তি খণ্ডন। এই কিতাবের মাধ্যমে তিনি যুক্তিবিদ্যার ভিত্তি নড়বড়ে করে দেন। তখন থেকে যুক্তিবিদ্যার প্রভাব মুসলমানদের মধ্যে হ্রাস পেতে থাকে।

এমনকি এর প্রভাব ইউরোপেও ব্যাপকভাবে ছড়িয়ে পড়ে। পরবর্তীতে নতুন করে যে যুক্তিবিদ্যা ও দর্শনশাস্ত্রের উদ্ভব ঘটে, সেটা ইবনে তাইমিয়া ও ইমাম গাজ্জালীর প্রস্তাব মেনে নিয়ে নতুন ভিত্তির উপর প্রতিষ্ঠিত। যেসব বিষয়ে তারা আপত্তি তুলেছেন, সেগুলোর সংশোধন ও বর্জন করা হয়েছে। আগের যুক্তিবিদ্যা আগের অবয়বে অবশিষ্ট থাকেনি। তারা প্রাচীন দর্শনশাস্ত্রের আমূল সংস্কার সাধন করেন।

সে সময় ইসলামি জ্ঞান নিয়ে আরেকটি অভিযোগ উত্থাপিত হয়, যদি আল্লাহর বাণী, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাদিস ও অন্যদের বক্তব্যের মধ্যে বৈচিত্র দেখা দেয় সেক্ষেত্রে কী করণীয়?

এই প্রশ্নের জবাবে ইমাম ইবনে তাইমিয়া (র.) আরেকটি কিতাব রচনা করেন- 'দারুত তাআরুদি বাইনাল আকলি ওয়ান নাকলি'। যুক্তি ও বর্ণনার মধ্যে বৈপরিত্য খণ্ডন।

এই কিতাবে ইমাম ইবনে তাইমিয়া বলেন, নকল বা কালামুল্লাহ স্বয়ং আল্লাহর বাণী। আর আকল বা যুক্তি-বুদ্ধি আল্লাহ তায়ালার সৃষ্টি মাত্র। সুতরাং উভয়ের মধ্যে বৈসাদৃশ্য বা সংঘর্ষ কখনোই সম্ভব হতে পারে না। যদি কখনো এমন বিষয় দৃষ্টিগোচর হয়, তাহলে মনে করতে হবে এটা দৃষ্টান্ত উপস্থাপনের দুর্বলতা ও নিজ্ঞানতার প্রকাশ।

এই দুর্বলতা বিদূরিত হলে বৈসাদৃশ্যের বিষয়টিও মীমাংসিত হবে। আল্লাহর বাণী ও আল্লাহর সৃষ্ট মাখলুকের মধ্যে কখনো বৈসাদৃশ্যমূলক বক্তব্য থাকতে পারে না। তাই আমাদের এটা অত্যন্ত স্পষ্টভাবে উপলব্ধি করতে হবে, যার জ্ঞান বা যুক্তি আল্লাহর কালাম ও বিধানের মধ্যে দুর্বলতা, বৈপরীত্য বা নেতিবাচক কিছু আবিষ্কার করে, নিশ্চয়ই তার মধ্যে জ্ঞান, প্রজ্ঞা ও বোধের ঘাটতি রয়েছে। যদি সে কোরআন উপলব্ধি করে, নিশ্চয়ই সে সকল সংশয়ের সমাধান পাবে।

ইমাম ইবনে তাইমিয়ার যুগে যুক্তিবাদী ও দার্শনিকরা যেসব আপত্তি উত্থাপন করেছেন, তিনি তার প্রতিটি প্রশ্নের সুন্দর সমাধান দিয়েছেন। একই পথ অবলম্বন করেছেন শাহ ওয়ালিউল্লাহ মুহাদ্দিসে দেহলবী রা.। তিনি হিন্দুস্থানে রচনা করেছেন 'হুজ্জাতুল্লাহিল বালিগাহ' নামক অনন্য এক গ্রন্থ।

শাহ ওয়ালিউল্লাহর যুগে বিশেষত হাদিস শাস্ত্রসহ ইসলামের অন্যান্য গুরুত্বপূর্ণ শাস্ত্রের ওপর দালিলিকভাবে বহু আপত্তি উত্থাপিত হয়েছিল। সে গ্রন্থে তিনি যুক্তির নিরিখে সেসব আপত্তি নিরসন করেছেন। হাদিস শাস্ত্রের বিশুদ্ধতা প্রমাণিত করেছেন।

আমার সামনে সম্মানিত ওলামায়ে কেরাম উপস্থিত আছেন। আপনারা জানেন, ওলামায়ে কেরামের দায়িত্ব মানুষকে দ্বীনের জ্ঞান শিক্ষা দেওয়া। মানুষের মধ্যকার দূরত্ব ও ব্যবধান ঘুচিয়ে দেওয়া। মানুষের মধ্যে সম্প্রীতি ও সৌহার্দ্য সৃষ্টি করা। এটা অত্যন্ত গুরুত্ববাহী কাজ।

আজ সারা বিশ্বে যে নতুন প্রশ্ন ও সমস্যা দেখা দিয়েছে, তার সমাধান ইলমে কালাম বা যুক্তিবিদ্যায় নিহিত নেই। মাদরাসাগুলোতে আমরা প্রাচীন ইলমে কালাম পড়িয়ে থাকি। ইলমে কালাম এমন একটি বিদ্যা যা সৃষ্টি হয়েছিল আব্বাসী শাসনামল বা তার নিকটকালে।

কিন্তু পৃথিবী বদলে গেছে। নতুন অনেক সংকট ও সংশয় দেখা দিয়েছে। এখনো যদি আমরা মাদরাসাগুলোতে 'আল কুরআন আল্লাহর মাখলুক নাকি মাখলুক নয়' এই বিতর্ক পড়াতে থাকি, সেটা আমাদের জন্য বিশেষ উপকারী হবে না। এসব প্রশ্ন এখন মানুষ উত্থাপন করে না। এই প্রশ্ন নিয়ে এ যুগে আর কোন বিতর্ক নেই। অথচ এই প্রশ্ন এক হাজার বছর পর্যন্ত মুসলমানদের ব্যতিব্যস্ত রেখেছিল।

লেখক: ক্যামব্রিজ ইসলামিক কলেজের ডিন।

نُسُك
nusuk

إثراء الخير
ITHRAA ALKHAIR

ZAM ZAM
TRAVEL US

رواف منى لخدمات الحجاج
Rawaf Mina for Pilgrims Services

وزارة الحج والعمرة
MINISTRY OF HAJJ AND UMRAH



# HAJJ REGISTRATION IS OPEN

## FOR US PASSPORT AND GREENCARD HOLDERS

**ZAM ZAM TRAVEL US** in a Partnership with
**ITHRAA ALKHAIR & RAWAF MINA**

## Our Services

- Flight Ticket
- Visa Processing
- Hajj & Umrah Service Provider

আমরা সারা বছর
আপনাদের চাহিদা অনুযায়ী
উমরাহ প্যাকেজ করে থাকি

zamzamtravelus

www.zamzamtravelus.com

+1 (718) 395-9697 zamzamtravelus@gmail.com

37-15 73 Street (Suite-207), Jackson Heights, NY-11372

## বাংলাদেশের মানচিত্র নিউইয়র্কের আকাশে

৩ পৃষ্ঠার পর

সময় রাত ১১টা ১৬ মিনিটে উড্ডয়ন করেন তিনি। আর রাত ১টা ৫৪ মিনিটে ফ্লাইটটি অবতরণ করে। মুহূর্তে ম্যাপটি ছড়িয়ে পড়লে বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশের বাংলাদেশিদের প্রশংসা পান ফাহিম। সেসনা-১৭২ ব্র্যান্ডের এয়ারক্রাফট নিয়ে ফ্লাইটটি পরিচালনা করেন ফাহিম। এ কাজে তাকে সহযোগিতা করেছেন তার বন্ধু আসাদ আবদুল্লাহ।

ফাহিম বাংলাদেশের গ্যালাক্সি ফ্লাইং একাডেমি থেকে প্রাইভেট পাইলট লাইসেন্স অর্জন করেছেন। বর্তমানে কমার্শিয়াল পাইলট লাইসেন্সের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রে প্রশিক্ষণরত আছেন। ফাহিম চৌধুরী গণমাধ্যমকে বলেন, ফ্লাইট রাডার ব্যবহার করে মানুষ অনেক ধরনের অদ্ভুত ও সৃজনশীল জিনিস আঁকে, যা দেখে আমি অনুপ্রাণিত হয়েছি। যেহেতু বাংলাদেশের ইতিহাস অনেক সংগ্রামী। বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস এবং মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করতে স্বাধীনতার ৫৩ বছর পূর্তিতে বিশেষ কাজ করার চিন্তা থেকেই এ ম্যাপটি তৈরি করেছি। এমন একটি ম্যাপ তৈরি করা এক ধরনের নতুন অভিজ্ঞতা, যা দেশের প্রতি আমার ভালোবাসা ও শ্রদ্ধার প্রতীক হয়ে থাকবে।

## জাতিসংঘের স্থায়ী মিশনে বিজয় দিবস উদযাপন

৩ পৃষ্ঠার পর

বর্ণ নির্বিশেষে একযোগে কাজ করে বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাওয়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। পাশাপাশি জুলাই-আগস্ট অভ্যুত্থানের মাধ্যমে যে বৈষম্যবিহীন বাংলাদেশ গড়ার সুযোগ সৃষ্টি হয়েছে, তার প্রতি একাত্মতা ঘোষণা করেন প্রবাসী বাংলাদেশীরা।

জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মোহাম্মদ আব্দুল মুহিত বীর মুক্তিযোদ্ধাদের প্রতি এবং জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানের বীর শহীদগণের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, মুক্তিযুদ্ধের মাধ্যমে যে বৈষম্যহীন বাংলাদেশ গড়ার স্বপ্ন জাতির পূর্বসূরিরা দেখেছিলেন, তা বাস্তবায়নের সুযোগ তৈরি করে দিয়েছে ছাত্র-শ্রমিক-জনতার গণঅভ্যুত্থান। রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক বৈষম্য নির্মূলের মাধ্যমে যে বাংলাদেশ সৃষ্টির স্বপ্নে বীর মুক্তিযোদ্ধাগণ ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ করেছিলেন সেই একই প্রেরণায় ২০২৪ সালের গণঅভ্যুত্থান হয়েছে। গণঅভ্যুত্থানের চেতনায় অনন্য বাংলাদেশ ২.০ গড়ে তোলার জন্য সকল প্রবাসী বাংলাদেশীকে একযোগে কাজ করার আহ্বান জানান। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন আজকাল সম্পাদক শাহ নেওয়াজ, টাইম টিভির সিইও আবু তাহের, বীর মুক্তিযোদ্ধা সাবেক সদস্য আনিসুজ্জামান খোকন, কমিউনিটি অ্যাক্টিভিস্ট জ্যাকব মিল্টন, আনোয়ার হোসেন, আলহাজ্ব শহীদুল ইসলাম শিকদার, এ রহমান মাসুদ, আব্দুল্লাহ আল মামুনসহ অন্যরা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জ্যামাইকা সোসাইটির সাধারণ সম্পাদক রাকিব সৈয়দ, কমিউনিটি অ্যাক্টিভিস্ট আল আমীন রাসেলপ্রমুখ।

আজকাল সম্পাদক শাহ নেওয়াজ বলেন, বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ একটা আবেগের জায়গা। প্রবাসে থাকলেও সত্যিকারের দেশপ্রেমিক বাংলাদেশকে ভুলে থাকতে। দেশের প্রতি শ্রদ্ধা, আন্তরিকতা, ভালোবাসা সবকিছুই রয়ে গেছে। বিজয় দিবসে প্রবাসীদের চাওয়া যেন বাংলাদেশ একটি গণতান্ত্রিক প্রক্রিয়ার মধ্য দিয়ে এগিয়ে গিয়ে বিশ্ব দরবারে আরও সুউচ্চ স্থান করে নিতে পারে।

অনুষ্ঠানে বক্তারা বলেন, মুক্তিযুদ্ধের চেতনার সাথে জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানের চেতনা সামঞ্জস্য পূর্ণ। এটি আন্দোলনের ধারাবাহিকতা। রাজনৈতিক, সামাজিক সাম্য প্রতিষ্ঠা ও অর্থনৈতিক বৈষম্য নির্মূলের মাধ্যমে নতুন বাংলাদেশ এগিয়ে যাবে। এক্ষেত্রে অতীতের মতো প্রবাসীরা সহায়তা করবে। গণঅভ্যুত্থানের উত্তাল সময়ে প্রবাসী বাংলাদেশীরা বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমের পাশাপাশি বিভিন্ন স্থানে প্রতিবাদের মাধ্যমে গণঅভ্যুত্থানকে বেগবান করেছে। অভ্যুত্থান পরবর্তী অর্থনৈতিক যে সংকট সৃষ্টি হয়েছিল তা মোকাবেলায় ইতোমধ্যে অন্তর্বর্তীকালীন সরকার সাফল্য প্রদর্শন করেছে।

## ওয়াশিংটন ডিসিতে ভারতীয় দূতাবাসের সামনে বিক্ষোভ

৬২ পৃষ্ঠার পর

হয়েছে। বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন জনস হপকিন্স বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. ফরিদ আহমেদ, জনস হপকিন্স বিশ্ববিদ্যালয়ের সাবেক গবেষক ও বিশ্ববিদ্যালয় শিক্ষক ড. হাসমত সিকদার, মোহাম্মদ তফাদার, আবু সাঈদ মাহফুজ, মঞ্জুরুল আলম, মোহাম্মদ তোফায়েল, রোমান উদ্দিন। বিক্ষোভ মিছিল ও সমাবেশ পরিচালনা করেন মেরিল্যান্ড বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান গবেষক ড. নজরুল ইসলাম। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন মঞ্জুরুল আলম, মোহাম্মদ জাকির হোসেন, মোহাম্মদ তোফায়েল এবং এস এম জাহিদুর রহমান। বিক্ষোভ সমাবেশে বক্তারা বলেন, ভারতের মানুষ বাংলাদেশের সহকারি হাইকমিশনে হামলা, ভাংচুরের মাধ্যমে হীন মন-মানসিকতার পরিচয় দিয়েছে।

ভারতের সকল ষড়যন্ত্র মোকাবেলা করতে বাংলাদেশের সাধারণ মানুষ প্রস্তুত আছে বলেও এই সমাবেশ থেকে জানানো হয়। বক্তারা আরও বলেন, আওয়ামী ফ্যাসিস্ট দলের সদস্যরা ভারতের সাথে ইন্ধন জুগিয়ে ইসকনের নামে বাংলাদেশে অরাজকতা সৃষ্টির চেষ্টা করছে। তাদের সকল ধরনের অপতৎপরতা নস্যাৎ করা হবে। প্রচণ্ড শীত উপেক্ষা করে সমাবেশে অংশ নেওয়ায় সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন আয়োজকরা। উল্লেখ্য গত ২ ডিসেম্বর ভারতের আগরতলায় বাংলাদেশ দূতাবাসে হামলা, ভাংচুর এবং বিক্ষুব্ধ সদস্যরা সহকারী হাইকমিশনের ভেতরে প্রবেশ করে বাংলাদেশের জাতীয় পতাকা নামিয়ে ফেলে এবং সেই পতাকা ছিঁড়ে ফেলে অবমাননা করেছে। পরে ভবনের সামনে থাকা সাইনবোর্ড ভেঙে আগুন ধরিয়ে দেয়া হয়। এই নৈরাজ্যের ঘটনায় তীব্র প্রতিবাদ জানানো হয়।



## সাউথ জার্সিতে আ. লীগের বিজয় দিবস উদযাপন

৬২ পৃষ্ঠার পর

জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। এরপর শেখ মুজিবুর রহমানসহ একাত্তরের সকল শহীদ, জাতীয় চার নেতা ও শহীদ বুদ্ধিজীবী, পনেরো আগস্ট ও একুশে আগস্টের সকল শহীদদের স্মরণে এক মিনিট নীরবতা



পালন করা হয়। আওয়ামী লীগ নেতা মোস্তাফিজুর রহমান-এর সভাপতিত্বে ও শেখ কামাল মজনু-এর সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন বেলাল হোসেন, বেলাল উদ্দীন, আব্দুর রহিম, আবদুল গফুর, রওশন উদ্দীন, পিন্টু রায়, সাংবাদিক আবু নসর, মামুন চৌধুরী, জাহিরুল ইসলাম খোকা, ফারুক তালুকদার প্রমুখ। অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন মাসুম বাউল। বক্তারা নতুন প্রজন্মের মাঝে শেখ মুজিবুর রহমানের আদর্শ ও দর্শন এবং স্বাধীনতার ইতিহাস ও গৌরবগাঁথা তুলে ধরার জন্য অভিভাবকদের প্রতি আহবান জানান।

বক্তারা আওয়ামী লীগসহ মুক্তিযুদ্ধের পক্ষ শক্তির বিরুদ্ধে চলমান ক্র্যাকডাউন বা দমন-পীড়নের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান। তাঁরা এসবের বিরুদ্ধে ইস্পাত কঠিন ঐক্য গড়ে তুলে তা প্রতিহত করার আহ্বান জানান।

## রাহুলের ধাক্কায় বিজেপির দুই এমপি আহত

৬৪ পৃষ্ঠার পর

সেখানে নিবিড় পর্যবেক্ষণ কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন আছেন তারা।

হাসপাতালের মেডিকেল সুপারিনটেনডেন্ট অজয় শুক্লা বলেছেন, 'সারঙ্গির প্রচুর রক্তক্ষরণ হচ্ছিল। তার কপালে গভীরভাবে কেটে গেছে। সেখানে সেলাই দিতে হয়েছে। হাসপাতালে আনার সময় তার রক্তচাপ অনেক বেশি ছিল।'

মুকেশ রাজপুতের বিষয়ে চিকিৎসক অজয় শুক্লা বলেন, 'রাজপুতের মাথায়ও আঘাত লেগেছে। এর পরপরই তিনি জ্ঞান হারিয়ে ফেলেন। তবে হাসপাতালে আনার পর তার জ্ঞান ফিরে আসে। রাজপুতেরও রক্তচাপ বেশি ছিল। দুজনই আইসিইউতে রয়েছেন। আমরা তাদের শারীরিক অবস্থা স্থিতিশীল করার চেষ্টা করছি।'

জানা গেছে, ভারতে সাবেক মন্ত্রী বি আর আম্বেদকারকে অবমাননার অভিযোগের পর এদিন পার্লামেন্ট প্রাঙ্গণে বিরোধীদের সঙ্গে মুখোমুখি অবস্থানে যান এনডিএর সংসদ সদস্যরা। এতে প্রতাপ সারঙ্গি আহত হন। তাকে কংগ্রেস নেতা রাহুল গান্ধী ধাক্কা দিয়েছেন বলে অভিযোগ করেছে বিজেপি। রাহুল গান্ধী এ অভিযোগ অস্বীকার করেছেন। এই হাতাহাতির সময় আহত হন মুকেশ রাজপুতও।



খবর
Weekly Ajkal
আজকাল




## জন্মদিনে ভালোবাসায় সিক্ত আলম

৬৪ পৃষ্ঠার পর

ও অনিক রাজের যৌথ সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বিশিষ্ট ব্যাবসায়ী শাহ নেওয়াজ, কন্ঠশিল্পী রানো নেওয়াজ, রিয়েল্টর নুরুল আজিম, আব্দুর রশিদ বাবু, খায়রুল ইসলাম খোকন, মোস্তাকিম বিল্লাহ, রাবু বিল্লাহ, নায়ক জায়েদ খান, আশরাফুল আলম খোকন, জ্যামাইকায় কমিউনিটি বোর্ড মেম্বার আহসান হাবীব, মোহাম্মেদ খালেক, মাকসুদ এইচ চৌধুরী, শাহ জে চৌধুরী, একেএম ফজলুল হক, মনিরুজ্জামান চৌধুরি, আমিন





মেহেদি বাবু প্রমুখ।

বিশিষ্ট ব্যাবসায়ী শাহ নেওয়াজ জন্মদিনে শুভেচ্ছা জানিয়ে বলেন, আলমগীর খান আলম আমাদের পরিবারেরই একজন। আমরা সবসময় সুখে দুখে পাশে আছি। তার উত্তোরোত্তর সাফল্য কামনা করি।

অনুষ্ঠানে বক্তব্যের মজার ছলে অনেকেই তার কাছে বয়স জানতে চাইলে আলমগীর খান আলম বয়স সবসময় রহস্যময় থাকতে চান জানিয়ে বলেন, আমি সকলের ভালোবাসায় সিক্ত এবং প্রবাসের সকল শুভাকাঙ্ক্ষীদের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি। যারা সবসময় আমার পাশে ছিলেন।

অনুষ্ঠানে প্রবাসী এবং দেশ থেকে ভ্রমণে আসা শিল্পীরা উপস্থিত হয়ে তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। অনুষ্ঠানের শেষের দিকে কেক কাটা হয়। এরপর গান পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় কন্ঠশিল্পী রানো নেওয়াজ, কামরুজ্জামান বকুল, শাহ মাহবুব, রেশমি মির্জা, অন্তর, নাহু আশফ ও অনিক রাজ।

আলমগীর খান আলম ১৯৯৪ সালে যুক্তরাষ্ট্রে পাড়ি জমান এবং বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (বিবিএ)



সিটি ইউনিভার্সিটি থেকে লেখাপড়া শেষ করে বেছে নিয়েছেন সংস্কৃতির জগৎকে। শো টাইম মিউজিক ব্যানারে তৈরি করেন প্রমোটার প্রতিষ্ঠান। প্রবাসে তিনি এনআরবি এওয়ার্ড এবং ডালিউড এওয়ার্ড দিয়ে প্রবাসে দেশের সংস্কৃতিকে তুলে ধরছেন।

এছাড়া ডালিউডের বাইরেও বলিউডেও শো টাইম এবং আলমগীর খান আলমের নাম সমান তালে সমাদৃত।

## নির্বাচনের ঘোষণা ও গুমের তদন্তকে যুক্তরাষ্ট্রের সমর্থন

১ পৃষ্ঠার পর

স্টেট ডিপার্টমেন্টের নিয়মিত ব্রিফিংয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাব দেন উপ-মুখপাত্র বেদান্ত প্যাটেল।

ড. ইউনূস ঘোষিত নির্বাচনের সময় উল্লেখ করে এক সাংবাদিক জানতে চান, বাংলাদেশ সরকার ঘোষণা দিয়েছে- ২০২৫ সালের শেষে অথবা ২০২৬ সালের শুরুর দিকে নির্বাচন হতে পারে। এ বিষয়ে যুক্তরাষ্ট্রের অবস্থান কী?

জবাবে প্যাটেল বলেন, নির্বাচনের প্রস্তুতির জন্য বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের গৃহীত পদক্ষেপগুলোকে স্বাগত জানাই। কেননা শেষ পর্যন্ত তারা বাংলাদেশের জনগণকে ইচ্ছেমতো প্রতিনিধি বাছাইয়ের সুযোগ দেবে। নির্বাচন এমন একটি বিষয় যেক্ষেত্রে আমরা সময়টাকে পর্যবেক্ষণ করছি। অবশ্যই আমরা এই পুরো প্রক্রিয়া চলাকালীন আইনের শাসন এবং গণতান্ত্রিক নীতির প্রতি সম্মানকে উৎসাহিত করতে চাই যেন পরিবর্তন ফলপ্রসূ হয়। পুরো বিশ্বেই শান্তিপূর্ণ উপায়ে অবাধ এবং সুষ্ঠু নির্বাচন আয়োজনের পক্ষে যুক্তরাষ্ট্র।

গুম তদন্ত কমিশনে শেখ হাসিনার সম্পৃক্ততা নিয়ে জানতে চান- নিউইয়র্ক টাইমস বাংলাদেশের গুম তদন্ত কমিশনের একটি অনুসন্ধানী প্রতিবেদন প্রকাশ করেছে। যা বলপূর্বক গুমের বিষয়গুলো তদন্ত করছে। কমিশনের রিপোর্টে সাবেক প্রধানমন্ত্রীর সম্পৃক্ততা উঠে আসছে। যুক্তরাষ্ট্র এর আগে জোরপূর্বক গুমের ঘটনায় জড়িত ব্যক্তিদের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছিল। এই বিষয়ে আপনার কোনো মন্তব্য আছে?

জবাবে প্যাটেল বলেন, গত দুই দশকে শত শত বাংলাদেশিকে জোরপূর্বক গুম করা হয়েছে এমন প্রতিবেদনে আমরা গভীরভাবে উদ্বিগ্ন। জোরপূর্বক গুম গুরুতর মানবাধিকার লঙ্ঘন। কেননা অনির্দিষ্ট কালের জন্য আটক বা নির্খোঁজ রাখলে ভুক্তভোগীরা মানসিক যন্ত্রণায় ভোগেন। তাদের পরিবারও মানসিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। বাংলাদেশের অন্তর্বর্তী সরকার এসব অপরাধ তদন্তে যে পদক্ষেপ গ্রহণ করেছে আমরা তাকে স্বাগত জানাই। ভুক্তভোগী এবং তাদের পরিবারের সদস্যদের জন্য ন্যায়বিচার নিশ্চিত করতে ন্যায্য ও স্বচ্ছ প্রক্রিয়া বাস্তবায়নের আহ্বান জানাই।

অন্য আরেক সাংবাদিক ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে মার্কিন পররাষ্ট্রমন্ত্রীর বাংলাদেশ ইস্যুতে কথা হয়েছে কি না জানতে চেয়েছেন। তিনি জানতে চান, নভেম্বরের শেষের দিকে ইতালিতে জি৭-এর সম্মেলনের সময় অ্যান্টনি ব্লিঙ্কেন এবং ভারতের পররাষ্ট্রমন্ত্রী শ্রী জয়শঙ্করের মধ্যে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। তাদের আলোচনার মৌলিক বিষয় কী ছিল? এছাড়া বাংলাদেশে হিন্দুদের ওপর হামলার বিষয়ে তারা কথা বলেছে কি না?

জবাবে স্টেট ডিপার্টমেন্টের উপ-মুখপাত্র বলেন, ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সঙ্গে আমাদের ঘনিষ্ঠ অংশীদারিত্ব রয়েছে। তাদের সঙ্গে আমাদের নিরাপত্তা সমস্যা, বাণিজ্য সমস্যা, জনগুণ্যার সমস্যা এবং ভিসাসহ নানা ইস্যুতে কথা হয়েছে। আমরা জয়শঙ্করের সঙ্গে সেই বৈঠকের বিবরণটি পাঠ করেছি। তিনি আরও বলেন, ভারতের সঙ্গে প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে মূল অংশীদার ছিল বাইডেন প্রশাসন।

দ্বিতীয় আরেক প্রশ্নে বাংলাদেশে কথিত 'হিন্দু নির্যাতন' নিয়ে যুক্তরাষ্ট্রে ওয়াশিংটন ডিসির সামনে কয়েক হাজার মার্কিন হিন্দুর বিক্ষোভ উল্লেখ করে ওই সাংবাদিক বলেন, কেন আমি বাংলাদেশ ইস্যুটি নিয়ে এসেছি, কারণ হাজার হাজার হিন্দু বাংলাদেশের হিন্দুদের সমর্থনে ওয়াশিংটন ডিসিসহ যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্থানে বিক্ষোভ করছে। গত সপ্তাহেও বিক্ষোভ হয়েছে। ভারত এবং বাংলাদেশেও হয়েছে। যুক্তরাষ্ট্রেও অনেক বাংলাদেশি এই বিক্ষোভে অংশ নিয়েছে। তারা ব্লিঙ্কেনকে এ বিষয়ে হস্তক্ষেপের অনুরোধ জানাচ্ছে। কেননা তিনি ভারতে খুব বিখ্যাত। একই সময়ে বিক্ষোভকারীরা অনুরোধ জানাচ্ছে- আন্তর্জাতিক অপরাধ আদালত বা জাতিসংঘে যেন যুক্তরাষ্ট্র হস্তক্ষেপ করে এবং অপরাধীদের বিচারের আওতায় নিয়ে আসে। যারা যুক্তরাষ্ট্রের ওপর নির্ভর করছে তাদের জন্য কি আপনাদের কোনো বার্তা আছে?

জবাবে প্যাটেল বলেন, ওই অঞ্চল আমাদের জন্য অবশ্যই গুরুত্বপূর্ণ। প্রথমে আমরা নিশ্চিত করতে চাই যে যুক্তরাষ্ট্রের বিক্ষোভগুলো শান্তিপূর্ণভাবে হচ্ছে। কেননা বিক্ষোভ সকল মানুষের মৌলিক অধিকার। আমরা সারা বিশ্বে আমাদের অংশীদারদের সঙ্গে মানবাধিকারের বিষয়ে জোর দিতে থাকব। বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের সঙ্গেও এ বিষয়ে জোর দিয়ে যাব।

## ড. ইউনূসের কি হবে

১ পৃষ্ঠার পর

অনুষ্ঠানে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের যোগদানের সম্ভাবনা নেই বললেই চলে। হোয়াইট হাউস এরিমধ্যে বিভিন্ন দেশের রাষ্ট্র ও সরকার প্রধানদেরকে শপথ অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো শুরু হয়েছে। মুহাম্মদ ইউনূস এখনও আমন্ত্রণ পেয়েছেন কিনা সেটা কেউই নিশ্চিত করছেন না। তাছাড়া, ওই সময়ে সুইজারল্যান্ডের দাভোস নগরে 'ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম'-এর বৈঠকে যোগ দেবেন ড. মুহাম্মদ ইউনূস। তবে ট্রাম্পের শপথে যোগ দিতে পারলে সেখানে নতুন প্রশাসনের সঙ্গে একটা যোগাযোগ সৃষ্টির উপলক্ষ পাওয়া যেতো।

গণঅভ্যুত্থানে শেখ হাসিনার সরকার পতনের পর উচ্চ আদালতের নির্দেশনা মেনে বর্তমান অন্তর্বর্তি সরকার গঠিত হয়েছে। রাজনৈতিক সমঝোতার মাধ্যমে এই সরকার পরিচালিত হচ্ছে। জানুয়ারিতে আরেকটি সমঝোতা প্রতিষ্ঠা করে কবে নির্বাচন হবে তার রোডম্যাপ তৈরী হবে। প্রধান উপদেষ্টা বলেছেন, সামান্য সংস্কার করেই নির্বাচন দিতে হলে ২০২৫ সালের শেষ নাগাদ নির্বাচন অনুষ্ঠান সম্ভব। তবে তার বদলে প্রত্যাশিত সংস্কার করে নির্বাচন দিতে হলে তা ২০২৬ সালের মাঝামাঝি হতে পারে। নির্বাচনের সময় নির্ধারিত হবে জানুয়ারিতে রাজনৈতিক দলগুলোর সঙ্গে প্রধান উপদেষ্টার বৈঠকের পর। কিন্তু প্রশ্ন হলো, নির্বাচনের জন্যে কি আলাদা তত্ত্বাবধায়ক সরকার গঠন হবে নাকি এই সরকারই তত্ত্বাবধায়ক সরকার হিসাবে থাকবে -- এই প্রশ্নের জবাব পেতে হলে জানুয়ারি পর্যন্ত অপেক্ষা করতে হবে। জানুয়ারিতে রাজনৈতিক ঐকমত প্রতিষ্ঠার সংলাপে এই প্রশ্নের জবাব মিলবে বলে আশা করা যায়। আদালতও সম্ভবত এই বিষয়ে একটি দিক নির্দেশনা দিয়ে হাজির হবে।

তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুর্নবহালের প্রশ্নে আদালত কয়েকটি যুক্তিকে বড় করে দেখিয়েছে। হাইকোর্ট মনে করেছে, বাংলাদেশের সংবিধানের চরিত্র হলো গণতান্ত্রিক ব্যবস্থা। কিন্তু তত্ত্বাবধায়ক সরকারের বিধান বিলুপ্ত করায় ২০০৮, ২০১৪ এবং ২০১৮ সালের নির্বাচন প্রশ্নবিদ্ধ হয়েছে। ফলে গণতান্ত্রিক ব্যবস্থা কার্যকর ছিলো না। এটা বাংলাদেশের সংবিধানের মৌলিক চরিত্রকে বিনষ্ট করেছে। রাজনৈতিক দলগুলো তত্ত্বাবধায়ক ব্যবস্থা ফিরে এনে নির্বাচন দেবার নীতিকে সমর্থন করেছে। আগামী নির্বাচনকে ঘিরে আরও নতুন নতুন প্রশ্নের উদ্রেক হচ্ছে। এমন একটি প্রশ্ন হলো, আওয়ামী লীগ ও জাতীয় পার্টি কি আগামী জাতীয় সংসদ নির্বাচনে অংশ নিতে পারবে ? এই প্রশ্নে নবগঠিত নির্বাচন কমিশনের প্রধান নির্বাচন কমিশনার কোনও মন্তব্য না করে বলেছেন, এটি একটি রাজনৈতিক সিদ্ধান্তের বিষয়। অবশ্য রাজনীতি সিদ্ধান্তগ্রহণের প্রধান নিয়ামক হিসাবে থাকছে। এই গুরুত্বপূর্ণ সিদ্ধান্তই হয়তো আগামীর নির্বাচনী রোডম্যাপও নির্ধারন করবে। তবে ট্রাইব্যুনালে যেহেতু শেখ হাসিনাসহ আওয়ামী লীগের শীর্ষস্থানীয় নেতাদের বিচার হচ্ছে বিধায় তারা নির্বাচনে অংশগ্রহণের প্রশ্নে নৈতিক বাধার মুখেও পড়তে পারেন।

এদিকে, গণঅভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া ছাত্ররা নতুন একটি রাজনৈতিক দল গঠন করতে পারে বলে শোনা যাচ্ছে। আগামীতে জাতীয় সরকার গঠিত হলে ছাত্ররা সেই সরকারেও থাকবে বলে মনে করা হচ্ছে। সময়ের সাপেক্ষে অনেক অস্পষ্টতাও কেটে যাবে এমনটাই প্রত্যাশিত।

## এবার হরর থ্রিলার সিনেমায় শাহরুখ!

৪৬ পৃষ্ঠার পর

নতুন মাত্রা যোগ করবে। মেয়েটিক হরর থ্রিলার ঘরানায় একটি নতুন দিগন্ত উন্মোচন করার লক্ষ্য নিয়ে তৈরি হচ্ছে। সূর্যোতদার নিশ্চিত যে শাহরুখ খানের অংশগ্রহণ সিনেমাটিকে আরও উত্তেজনাপূর্ণ এবং দর্শক আকর্ষণীয় করে তুলবে। যদিও শাহরুখ খানের এ সিনেমায় অংশগ্রহণের ব্যাপারে বিস্তারিত তথ্য প্রকাশ করা হয়নি। তবে ভক্তরা খুব আগ্রহ নিয়ে অপেক্ষা করছেন শাহরুখকে নতুন ঘরানার চরিত্রে দেখার জন্য।




## রাজশাহী বিশ্ববিদ্যালয় এলামনাই'র অভিষেক অনুষ্ঠিত

৬৪ পৃষ্ঠার পর

জাকজমকপূর্ণভাবে সম্পন্ন হয়েছে।

বিজয় দিবস ও অভিষেক অনুষ্ঠানের আহ্বায়ক নুরুন্নাহার শিনি ও সদস্য সচিব মোঃ আসাদুজ্জামান, নবনির্বাচিত সভাপতি ফজলুর আলম বাবু , সাধারণ সম্পাদক শাহ আল শফি আনসারীর স্বাগত বক্তব্যের পর নবনির্বাচিত কমিটির শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। শপথ পাঠ করান সংগঠনটির সম্মানিত উপদেষ্টা মুহম্মদ ফজলুর রহমান।

শপথ অনুষ্ঠানের পর সভাপতি ফজলুর আলম বাবুর সভাপতিত্বে সাধারণ সম্পাদক শাহ আল শফি আনসারী ও যুগ্ম



সাধারণ সম্পাদক অনুষ্ঠানটির সদস্য সচিব মোঃ আসাদুজ্জামান অনুষ্ঠান পরিচালনা করেন। বক্তব্য রাখেন খালেদ মুহিউদ্দীন ,একেএম সাইফুল আলম প্রিন্স মুহাম্মদ ফজলুর রহমান, হোসনে আরা বেগম, সৈয়দ আব্দুর রহিম দুদু, আলী হাসান কিবরিয়া অনু, শাহীন খান, সাইদুর রহমান ডন, আহসান উল্লাহ ফিলিপ, এজাজ আহমেদ, আক্তারুর রহমান, মুজাহিদ আনসারী, শাহ মোহাম্মদ বখতিয়ার, ওয়াহিদুজ্জামান চৌধুরী রাকিব, আফলিমা রানা চৌধুরী।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের সভাপতি সাঈদা আক্তার লিলি ,নবনির্বাচিত সাধারণ সম্পাদক মোহাম্মদ রুহুল সরকার , জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন এর সাবেক সভাপতি ও শিল্পী আক্তার আহমেদ রাশা, সভাপতি শামিম আরা বেগম, সাধারণ সম্পাদক তামান্না শবনম পাপড়ি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সভাপতি নিয়ার। এছাড়া উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা সমিতি ইউএসএ ইনকের সভাপতি আশরাফুল আলম, উপদেষ্টা মাসুদুল ইসলাম লিপু, শেখ আল মামুন (মামুন টিউটোরিয়াল), রেদোয়ান রাজ্জাক, ইঞ্জি. আব্দুল খালেক।



MERRY
Christmas
HAPPY NEW YEAR
Quality Changes
Way of Life.....
DISCUSS & INSIGHT
BUSINESS ANALYSIS
BUSINESS DEVELOPING
CREATIVE CONCEPT
MARKETING STRATEGY
CALL ME FOR MORE INFO
+1 929 538 7903
MD. BADRODDUJA SAGAR
PRESIDENT & CEO
ihope print.com
Galaxy media
LUDO MUSIC
Flixza
GO MUSIC
go Flixza
ellexo WWW.ELLEXO.US
go XPRESS
save the smile
169 22 Hillside Ave FL 2 Jamaica NY 11432 | Tel: +1 929 538 7903 Fax: +1 347 829 3286
ihopeprint.com | galaxymediaus.com | flixaglobal.com | goflixa.com | ellexo.us | savethesmile.org

## ইচ্ছের সিঁড়ি বেয়ে আরও একধাপ...

৪৬ পৃষ্ঠার পর

জটিলতার কারণে তখন সরাসরি যেতে পারিনি। এবারই প্রথম সরাসরি জুরির কাজটি করতে পারবো। তাও আবার নিজ দেশের উৎসব।' ২৩তম ঢাকা চলচ্চিত্র উৎসবে 'নারী নির্মাতা' বিভাগে জুরি হিসেবে আজমেরী হক বাঁধনের সঙ্গে আরও থাকছেন লন্ডনপ্রবাসী বাংলাদেশের অভিনেত্রী ও নির্মাতা শিনা গাজী, চিনের মেই পো রেইনবো হং এবং ইরানি অভিনেত্রী হুদা মোগাদ্দাম মালিশ। এর আগে অনলাইনে বসে ব্রাসেলসে অনুষ্ঠিত 'আই অ্যাম ইমরো' চলচ্চিত্র উৎসব এবং ভারতের 'বেঙ্গালুরু চলচ্চিত্র উৎসব'-এ জুরি হিসেবে দায়িত্ব পালনের অভিজ্ঞতা রয়েছে বাঁধনের। বলেন, 'দেশে কাজ থাকায় ২০২৩ সালের নভেম্বরে অনুষ্ঠিত ব্রাসেলসের আই অ্যাম ইমরো ফেস্টিভ্যালে অনলাইনে যুক্ত হয়ে দায়িত্ব পালন করেছিলাম। এ ছাড়া ভিসা না দেওয়ার কারণে ভারতের বেঙ্গালুরু উৎসবে জুরি হিসেবে উপস্থিত হতে পারিনি। ফলে এবারই প্রথম সশরীরে জুরি হিসেবে ফেস্টিভ্যালে থাকতে পারবো। অন্য জুরিদের সঙ্গে পরিচিত হতে পারবো। এটা আমার জন্য আনন্দের বিষয়।' পৃথিবীর যে কোনও চলচ্চিত্র উৎসবের প্রতি বাঁধনের আগ্রহ বেশ। যার শুরুটা হয়েছিল ২০২১ সালে 'রেহানা মরিয়ম নূর'-এর মাধ্যমে ফ্রান্সের কান চলচ্চিত্র উৎসবে সরাসরি অংশ নিয়ে। বাঁধন বলেন, 'কান উৎসব থেকে শুরু করে পৃথিবীর বড় বড় উৎসবে শিল্পী হিসেবে অংশ নিয়েছি। তবে একজন বিচারক হিসেবে ফেস্টিভ্যালে সরাসরি উপস্থিত থাকা, সিনেমা দেখা, সেগুলো বিচার করা খুব চ্যালেঞ্জিং। নতুন নতুন অনেক মানুষের সঙ্গে পরিচয় হবে, এটাও ভীষণ আনন্দের। সব মিলিয়ে আমি সম্মানিতবোধ করছি ঢাকা উৎসবের জুরি হিসেবে মনোনীত হয়ে।' লম্বা সময় নতুন কোনও কাজের খবর না মিললেও বাঁধন সম্প্রতি 'খুফিয়া' ওয়েব সিরিজের জন্য সেরা অভিনেত্রীর পুরস্কার পেয়েছেন।

## নির্ধারিত হলো চ্যাম্পিয়ন্স ট্রফির ভাগ্য

৫২ পৃষ্ঠার পর

সেক্ষেত্রেও আইসিসির কোনো আপত্তি নেই বলে খবর।
ত্রিদেশীয় টুর্নামেন্ট আয়োজিত হলে এশিয়ার কোনো পূর্ণ সদস্য দল যোগ দিতে পারে ভারত-পাকিস্তানের সঙ্গে। চার দলীয় টুর্নামেন্ট আয়োজিত হলে ভারত-পাকিস্তান ছাড়াও এশিয়ার কোনো পূর্ণ সদস্য এবং কোনো সহযোগী দেশ অংশ নিতে পারে সেই টুর্নামেন্টে। এখন দেখার বিষয় যে, ভারত আসন্ন চ্যাম্পিয়ন্স ট্রফির ম্যাচগুলো কোন দেশে খেলে। যদিও এই দৌড়ে সবচেয়ে এগিয়ে সংযুক্ত আরব-আমিরাত তথা শারজাহ-দুবাই।

## র‍্যাংকিংয়ে বড় লাফ হাসান-মেহেদির

৫২ পৃষ্ঠার পর

টি-টোয়েন্টি বোলারদের র‍্যাংকিংয়ে ৪৮তম পজিশনে আছেন পেস বোলার হাসান মাহমুদ। তিনি উইন্ডিজ সফরে প্রথম দুই টি-টোয়েন্টিতে ৩ উইকেট শিকার করেন। টি-টোয়েন্টি বোলারদের র‍্যাংকিংয়ে তিন ধাপ এগিয়ে বাংলাদেশের বোলারদের মধ্যে সবার উপরে আছেন তানজিম আহমেদ। তার অবস্থান ১৮তম।
প্রথম টি-টোয়েন্টিতে বাংলাদেশের জয়ে সবচেয়ে বড় অবদান রাখেন মেহেদি। ক্যারিয়ার সেরা বোলিংয়ে শুধু ১৩ রান দিয়ে ৪ উইকেট নিয়ে এই অফ স্পিনার জেতেন ম্যাচ সেরার পুরস্কার। এই পারফরম্যান্সে র‍্যাংকিংয়ে বড় লাফ দেন তিনি।
টি-টোয়েন্টি ব্যাটসম্যানদের র‍্যাংকিংয়ে আগের মতোই সবার ওপরে অস্ট্রেলিয়ার ট্রাভিস হেড। তালিকায় বাংলাদেশের ব্যাটসম্যানদের মধ্যে সবার ওপরে তাওহিদ হৃদয়; ৬ ধাপ পিছিয়ে যৌথভাবে দক্ষিণ আফ্রিকার ট্রিস্টান স্টাবসের সঙ্গে আছেন ২৯তম স্থানে। ওয়েস্ট ইন্ডিজের জনসন চার্লস ৬ ধাপ এগিয়ে আছেন ১৯ নম্বরে। তার সতীর্থ রোভম্যান পাওয়েলের অগ্রগতি ১০ ধাপ, অবস্থান ২২তম।
পাকিস্তান সিরিজে ভালো করে দক্ষিণ আফ্রিকার রিজা হেনড্রিকস ৬ ধাপ এগিয়ে ঢুকেছেন সেরা দশে, আছেন নবম স্থানে। পাকিস্তানের বাবর আজম এক ধাপ এগিয়ে এখন ষষ্ঠ স্থানে। দলটির তরুণ ওপেনার সাইম আইয়ুব ৪৫ ধাপ উন্নতি করে এখন ৫৮ নম্বরে। টি-টোয়েন্টি অলরাউন্ডার র‍্যাংকিংয়ে শীর্ষে ভারতের হার্দিক পান্ডিয়া।

## ভয়ংকর মাদককাণ্ডে অভিনেত্রীরা

৪৬ পৃষ্ঠার পর

হোয়াটসঅ্যাপ গ্রুপে সাফা, টয়া, তিশা এবং সুনিধি নায়েকের নামে সেভ করা কয়েকটি নম্বর থেকে নিয়মিত মাদকের অর্ডার দেওয়ার প্রমাণ পাওয়া যায়। পরে নম্বরগুলো যাচাইয়ের জন্য কোন নম্বরের রেজিস্ট্রেশন রেকর্ড সংগ্রহ করা হয়। এতে দেখা যায়, সংশ্লিষ্ট নম্বরগুলো সাফা কবির এবং টয়ার নামেই রেজিস্ট্রেশনকৃত। তবে তানজিন তিশার নম্বরটির রেজিস্ট্রেশন রয়েছে তার মা ঊর্মে সালমার নামে।
যুগান্তরের হাতে আসা কয়েকটি চ্যাটিং রেকর্ডে দেখা যায়, ২৩ এপ্রিল সাফা কবির তার মোবাইল নম্বর থেকে ৩টি এমডিএমএ অর্ডার দেন। এজন্য দীপের হোয়াটসঅ্যাপে তিনি সংক্ষেপে লেখেন 'ই' দিতে পারবা আমাকে ৩টা।' পাল্টা বার্তায় দীপ লেখেন দাঁড়াও বলি। সাফা লেখেন 'ওকে'। এরপর দীপ লেখেন কিভাবে নিবা? যাওয়ার পথে? সাফা লেখেন 'আমি চেষ্টা করব।'
এছাড়া ৫ সেপ্টেম্বর আরেক চ্যাটিংয়ে মাদকের অর্ডার দেন অভিনেত্রী টয়া। তিনিও সাংকেতিক ভাষায় লেখেন 'ই' লাগবে ৫টা। ফিরতি বার্তায় দীপ লেখেন 'ফর বাংলা ক্লাব?' (সম্প্রতি কক্সবাজারে অনুষ্ঠিত প্রাইভেট পার্টি)। এরপর টয়া লেখেন 'ইয়াপ (ইয়েস)।'
মাদক বিক্রির এই হোয়াটসঅ্যাপ গ্রুপে আরও কয়েকজন অভিনেত্রী ও সংগীত শিল্পীর চ্যাটিং পাওয়া যায়। এদের অন্যতম হলেন অভিনেত্রী তানজিন তিশা এবং সংগীত শিল্পী সুনিধি নায়েক। চ্যাটিংয়ে সুনিধি নায়েক কয়েকটি ব্র্যান্ডের এমডিএমএর প্যাকেট শেয়ার করে অর্ডার দেন।
নারকোটিক্স বলছে, ভারতীয় নাগরিক সুনিধি নায়েক দীর্ঘদিন ধরে মাদকাসক্ত। বাংলাদেশের নামকরা সংগীত শিল্পী এবং কোক স্টুডিওর অন্যতম উদ্যোক্তা শায়ান চৌধুরী ওরফে অর্ণবকে বিয়ে করে তিনি ঢাকায় স্থায়ীভাবে বসবাস করছেন। তবে সম্প্রতি অর্ণবের সঙ্গে তার বিচ্ছেদ হয়েছে এমন কথা বিভিন্ন মিডিয়ায় শোনা যায়।
তদন্তসংশ্লিষ্টরা জানান, দীপ গ্রেফতারের পরপরই সংশ্লিষ্টদের কেউ কেউ তাদের মোবাইল ফোন থেকে গোপন চ্যাটিং রেকর্ড মুছে ফেলার চেষ্টা করেন। কিন্তু এতে তারা পুরোপুরি সফল হননি। গ্রেফতারের পর তাৎক্ষণিকভাবে দীপের মোবাইল ফোনের ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়। এতে মাদক কেনাবেচাসংক্রান্ত চ্যাটিং রেকর্ড মুছে ফেলা সম্ভব হয়নি।
সূত্র জানায়, বর্তমানে রাজধানীর গুলশান এবং বনানীকেন্দ্রিক ধনাঢ্য পরিবারের সন্তানদের অনেকেই এমডিএম, এলএসডি এবং কুশ নামের উচ্চ আসক্তি সম্পন্ন মাদকের দিকে ঝুঁকছে। চোরাইপথে অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্র, কানাডা এবং থাইল্যান্ডসহ আরও বেশ কয়েকটি দেশ থেকে এসব মাদকের চালান আসছে। স্ন্যাপচ্যাট, মেসেঞ্জার বা হোয়াটসঅ্যাপ গ্রুপে এগুলো বিক্রি করা হয়।
সংশ্লিষ্টরা বলছেন, গোপনীয়তার জন্য বিভিন্ন সাংকেতিক নামে এসব মাদক বিক্রি করা হয়ে থাকে। যেমন এমডিএম 'ই' নামে, এলএসডি 'এসিড' এবং এক ধরনের তরল গাঁজা টিএইসি নামে কেনাবেচা হয়। ইলেকট্রিক সিগারেটের মতো ভেপ আকারে তরল গাঁজা সেবন করা হয়।
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান রাসায়নিক পরীক্ষক দুলাল কৃষ্ণ সাহা যুগান্তরকে বলেন, এমডিএমএ পরীক্ষাগারে তৈরি এক ধরনের কৃত্রিম ওষুধ। এটি অনেক দেশে এক্সটাসি বা সুখানুভূতির মাদক হিসাবে পরিচিত। এটি ইয়াবার উপকরণ মেথাএমফিটামিনের মতোই অতি উত্তেজক মাদক। এটি মানবদেহে এমন একটি শক্তিশালী প্রভাব তৈরি করে যাতে সময় এবং উপলব্ধি জ্ঞানের বিচ্যুতি ঘটে। তবে অনেক সময় এটি শান্তি, আনন্দ, সহমর্মিতা এবং এক ধরনের আত্মবিশ্বাসের বর্ধিত অনুভূতি তৈরি করে।
এদিকে এসব মাদক সেবনের নেতিবাচক দিকও কম নয়। দীর্ঘমেয়াদে এটি মানুষের জীবনের স্বাভাবিক ছন্দ পুরোপুরি বিনষ্ট করে দেয়। এছাড়া ধীরে ধীরে কিডনি ও লিভার নষ্ট হয়ে যায়।
বক্তব্য : মাদক সম্পৃক্ততার অভিযোগ সম্পর্কে বক্তব্য জানার জন্য বুধবার রাতে অভিনেত্রী মুনমুন আহমেদ তিন্নি/টয়ার মোবাইলে কল করা হলে তিনি বলেন, অরিন্দম রায় দীপ নামের কাউকে তিনি চেনেন না। কোনো দিন তার সঙ্গে পরিচয়ও হয়নি। একপর্যায়ে পাল্টা প্রশ্ন রেখে তিনি বলেন, আপনারা আমার বিরুদ্ধে এতবড় গুরুতর অভিযোগ কোথায় পেলেন। আমি অবশ্যই মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কাছে বিষয়টি জানতে চাইব। এছাড়া বক্তব্য জানার জন্য সাফা কবির ও তানজিন তিশার মোবাইলে একাধিকবার ফোন করা হলেও তারা ফোন ধরেননি।

## বাংলাদেশের হয়ে খেলবেন হামজা

৫২ পৃষ্ঠার পর

পেয়েছেন। ফিফার ফুটবল ট্রাইব্যুনালের প্লেয়ার স্ট্যাটাস চেম্বার এ সিদ্ধান্ত জানিয়েছে। ফুটবলার হামজা চৌধুরী নিজেও তার ফেসবুকে দেওয়া এক ভিডিও বার্তায় বলেছেন, 'সব কিছু ঠিকমতো চলছে। বাংলাদেশের হয়ে খেলতে অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি। আশা করছি শিগগিরই দেখা হবে'। হামজা আগেই বাংলাদেশি পাসপোর্ট হাতে পেয়েছেন। গত ২৪ সেপ্টেম্বর ইংল্যান্ড ফুটবল অ্যাসোসিয়েশন (এফএ) তাকে বাংলাদেশের জার্সিতে খেলার ব্যাপারে অনাপত্তিপত্র দেয়। পরের পদক্ষেপ হিসেবে ফিফার প্লেয়ার স্ট্যাটাস কমিটির কাছে আবেদন করে বাফুফে। এই কমিটির কাছ থেকে বুধবার আনুষ্ঠানিকভাবে চিঠি পেয়েছে বাফুফে। এর ফলে আগামী ২৫ মার্চ ভারতের বিপক্ষে এশিয়ান কাপ বাছাইয়ে বাংলাদেশি জার্সি পরে খেলতে আর কোনো আইনত বাধা রইল না ইংলিশ প্রিমিয়ার লিগে লিস্টার সিটির হয়ে খেলা হামজা চৌধুরীর। বাংলাদেশি পরিবার ও নিজের ইচ্ছায় বাংলাদেশ জাতীয় দলের হয়ে খেলতে আগ্রহী ছিলেন এই ইংল্যান্ড প্রবাসী। সে প্রত্যাশা নানা ধাপ পেরিয়ে অবশেষে পূরণ হতে চলেছে। হামজা চৌধুরী এর আগে ইংল্যান্ড যুব দলের হয়ে খেলেছেন। এবার তাকে দেখা যাবে বাংলাদেশ জাতীয় দলের জার্সিতে।

ন্যায্য মূল্যে অল্প সময়ে সর্বোচ্চ মানের সেবা
স্টুডেন্ট, স্পাউস, ডিপেন্ডেন্ট ভিসা,
পাসপোর্ট ও অনলাইন ফরম
ফিলাপের বিশ্বস্ত প্রতিষ্ঠান
আমাদের সেবাসমূহ
- পাসপোর্ট সাইজ ছবি প্রিন্ট
- ফটোকপি
- পাসপোর্ট ফর্ম পূরণ
- যে কোন অনলাইন ফর্ম পূরণ
- নো ভিসা রিকোয়ার্ড (NVR) সেবা
- লিগ্যাল ডকুমেন্ট ড্রাফটিং
- অনুবাদ ও নোটারি
- পাওয়ার অব অর্টনি
- স্টুডেন্ট ভিসা ও ভর্তি পরামর্শ
- সকল ধরণের ভিসা আবেদন সেবা
- EB1 ভিসা, ইমিগ্রেশন, অ্যাসাইলাম (এটর্নি কর্তৃক সহায়তা)
- ডিজিটাল মার্কেটিং
- ওয়েব ডিজাইন ও হোস্টিং সেবা
- এয়ার টিকেটিং
- বিজনেস কার্ড, বার্থডে কার্ড, ওয়েডিং কার্ড, ইনভাইটেশন কার্ড, পোস্টার, ব্যানার ডিজাইন ও ছাপানো হয়।
DURONTO BANGLADESH LLC
দুরন্ত বাংলাদেশ এলএলসিতে স্বাগতম। পাসপোর্ট সাইজ ছবি প্রিন্ট, ফটোকপি, পাসপোর্ট ফর্ম পূরণ, যে কোন অনলাইন ফর্ম পূরণ, EB1 ভিসা, ইমিগ্রেশন, অ্যাসাইলাম এবং যে কোন সমস্যা সমাধানের জন্য আপনার বিশ্বস্ত প্রতিষ্ঠান। আমাদের অফিস বাংলাদেশ কনস্যুলেট অফিসের মাত্র ১৫০ গজ দূরে, অ্যাস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬ এ অবস্থিত। আমরা ভিসা সহায়তা, ডিজিটাল মার্কেটিংসহ বিভিন্ন সেবা প্রদান করে থাকি। আপনি ব্যক্তি/প্রতিষ্ঠান যেই হোন না কেন স্বল্পতম সময়ে, ন্যায্য মূল্যে সর্বোচ্চ মানের কাজ প্রদান করা ও আপনার সন্তুষ্টি আমাদের একমাত্র লক্ষ্য। আপনার সন্তুষ্টিই আমাদের সফলতা ও চলমান বিজ্ঞাপন এবং ভবিষ্যতের পথ চলা...
পাসপোর্ট, নো ভিসা রিকোয়ার্ড, EB1 VISA এর জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমাদের অফিস বাংলাদেশ কনস্যুলেট অফিসের কাছে মাত্র ১৫০ গজ দূরে, অ্যাস্টোরিয়া, নিউইয়র্ক। ১১১০৬
929 708 4213
929 708 5167
347 788 9063
Jalalabad Bhaban
1st Floor, 3607 31st Street, Astoria, NY 11106, USA
info@durontobangladesh.com
www.durontobangladesh.com

MARRIAGE REGISTRY OFFICE
(Certified By City)
MUFTI ABDUL ALIM
Imam: Baitul Ahad Islamic Center Inc
We provide Marriage Services with Islamic Sariah and Issue Marriage Certificate According to New York's Law
107-58 Sutphin Blvd, Jamaica, NY 11435
Contact: 917-463-6918

জ্যাকসন হাইটসে বাংলাদেশীদের দ্বারা পরিচালিত ড্রাইভিং স্কুল
কেন সবাই আমাদের ড্রাইভিং স্কুলে শিখতে চায়
সপ্তাহে ৭ দিনই খোলা
- আমাদের ফি যুক্তিসঙ্গত এবং সেবা অতুলনীয়
- মহিলা পুরুষ ও বয়স্ক সবার প্রতি সমপরিমান যত্ন নিয়ে শিখিয়ে থাকি
- আমাদের সব প্রশিক্ষক NYS Instructor License প্রাপ্ত এবং খুবই ধৈর্যবান।
- আমাদের স্কুলে পাশের হার সবচেয়ে বেশী
- প্রতি দশজনের আটজন আমরা প্রাক্তন ছাত্র/ছাত্রীর রেফারেন্স থেকে পাই
- আপনি যদি আমাদের সেবায় সন্তুষ্ট হন তবে, অন্যজনকে বলুন আর যদি সন্তুষ্ট না হন তবে আমাদেরকে বলুন



অন্য ড্রাইভিং স্কুলের প্রতারনায় বিভ্রান্ত হবেন না। আমাদের প্যাকেজ ডীলে একই মূল্যে পাচ্ছেন পাঁচ ঘন্টার ক্লাসের সার্টিফিকেট যা অন্যখানে পাচ্ছেন না।
৩৩০ ডলারে পাচ্ছেন
★ ৫টি রোড লেসন,
★ রোড টেস্টের দিন গাড়ী
★ পাঁচ ঘন্টার (5 Hours) ক্লাস
★ অতি অল্প মূল্যে গাড়ী ইন্সুরেন্স করে থাকি Defensive Driving Class দেয়া
★ নতুন অটোমেটিক গাড়ী (A/C) সহ
● অত্যন্ত সহজ উপায়ে পার্কিং শিক্ষা
● আপনার সময়ই আমাদের সময়
যোগাযোগ : অভিজ্ঞ ইনস্ট্রাক্টর রহমান 917-378-0353
Full Insured & Licensed by New York State
PUPIL DRIVING SCHOOL
37-16 73rd Street (Suit#201) 2nd Floor, Jackson Heights, NY 11372

কাজী অফিস
(সিটি কর্তৃক রেজিস্ট্রিকৃত)
মুফতি আব্দুল আলীম
ইমাম: বাইতুল আহাদ ইসলামিক সেন্টার ইনক
ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়
১০৭-৫৮ সাটফিন বুলবার্ড, জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫
যোগাযোগ: ৯১৭-৪৬৩-৬৯১৮

## বাংলাদেশ সফরের আমন্ত্রণ জাতিসংঘ মহাসচিবকে

৬২ পৃষ্ঠার পর

২০২৫ সালের বাংলাদেশ সফরের জন্য জাতিসংঘ মহাসচিবকে আমন্ত্রণ জানালে তিনি তা গ্রহণ করেন বলে জানা গেছে। অন্তর্বর্তীকালীন সরকারের নির্দেশে রাষ্ট্রদূতকে দেশে ফিরিয়ে নেওয়া হচ্ছে।

এসময় স্থায়ী প্রতিনিধি জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশনে সর্বসম্মতিক্রমে গৃহীত রেজুলেশনে জাতিসংঘের সদস্য দেশগুলির সিদ্ধান্ত অনুযায়ী ২০২৫ সালের প্রথম প্রান্তিকে রোহিঙ্গাদের ওপর সর্বাত্মক উচ্চ-স্তরের আন্তর্জাতিক সম্মেলনের বিষয়ে আলোচনা করেন। রাষ্ট্রদূত মুহিথ একটি ফলাফল ভিত্তিক সম্মেলন আয়োজনের জন্য মহাসচিবের প্রয়োজনীয় সহযোগিতা চেয়েছিলেন যা সামগ্রিক সংকট পর্যালোচনা করবে।

যাতে স্বেচ্ছায়, নিরাপদে এবং মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনে সংকটের টেকসই সমাধানের জন্য একটি বিস্তৃত এবং সময়সীমার প্রস্তাব দেওয়া যায়। জাতিসংঘের মহাসচিব এ সময় রোহিঙ্গাদের দুর্দশার বিষয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন এবং বাস্তুচ্যুত রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ার জন্য বাংলাদেশের ভূয়সী প্রশংসা করেন। তিনি ২০২৫ সালে উচ্চ পর্যায়ের সম্মেলনের জন্য জাতিসংঘের পূর্ণ সমর্থনের আশ্বাস দেন এবং সংকটের দ্রুত ও টেকসই সমাধানের দিকে সম্মেলনের সাফল্যের উপর জোর দেন।

রাষ্ট্রদূত মুহিত জাতিসংঘের মহাসচিবকে বাংলাদেশে অবাধ, সুষ্ঠু ও বিশ্বাসযোগ্য সাধারণ নির্বাচন অনুষ্ঠানের জন্য জনপ্রশাসন, দুর্নীতি দমন কমিশন, বিচার বিভাগ, পুলিশ, নির্বাচন ব্যবস্থা ও সংবিধানের ক্ষেত্রে বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকার কর্তৃক ছয়টি সংস্কার কমিশন গঠনের বিষয়ে অবহিত করেন।

জাতিসংঘের মহাসচিব জাতিসংঘে বাংলাদেশের স্থায়ি প্রতিনিধি ও রাষ্ট্রদূত মুহিতের অসামান্য অবদানের ভূয়সী প্রশংসা করেন এবং আশা করেন যে, আগামী বছরগুলোতে বহুপাক্ষিকতায় তাঁর দীর্ঘ অভিজ্ঞতা ও দক্ষতা থেকে বাংলাদেশ উপকৃত হবে। জাতিসংঘ মহাসচিব অধ্যাপক মুহম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকারের প্রতি তাঁর পূর্ণ সমর্থনের কথা পুনর্ব্যক্ত করেন। তিনি আশা প্রকাশ করেন যে, জলবায়ু পরিবর্তন, উন্নয়ন, আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা, খাদ্য ও পানি নিরাপত্তাহীনতা ইত্যাদির মতো বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলায় জাতিসংঘ ব্যবস্থায় বহুপাক্ষিকতার প্রসারে বাংলাদেশ তার সক্রিয় ভূমিকা অব্যাহত রাখবে। বিদায়ী সাক্ষাতের সময় জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী মিশন এবং মহাসচিবের নির্বাহী কার্যালয়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## ড. ইউনূসকে খুনি হিসেবে আখ্যায়িত

৬২ পৃষ্ঠার পর

এবার গত ১৬ ডিসেম্বর উপলক্ষ্যে তিনি নিউইয়র্কে বসবাসরত আওয়ামী লীগের নেতাদের সঙ্গে ভিডিও কনফারেন্স করেছেন। ভিডিও কলে শেখ হাসিনা বিভিন্ন নির্দেশনা দেন। নেতা কর্মীরা এ সময় ফোনের সামনে দাঁড়িয়ে ছিলেন। শেখ হাসিনা নিউইয়র্কে দলীয় নেতাকর্মিদের সাথে ভিডিও বার্তায় কথা বলার সময় ড. ইউনূসকে খুনি হিসেবে আখ্যায়িত করেন।

শেখ হাসিনা বলেন, 'ইউনূসের সরকার '৭১ সালের পাকিস্তানী হানাদার বাহিনীর মতো নির্যাতন করছে। ইউনূসের হায়েনার দল জংলি শাসন চালাচ্ছে। আসুন বিজয় দিবসে শপথ নেই, আবার বাংলাদেশে হায়েনাদের পরাজিত করবো। সোনার বাংলাদেশকে মুক্ত করবো।'

নিউইয়র্কে ১৫ ডিসেম্বর রাত সাড়ে ৮টায় শেখ কামাল স্মৃতি পরিষদ আয়োজিত বিজয় দিবসের সমাবেশে শেখ হাসিনা এ সব কথা বলেন। জ্যামাইকার আল আকসা রেষ্টুরেন্টের পার্টি হলে এ সমাবেশের আয়োজন করা হয়েছিল। প্রায় সোয়া ঘণ্টাব্যাপী এই ভিডিও বক্তব্যের সময় মোবাইল ফোনটি ডা. মাসুদুর রহমান মাইক্রোফোনের সামনে ধরেছিলেন। পাশে দাঁড়িয়েছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ সভাপতি ড. সিদ্দিকুর রহমান, সাধারণ সম্পাদক আব্দুল সামাদ আজাদ, আওয়ামী লীগ নেতা আব্দুর রহিম বাদশা, আজমল শাহিন, ফরিদ আলম, ইমদাদ, দরুল মিয়া, মোহাম্মদ হামিদসহ আরও অনেকে।

এ সময় শেখ হাসিনা তার সোয়া ঘন্টার বক্তব্যের ১ ঘণ্টা সময় ধরে '৬৬ এর আন্দোলন থেকে '২৪ সাল পর্যন্ত নানা ঘটনা প্রবাহের ইতিহাস বর্ণনা করেন। নেতাকর্মিরা তা মনোযোগ সহকারে শোনেছেন। নিউইয়র্কই প্রথম সিটি যেখানে শেখ হাসিনা ভিডিও কলে অংশগ্রহণ করলেন।

## অস্কার জয়ের পথে এগিয়ে যারা

৪৬ পৃষ্ঠার পর

প্ল্যানেটওয়াকার, দ্য কুইন্টাসন, সিটি ৩১: জুয়ে জেকার, এ সুইম লেসন, আন্টিল হিজ ব্যাক।

আন্তর্জাতিক ফিচার ফিল্ম বিভাগে ৮৫ দেশের সিনেমা জমা পড়েছিল। সেখান থেকে ১৫টি চলচ্চিত্র ৯৭তম অস্কারের প্রাথমিক তালিকায় স্থান পেয়েছে। তালিকায় আছে ব্রাজিলের আই'ম স্টিল হেয়ার, কানাডার ইউনিভার্সাল ল্যাঙ্গুয়েজ, চেক রিপাবলিকের ওয়েভস, ডেনমার্কের দ্য গার্ল উইথ দ্য নীডল, ফ্রান্সের এমিলিয়া পেরেজ, জার্মানির দ্য সিড অব দ্য সেক্রেড ফিগ, আইসল্যান্ডের টাচ, আয়ারল্যান্ডের নেক্যাপ, ইতালির ভারমিলিও, লাটভিয়ার ফ্লো, নরওয়ের আর্মান্ড, প্যালেস্টাইনের ফ্রম গ্রাউন্ড জিরো, সেনেগালের দাহোমে, থাইল্যান্ডের হাউ টু মেক মিলিয়নস বিফোর গ্র্যান্ডমা ডাইস এবং যুক্তরাজ্যের সান্তোশ।

মেকআপ অ্যান্ড হেয়ারস্টাইলিং বিভাগে ১০টি চলচ্চিত্র প্রাথমিক তালিকায় স্থান পেয়েছে। তালিকাভুক্ত চলচ্চিত্রগুলো হলো দ্য অ্যাপ্রেন্টিস, বিটলজুস বিটলজুস, এ ডিফারেন্ট ম্যান, ডিউন: পার্ট টু, এমিলিয়া পেরেজ, মারিয়া, নসফেরাতু, দ্য সাবস্ট্যান্স, ওয়েল্ডিং উইথ ব্রান্ডো, উইকেড।

২০টি সিনেমা ৯৭ তম অস্কারের মিউজিকের অরিজিনাল স্কোর বিভাগে প্রাথমিক তালিকায় স্থান পেয়েছে। সে তালিকায় আছে এলিয়েন: রোমুলাস, বেবিগার্ল, বিটলজুস বিটলজুস, ব্লিঙ্ক টোয়াইস, চ্যালেঞ্জার্স, দ্য ব্রুটালিস্ট, চ্যালেঞ্জার্স, কনক্লেভ, এমিলিয়া পেরেজ, দ্য ফায়ার ইনসাইড, গ্ল্যাডিয়েটর ৩৩, হ্যারিয়েট: অ্যান আমেরিকান সাগা চ্যাপ্টার ১, ইনসাইড আউট ২, নসফেরাতু, দ্য রুম নেক্সট ডোর, সিং সিং, দ্য সিক্স ট্রিপল এইট, উইকেড, দ্য ওয়াইল্ড রোবট, ইয়ং উমেন অ্যান্ড দ্য সি।

এবার ১৫টি গান অস্কারের অরিজিনাল গান বিভাগে প্রাথমিক তালিকায় স্থান পেয়েছে। তালিকাভুক্ত গানগুলো হলো বেটার ম্যান সিনেমার 'ফরবিডেন রোড', ট্রিস্ট সিনেমার 'উইন্টার কোট', চ্যালেঞ্জার্স সিনেমার 'কমপ্রেস/রিপ্রেস', এলটন জন: নেভার টু লেট সিনেমার 'নেভার টু লেট', এমিলিয়া পেরেজ সিনেমার 'এল মাল' ও 'মি কামিনো', নেক্যাপ সিনেমার 'সিক ইন দ্য হেড', মোয়ানা ২ ছবির 'বিয়ন্ড', মুফাসা: দ্য লায়ন কিং সিনেমার 'টেল মি ইটস ইউ', পিস বাই পিস ছবির 'পিস বাই পিস', সিং সিনেমার 'লাইক আ বার্ড', দ্য সিক্স ট্রিপল এইট সিনেমার 'দ্য জার্নি', টুইস্টার্স সিনেমার 'আউট অফ ওকলাহোমা', দ্য ওয়াইল্ড রোবট সিনেমার 'কিস দ্য স্কাই' ও উইল অ্যান্ড হার্পার সিনেমার 'হার্পার অ্যান্ড উইল গো ওয়েস্ট'।

অ্যানিমেটেড শর্ট ফিল্ম বিভাগে ১৫টি চলচ্চিত্রের জায়গা হয়েছে। সে তালিকায় আছে দ্য রেস্তোরাঁ মন মঁন, এ বেয়ার নেমড ওয়োজটেক, বিউটিফুল ম্যান, বটল জর্জ, আ ক্র্যাব ইন দ্য পুল, ইন দ্য শ্যাডো অফ দ্য সাইপ্রেস, ম্যাজিক ক্যান্ডিজ, ম্যাজি আ লিফরাস্টন, মি, অরিগামি, পারসেনেল, দ্য ২১, ওয়ান্ডার টু ওয়ান্ডার, দ্য ওয়াইল্ড-টেম্পারড ক্ল্যাভিয়ার, ইয়াক! ছবিগুলো।

লাইভ অ্যাকশন শর্ট ফিল্ম বিভাগে প্রাথমিক তালিকার ১৫টি চলচ্চিত্র হয়েছে অনুজা, ক্রোমাহ, দ্য কমপেট্রিয়ট, ক্লাস্ট, ডগকোট, এজ অব স্পেস, দ্য আইস ক্রিম ম্যান, আই'ম নট আ রোবট, দ্য লাস্ট রেঞ্জার, আ লিয়েন, দ্য ম্যান হু কুড নট রিমেইন সাইলেন্ট, দ্য মাস্টারপিস, অ্যান অরেঞ্জ ফ্রম জাফা, প্যারিস ৭০, রুম টেকেন।

সেরা সাউন্ড ব্যবহারের জন্য ১০টি চলচ্চিত্রকে বাছাই করা হয়েছে। সেগুলো হলো - অ্যালিয়েন: রোমুলাস, ব্লিট্জ, আ কমপ্লিট আননোন, ডেডপুল এন্ড উলভেরিন, ডিউন: পার্ট টু, এমিলিয়া পেরেজ, গ্ল্যাডিয়েটর ৩৩, জোকার: ফোলি আ দ্যু, উইকেড, দ্য ওয়াইল্ড রোবট।

সর্বশেষ ভিজ্যুয়াল ইফেক্টস ক্যাটাগরিতে বাছাই করা হয়েছে সেরা ১০টি চলচ্চিত্র। সেগুলো হলো অ্যালিয়েন: রোমুলাস, বেটার ম্যান, সিভিল ওয়ার, ডেডপুল এন্ড উলভেরিন, ডিউন: পার্ট টু, গ্ল্যাডিয়েটর ৩৩, কিংডম অব দ্য প্ল্যানেট অব দ্য অ্যাপস, মুফাসা: দ্য লায়ন কিং, টুইস্টার্স, উইকেড।

খুব শিগগিরই অন্যান্য বিভাগ ও চূড়ান্ত মনোনীতদের নাম প্রকাশ করবে একাডেমি অ্যাওয়ার্ডস কর্তৃপক্ষ। তালিকা থেকে মনোনয়নের জন্য ভোট গ্রহণ হবে ২০২৫ সালের ৮ জানুয়ারি থেকে ১২ জানুয়ারি পর্যন্ত। অফিশিয়াল মনোনীতদের নাম ঘোষণা করা হবে ১৭ জানুয়ারি। একাডেমি পুরস্কার প্রদান অনুষ্ঠানটি হবে ২ মার্চ।

## সেলেনার বাগদানে 'স্তব্ধ' বিবার!

৪৬ পৃষ্ঠার পর

ফেরেননি সে রুটেই, ভিন্ন সম্পর্কে জড়িয়েছেন বারবার। তবে এবার বিবার থিতু হয়েছেন শেষ পর্যন্ত। ২০১৮ সালে বিয়ে করেছেন আমেরিকান মডেল হেইলি বাল্ডউইনকে। তাদের ঘরে রয়েছে একটি সন্তান। অথচ প্রাক্তন প্রেমিকা সেলেনার বাগদানের খবরে নাকি বিবার স্তব্ধ হয়েছেন!

সেলেনা গোমেজের সংগীত প্রযোজক বেনি ব্লাঙ্কোর সঙ্গে তার বাগদানের খবর প্রকাশ করে দারুণ দারুণ সব রোমান্টিক ছবি শেয়ার করেছেন। সেলেনা ভক্তদের ভাষ্যমতে, ইনস্টাতে রীতিমতো আগুন লেগে গেছে।

ঘোষণাটি সেলেনা-ভক্তদের জন্য যতটা আনন্দদায়ক ও উত্তেজনাময়, ঠিক ততটাই বিবার-ভক্তদের হতবাক করেছে। বুঝি, তারা তাদের প্রিয় পপ তারকার প্রতিক্রিয়ার অপেক্ষা করছিলেন।

রাডার অনলাইনের মতে, সেলেনা ও বিবার ২০১০-২০১৮ সাল পর্যন্ত ডেট করেছেন। তাদের চমৎকার একটি সম্পর্ক ছিল। কিন্তু হঠাৎ করেই বিচ্ছেদের ঘোষণা আসে। সেলেনা-বিবারের ভক্তরা কষ্ট পেয়েছিলেন এতে। সেলেনা দীর্ঘ সময় একা ছিলেন। পরবর্তী সময়ে অনেকের সঙ্গে সম্পর্কে জড়ালেও থিতু হননি। অবশেষে বেনি ব্লাঙ্কোতে থিতু হলেন গায়িকা।

অন্যদিকে বিবার একটি সন্তান নিয়ে হেইলির সঙ্গে সুখী সংসার করছেন। তারপরও প্রাক্তনের বিয়ের খবরে নিশ্চয়ই চমকে গেছেন! যদিও খবরটি প্রকাশের পর স্পষ্ট ভাষায় প্রাক্তনকে অভিনন্দন জানাতে পারেননি এখনও। অনেকে যাকে বলতে চাইছেন, 'স্তব্ধ' বা 'বাকরুদ্ধ' হয়ে আছেন বিবার!

তবে সূত্রটি এও বলছে, বিবার যেহেতু বিবাহিত এবং একজন বাবা, তাই সেলেনার বিয়ের খবরে তার প্রকাশ্য প্রতিক্রিয়া না পাওয়াটাই স্বাভাবিক।

বিবারের বয়স মাত্র ৩০। তিনি এখন সম্পর্ক নিয়ে আগের মতো সন্দিহান নন। তিনি সম্পর্কের ক্ষেত্রে বেশি চাপ নিতে বা দিতেও চান না। দিনের শেষে সুখী ও খুশি থাকাই এই পপ তারকার লক্ষ্য। যদিও সেলেনার বাগদানের বিষয়ে এখনও প্রকাশ্যে প্রতিক্রিয়া জানায়নি, তবে বিবারের কাছের মানুষরা মনে করেন, তিনি হয়তো এটা ভেবে খুশি যে তার আর সেলেনার প্রেম নিয়ে এবার কথা বন্ধ হবে।

তবে মজার ব্যাপার যা সবার চোখে পড়েছে, সেলেনার বাগদানের ঘোষণার পরপরই বিবার তার স্ত্রী হেইলির সঙ্গে নিজের একটি ছবি পোস্ট করেন। ছবিতে ক্লোজআপ শটে বিবারকে ক্যাপ পরা অবস্থায় দেখা যাচ্ছে। আর হেইলি তার গালে চুমু খাচ্ছেন। পোস্টটি শেয়ার করে বিবার লিভি ম্যাকঅ্যালপাইনের 'অল মাই ভ্যালেন্টাইন' গানটির কিছু কথা লিখেছেন, যা সবার মনোযোগ আকর্ষণ করেছে। প্রাক্তনের কাছে বিবারের এটি কোনও বিশেষ বার্তার ইঙ্গিত বলে মনে করছেন অনেকে। ভক্তরা অনুমান করছে যে বাগদানের খবরে এটি সেলেনার প্রতি বিবারের পক্ষ থেকে গোপন বার্তা। সূত্র: হিন্দুস্তান টাইমস

KHAIRUL BASHAR LAW OFFICES
basharlaw.com
সবধরনের ইমিগ্রেশন সমাধানে
KHAIRUL BASHAR LAW OFFICES
আমরা যেসব বিষয়ে পরামর্শ দিয়ে থাকি



Khairul Bashar
Attorney At Law
(MBA., LL.M.)

* ফ্যামেলি ইমিগ্রেশন ও সিটিজেনশিপ
* অ্যাসাইলাম ও ডিপোর্টেশন ডিফেন্স
* ওয়েভারস (I-601, I-601A & 1-212)
* বর্ডারে গ্রেপ্তার, ডিটেনশন ও বন্ড
* আপিল ও রিট অব ম্যানডামাস
* U - ভিসা, VAWA & SIJS
* EB-1, EB-2 NIW & EB-3
* বিজনেস ও বিনিয়োগ বিষয়ক ইমিগ্রেশন
* কনস্যুলার প্রসেসিং ও 221 (g) ভিসা রিফিউজাল

718-775-8509
212-464-8620
khairul@basharlaw.com

72-32 Broadway
Suite 301-302
Jackson Heights, NY 11372

1629 K Street NW, Suite 300
Washington, D. C. 20006
Tel: (888) 771- 4529

Admitted in Washington D.C. and Alabama State Bar
Practice Limited to U.S. Immigration & Nationality Law in all 50 States

সাপ্তাহিক আজকাল
বিজ্ঞাপনের মূল্য তালিকা

**বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
**পাত্র/ পাত্রী চাই:** এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
**লোক আবশ্যক:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
**বেবি সিটার:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
**ড্রাইভার:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।

যে কোন তথ্যের জন্য ফোন করুন >> ৬৪৬-২৬৭-৭৭৫১ | ৯১৭-৫১৯-১১৫১

Email: ajkalnews@gmail.com

অত্যন্ত যত্ন সহকারে ড্রাইভিং শিকানো হয়

* Free Pick up and drop off
* 100% পাশের নিশ্চয়তা
* 5hr Certificate
* 6hr Certificate

যোগাযোগ:
914-343-2629 (Nuri)

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য
আজই যোগাযোগ করুন

আমাদের সার্ভিস

নিউ ইয়র্ক ফিল্ম একাডেমী থেকে প্রকাশিত
২০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন কর্মী দ্বারা পরিচালিত
স্বল্প খরচে, দ্রুত ডেলিভারি
বিয়ে, জন্মদিন, বিসিনেস পার্টি, কালচারাল প্রোগ্রাম হাই কোয়ালিটি নিশ্চিত করা হয়

যোগাযোগ: আমাদের সার্ভিস
+১ (৯১৭) ৫১৯ - ১১৫১
amader.services@gmail.com



## সানাই রেস্টুরেন্ট ও পার্টি সেন্টারের উদ্বোধন



৬৪ পৃষ্ঠার পর

কয়েক পদের ভর্তা আইটেম নতুন এ রেস্তোরার খাবারে বিশেষত্ব নিয়ে আসবে বলে অভিমত প্রকাশ করেন আগত অতিথিরা।

সানাই রেস্টুরেন্টের অন্যতম পরিচালক রণজিৎ দেব বলেন, আমাদের রেস্টুরেন্টে ১৪ পদের ভর্তা নিয়মিত পাওয়া যাবে। এছাড়াও সব ধরনের দেশীয় মাছ আমরা অগ্রাধিকার ভিত্তিতে রাখার চেষ্টা করব। আর আমাদের রেস্টুরেন্টের সবগুলো খাবার সম্পূর্ণ হালালভাবে প্রসেস করা হবে। তিনি জানান, রেস্টুরেন্টের পাশাপাশি বেসমেন্টে ২শ মানুষের ধারণ ক্ষমতাসম্পন্ন এবং রেস্টুরেন্টের দ্বিতীয় তলায় ৮০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন পার্টি হল রয়েছে। যে কোনো পার্টি, বিয়ের অনুষ্ঠান, সভা-সমিতির প্রোগ্রামসহ যে কোন আয়োজনে পার্টিহল ভাড়া দেওয়া হবে।



উদ্বোধনী অনুষ্ঠানের পর সরেজমিনে দেখা গেছে, আধুনিক সরঞ্জামে সজ্জিত করা হয়েছে রেস্টুরেন্টটি। পরিষ্কার পরিচ্ছন্নতার দিক থেকেও এগিয়ে রয়েছে। আধুনিক ফিটিংস দিয়ে রেস্টুরেন্টে ছয়টি রেস্টরুম রয়েছে।

পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক
Bangladeshi Foot Specialist
Dr. Sadi Alam
পায়ের কোন সমস্যায় ভুগছেন ?
নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।
We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.
Our Office Locations
01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
Phone: 347-509-4470, Fax: (646) 845-1861
আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।
Call for Appointment

CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING
Sarwar Chaudri, CPA, MBA
ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যান্সিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ
AUTHORIZED IRS e-file PROVIDER
tax refund
Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution
Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)
JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com
BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

Amader Service.com
Your Trusted Service Partner

আমাদের সেবাসমূহ

ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী

হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা

অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমডি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিসট্যান্ট
৬. হোম কেয়ার

এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।

Get all services you need in one place from professional expart, at home!

এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।

GET IT ON Google Play | Download on the App Store

CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com



বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।

Md. Alamgir Hossain
Associate Broker

75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com

মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২



প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com



REAL ESTATE, DIVORCE, IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা, ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয় অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

Hasan Malik, Esq.
718-433-9243

37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING

# ভয়ংকর মাদককাণ্ডে অভিনেত্রীরা

## যেসব নেশায় আসক্ত তিশা টয়া সাফা ও সুনিধি






আজকাল বিনোদন

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী অরিন্দম রায় দীপ। মাদক সম্পৃক্ততার অভিযোগে গত ১৭ অক্টোবর ঢাকা বিমানবন্দরে গ্রেফতার হন তিনি। একটি বিশেষ হোয়াটসঅ্যাপ গ্রুপের মাধ্যমে তিনি নিয়মিত মাদক বিক্রি করে আসছেন। দীপের হোয়াটসঅ্যাপ গ্রুপে নাট্যাঙ্গনের জনপ্রিয় মুখ আনাতোনি কেলি সাফা ওরফে সাফা কবির, মুমতাহিনা চৌধুরী ওরফে টয়া, তানজিন তিশা এবং সংগীত শিল্পী সুনিধি নায়েকের নামে সেভ করা কয়েকটি নম্বর থেকে নিয়মিত মাদকের অর্ডার দেওয়ার অকাট্য প্রমাণ পাওয়া গেছে। তারা সিসা, এমডিএমএ, এলএসডি ও কুসসহ বেশ কিছু মাদক গ্রহণ করেন বলে জানা যায়। মাদক সম্পৃক্ততা ঘিরে বিশেষ অনুসন্ধান চালাচ্ছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (নারকোটিক্স)। ইতোমধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উচ্চপর্যায়ে এ বিষয়ে প্রতিবেদন পাঠানো হয়েছে।

ঘটনা প্রসঙ্গে জানতে চাইলে মামলার তদন্ত কর্মকর্তা নারকোটিক্সের সহকারী পরিচালক রাহুল সেন বলেন, দীপকে গ্রেফতারের পর তার কাছ থেকে আমরা কয়েকজন প্রথম সারির অভিনেত্রী ও মডেলের মাদক সম্পৃক্ততার প্রমাণ পেয়েছি। এ বিষয়ে এখনও তদন্ত চলছে। তদন্ত শেষে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

নারকোটিক্স বলছে, মাদক সম্পৃক্ততার অভিযোগে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের সাবেক ছাত্র দীপের ওপর বিশেষ নজরদারি করা হয়। দীর্ঘদিন ধরে তার গতিবিধি অনুসরণের ধারাবাহিকতায় ১৭ অক্টোবর ঢাকা বিমানবন্দরে গ্রেফতার হন দীপ। এ সময় তার কাছ থেকে বিপুল পরিমাণ সিসা, এমডিএমএ, এলএসডি ও কুসসহ বেশ কিছু মাদক উদ্ধার করা হয়। পরে নারকোটিক্সের একটি বিশেষায়িত টিম দীপকে ২ দিনের রিমান্ডে রেখে জিজ্ঞাসাবাদ করে।

তদন্তসংশ্লিষ্টরা জানান, মাদক ব্যবসার বিষয়ে মৌখিক স্বীকারোক্তির একপর্যায়ে দীপের মোবাইল ফোনের কললিস্ট ও হোয়াটসঅ্যাপ চ্যাটিং পরীক্ষা করা হয়। এতে জনপ্রিয় কয়েকজন অভিনেত্রীর মাদক সম্পৃক্ততার তথ্য মেলে। এমনকি তাদের পক্ষ থেকে দেওয়া মাদকের অর্ডারসংক্রান্ত কয়েকটি সুনির্দিষ্ট হোয়াটসঅ্যাপ চ্যাটিং রেকর্ডও পাওয়া যায়। এক কর্মকর্তা বলেন, দীপের এরপর ৪২ পৃষ্ঠায়



## ইচ্ছের সিঁড়ি বেয়ে আরও একধাপ...

আজকাল বিনোদন

বলা যেতে পারে অভিনেত্রী আজমেরী হক বাঁধনের পুনর্জন্ম ঘটে চলচ্চিত্র উৎসব থেকে। বিশেষ করে কান চলচ্চিত্র উৎসবের মাধ্যমে তার বৈশ্বিক যাত্রা ঘটে। এরপর 'রেহানা মরিয়ম নূর' সুবাদে তিনি বিশ্বের নানা প্রান্তের উৎসবে ছুটে চলেন অভিনেত্রী হিসেবে।

তিনি বরাবরই বলেন, এ ধরনের উৎসবগুলো তাকে সব সময় টানে। কারণ, এতে গোটা বিশ্বের নানান মানুষ ও সিনেমার সঙ্গে তিনি পরিচিত হতে পারেন।

এবার সেই ইচ্ছের সিঁড়ি বেয়ে আরও একধাপ ওপরে উঠলেন অভিনেত্রী। নিজ দেশের সবচেয়ে বড় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের অন্যতম জুরি বা বিচারক হিসেবে নিজের নামটি লেখাতে পেরেছেন।

